আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

শুভেচ্ছা

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বাংলা পত্রিকার সকল পাঠক, বিজ্ঞাপনদাতা ও শুভানুধায়ীদের প্রতি রইল ঈদের শুভেচ্ছা। -সম্পাদক

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ৩৩ || সোমবার || বৈশাখ ২৬ || ১৪২৮ || রমাদান ২৮ || ১৪৪২ || Vol. 25 || Issue 33 || 10 May || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

যুক্তরাষ্ট্রে হু হু করে বাড়ছে গ্যাস-তেল-চাল-ডাল সহ নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম

স্বল্প আয়ের জনগোষ্ঠীতে উৎকণ্ঠা

রওশন হক: যুক্তরাষ্ট্রে দ্রব্যমূল্য হু হু করে বাড়ছে। মূল্যবৃদ্ধির এমন ধারা অব্যাহত থাকলে ভিন্ন সংকটের দিকে যাচ্ছে দেশটির ভবিষ্যৎ, এমন আশঙ্কা প্রবল হয়ে উঠছে। শতাব্দীর ভয়াবহতম মহামারী এবং নাগরিক সযোগিতার জের ধরে বাজার ক্রমশ নিয়ন্ত্রনহীন হয়ে পড়ছে। মধ্যবিত্তকে শক্তিশালী করার জন্য প্রেসিডেন্ট জো বাইডেন তাঁা প্রতিশ্রুতি ঘোষনা করেছিলেন। পরিস্থিতির চাপ এখন মধ্যবিত্তের উপরই সবচেয়ে বেশী নেমে এসেছে বলে মনে করা হচ্ছে। বার্তা সংস্থা সিএনন আমেরিকায় দ্রব্যমূল্যের উর্ধগতি নিয়ে বিস্তারিত প্রতিবেদন প্রকাশ করেছে। ৯ মে রোববার প্রকাশিত এ প্রতিবেদনে বলা হয়েছে যেখানেই চোখ পড়ছে, সেখানেই মূল্যবৃদ্ধির চিত্র দেখা যাচ্ছে। কোন কোন দ্রব্যের মূল্যবৃদ্ধি ঘটছে আন্তর্জাতিক পরিস্থিতির কারণে। কোভিড মহ-ামারী বৈশ্বিক অর্থনিতিকে মারাত্মক চাপে ফেলেছে। সর্বত্রই একটা ত্রাহি অবস্থা বিরাজ করছে। যুক্তরাষ্ট্রে গৃহ নির্মাণের জন্য (বাকি অংশ ১১ পাতায়)

টাকওয়ালারা করোনায় আক্রান্ত হন বেশি: গবেষণা

বাংলা পত্রিকা ডেস্ক: টাকমাথার পুরুষরা চুলওয়ালা পুরুষের চেয়ে আড়াইগুণ বেশি করোনায় আক্রান্ত হওয়ার ঝুঁকিতে থাকেন বলে সতর্ক (বাকি অংশ ১৫ পাতায়)



চার গুণ বেশি শরণার্থী গ্রহণের ঘোষণা বাইডেনের

বাংলা পত্রিকা ডেস্ক: চলতি বছর যুক্তরাষ্ট্রে ৬২ হাজার ৫০০ শরণার্থী নেওয়ার ঘোষণা দিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। শুরুতে ডোনাল্ড ট্রাম্পের বেঁধে দেওয়া ১৫ হাজার শরণার্থীর সীমা বহাল রাখার সিদ্ধান্ত ১৫ দিয়েছিলেন তিনি। পরে নিজ দলের নেতা ও শরণার্থী অধিকার সংগঠনগুলোর সমালোচনার মুখে সিদ্ধান্ত পরিবর্তন করেন। (বাকি অংশ ১৫ পাতায়)

বিল গেটস-মেলিন্ডার বিচ্ছেদ
দায়ী চীনা সুন্দরী!

বাংলা পত্রিকা ডেস্ক: মাইক্রোসফটের সহপ্রতিষ্ঠাতা বিল গেটস ও মেলিন্ডা গেটস দম্পতির ২৭ বছরের সংসার (বাকি অংশ ১৫ পাতায়)



একটি ইনজেকশনের দাম ১৬ কোটি রুপি, একটি স্বপ্ন পূরণের গল্প

বাংলা পত্রিকা ডেস্ক: মাত্র একটি ইনজেকশনের দাম ১৬ কোটি রুপি। এই একটি ইনজেকশন হয়তো ভারতের আহমেদাবাদের ৫ মাস বয়সী শিশু ধাইর্যাজসিংহ রাঠোরকে পৃথিবীতে বেঁচে থাকার শক্তি যোগাতে পারে। (বাকি অংশ ১৫ পাতায়



খালেদা জিয়া বিদেশে যেতে পারবেন না

ঢাকা ডেস্ক: বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে নিতে সরকারের অনুমতি পায়নি তাঁর পরিবার। আইন মন্ত্রণালয়ের মতামতের (বাকি অংশ ১৫ পাতায়)



স্কটল্যান্ড পার্লামেন্টে প্রথম বাংলাদেশী ফয়ছল চৌধুরী

বাংলা পত্রিকা ডেস্ক: এই প্রথম একজন বাংলাদেশী বংশোদ্ভূত স্কটিশ পার্লামেন্টে সদস্য নির্বাচিত হয়েছেন। স্কটিশ লেবার পার্টি (বাকি অংশ ১৫ পাতায়)

লাইফ সাপোর্ট খুলে নেওয়া হলো নাশিদের, গ্রেপ্তার ২

বাংলা পত্রিকা ডেস্ক: বোমা হামলায় গুরুতর আহত মালদ্বীপের সাবেক প্রেসিডেন্ট মোহাম্মদ নাশিদের শারীরিক অবস্থার উন্নতি হয়েছে। তাঁর জ্ঞান (বাকি অংশ ১৫ পাতায়)

বিশ্বে করোনা আক্রান্তের সংখ্যা ১৫ কোটি ৮৩ লাখ

বাংলা পত্রিকা ডেস্ক: বিশ্বজুড়ে প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্তের সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে মৃতের সংখ্যাও। এখন পর্যন্ত সারা বিশ্বে করোনায় (বাকি অংশ ১৫ পাতায়)

নিউইয়র্কের সেহরি ও ইফতার সময়

			সেহরি শেষ	ইফতার
১০	মে	২৮ রমাদান	৪.০৯	৮.০১
১১	মে	২৯ রমাদান	৪.০৮	৮.০২
১২	মে	৩০ রমাদান	৪.০৬	৮.০৩



তসলিমা নাসরিন করোনায় আক্রান্ত

বাংলা পত্রিকা ডেস্কঃ অনেকদিন ধরেই সোশ্যাল সাইটে তার সরব পদচারণা ছিল না। ভক্তরা চি-ন্তিত ছিলেন প্রখ্যাত এই লেখিকাকে নিয়ে। কারণ যে কোনো ইস্যুতেই সোশ্যাল মিডিয়ায় তিনি নিজের (বাকি অংশ ১৫ পাতায়)

www.banglapatrikausa.com

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
BASE NO. B03152
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801
Email: apollobrokerageinc@gmail.com exitluxuryinc@gmail.com Website: www.exitluxuryinc.com

QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
BI Developer with Power BI & SQL Server
We provide guaranteed job assistance
No IT experience required
Interactive courses
Weekend classes
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company
NY (929) 601-8565 NY (347) 658-9284
167-11 Hillside Avenue # 2a, Jamaica, NY 11434
admin@qateksolutions.com www.qateksolutions.com

CENTURY 21 AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
Ferdous Khan
Real Estate Licensed
Sales Assoricate
76-26 Broadway,
Elmhurst, NY 11373

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
বাক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
আমরা IATA আমরা ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
সুপার সেল $৬৪৯+
Phone: 917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(নিম্নাঙ্কিত সেখুন ৯ পাতায়)
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES
LOVE WITH CARE IS HUMANITY"
বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday // May 10 // 2021

চট্টগ্রাম সমিতির নির্বাচন-২০২১

সংশোধিত তফসীল ও আচরণবিধি প্রকাশ

বাংলা পত্রিকা ডেস্ক: চট্টগ্রাম সমিতি উত্তর আমেরিকা ইনক এর সদস্য ও সদস্যাবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল পক্ষের জোরালো আবেদনের পরিপ্রেক্ষিতে এবং গ্রীষ্মের ছুটি জনিত কারণে পরিবার-স্বজন নিয়ে চট্টগ্রাম ভ্রমণ পরিকল্পনার জন্য নির্বাচন ত্বরান্বিত করার সিদ্ধান্ত গ্রহণ করে নির্বাচন কমিশন গত ৬ জুন রোববার ২০২১ সনের পরিবর্তে আগামী ২৯ মে শনিবার নতুন তারিখ ঘোষণার সিদ্ধান্ত গ্রহণ করে। প্রধান নির্বাচন কমিশনার শাহজাহান মাহমুদ জানান, একটি সুন্দর, সুষ্ঠু এবং সবার নিকট গ্রহণযোগ্য নির্বাচন উপহার (বাকি অংশ ০৮ পাতায়)



‘নয়ন-আলী’ প্যানেলের ইফতার পার্টি

নির্বাচনের দিন-তারিখ ঘোষণার দাবী

নিউইয়র্ক (ইউএনএ): বাংলাদেশ সোসাইটির নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ‘নয়ন-আলী’ প্যানেলের ইফতার পার্টিতে সোসাইটির নির্বাচনের দিন-তারিখ ঘোষণার দাবী করা হয়েছে। অনুষ্ঠানে সংশ্লিষ্টরা বলেন, নির্বাচন হবে কি হবে না, সে ব্যাপারে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত জানানো হচ্ছে না। বক্তারা বলেন, করোনা পরিস্থিতির উন্নতি হচ্ছে। নির্বাচন কমিশন নতুন করে নির্বাচনের দিন-তারিখ নির্ধারণ করে সবাইকে জানাতে পারেন। আমরাও স্বস্তি পাই। খবর ইউএনএ’র।

পবিত্র রমজান উপলক্ষ্যে গত ৬ মে বৃহস্পতিবার কুইন্সের পার্সন্স বুলেভার্ডস্থ হালাল ডাইনার রেষ্টুরেন্টে আয়োজিত ইফতার পার্টিতে সভাপতিত্ব করেন ‘নয়ন-আলী’ প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আবু নাসের। এতে বিশেষ অতিথি ছিলেন ষ্টেট অ্যাসেম্বীওম্যান জেনিফার রাজকুমার। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন আইটিভি ইউএসএ’র সিইও মাওলানা মুহাম্মদ শহীদুল্লাহ। প্যানেলটি থেকে সভাপতি পদপ্রার্থী কাজী আশরাফ হোসেন নয়ন সহ অন্যান্যের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন সোসাটির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহীম হাওলাদার, সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ হোসেন খান, ফখরুল আলম ও রাব্বী মোহাম্মদ খোকন, সাবেক এমপি শহীদুর রহমান, ‘নয়ন-আলী’ প্যানেলের উপদেষ্টা আলী ইমাম, জালালাবাদ এসোসিয়েসন অব আমেরিকা’র সাবেক সভাপতি বদররুল খান, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সভাপতি ডা. আব্দুল লতিফ, সোসাইটির সাবেক সহ সভাপতি ফারুক হোসেন মজুমদার, করোনায় আক্রান্ত সোসাইটির সাবেক সহ সভাপতি কাজী আজহারুল হক মিলনের পুত্র কাজী জালাল। অনুষ্ঠান পরিচালনা করেন ‘নয়ন-আলী’ প্যানেলের সাধারণ সম্পাদক পদপ্রার্থী ও সোসাইটির কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী।

অনুষ্ঠানে কাজী আশরাফ হোসেন নয়ন বলেন, করোনা পরিস্থিতির উন্নতি ঘটছে। আমরা নির্বাচন চাচ্ছি। কিন্তু নির্বাচন কমিশন কেনো যে, নির্বাচনের ব্যাপাওে কথা বলছেন না তা বুঝতে পারছি না। এখন নির্বাচন হওয়ার পরিবেশ না থাকলেও কবে নির্বাচন হবে, তা তো নির্বাচন কমিশন জানাতে পারে।

আব্দুর রহীম হাওলাদার বলেন, নির্বাচন না হওয়া বা বিলম্ব হওয়ার জন্য সোসাইটির আমরা কেউ দায়ী নই। আমরা নির্বাচন কমিশন (বাকি অংশ ০৮ পাতায়)





ঈদ উদযাপন করুন বাড়িতে যেন COVID-19 ছড়িয়ে পড়া বন্ধ থাকে

- আপনাদের জমায়েত সীমিত রাখুন এবং শুধু পরিবারের সদস্যদের সাথে ঈদ-উল-ফিতর উদযাপন করুন।
- দলবদ্ধভাবে জমায়েত হলে, বয়স্ক ও দুর্বলদের রক্ষা করতে মুখে একটি আঁটসাঁট আবরণ পরুন।
- কোন গ্রুপগুলো বর্তমানে টিকা পাওয়ার যোগ্য, তা সহ **COVID-19** টিকাসমূহ সম্পর্কে আরো জানুন।

ঈদ মুবারাক!

আরো তথ্যের জন্য, **nyc.gov/health/coronavirus** দেখুন।

আপনি যদি একটি COVID-19 টিকা পাওয়ার যোগ্য হন, **877-829-4692** নম্বরে ফোন করে অথবা **nyc.gov/vaccinefinder** এ গিয়ে আপনার অ্যাপয়েন্টমেন্ট নিন।

NYC Health

Bill de Blasio
মেয়র

Dave A. Chokshi, MD, MSc
কমিশনার

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে গ্রাহক ও শুভ্যানুধ্যায়ীদের শুভেচ্ছা

হাজী তাহির আলী ফাউন্ডেশন

মানবতার সেবায় আমরা

ফাতেমা ব্রাদার্স গ্রুপ



প্রবাসে থেকেও দেশীয় পণ্যের পরিপূর্ণ স্বাদ নিন

ফাতেমা ব্রাদার্স ইনক

বাংলাদেশ সহ সাউথ এশিয়ান পণ্য সামগ্রীর সর্ববৃহৎ সরবরাহকারী

56-01 56TH DRIVE
MASPETH. NY 11378
TEL" 347-639-1426

জ্যামাইকায় গ্রোসারী জগতে এক ঐতিহ্যবাহী নাম

ফাতেমা গ্রোসারী এন্ড হালাল মিট

একটি পরিপূর্ণ গ্রোসারী ও গৃহস্থালী সামগ্রীর সেরা প্রতিষ্ঠান

167-11 HILLSIDE AVE
JAMAICA. NY 11432
TEL: 718-291-9642

আল হামরা কালেকশন

অধুনিক পোষাকের সেরা প্রতিষ্ঠান

167-13 HILLSIDE AVE
JAMAICA. NY 11432
TEL: 718-291-0169

হিলসাইড ফেব্রিক্স

রকমারী ডিজাইনের ফেব্রিক্সে সেরা প্রতিষ্ঠান

167-03 HILLSIDE AVE
JAMAICA. NY 11432
TEL: 718-291-4241

ফাতেমা ট্রাভেলস এন্ড সার্ভিসেস

আপনার ভ্রমণ হোক নির্ভরতার

167-11 HILLSIDE AVE. 2ND FL
JAMAICA. NY 11432
TEL: 718-480-3313

সকলের সহযোগিতায় প্রবাসে গড়ে উঠুক শক্তিশালী বাংলাদেশী কমিউনিটি

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

পবিত্র ঈদুল ফিতর সুদৃঢ় হোক সম্প্রীতির বন্ধন

দীর্ঘ এক মাসের সিয়াম সাধনার পর ঘরে ঘরে আনন্দ ও খুশির বার্তা পৌঁছে দিতে আবার এসেছে ঈদুল ফিতর। শাওয়াল মাসের চাঁদ দেখা গেলেই চারদিকে বেজে উঠবে 'ও মন রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ'। বলার অপেক্ষা রাখে না, পবিত্র রমজান মাসে মুসলিম বিশ্বের ধনী-দরিদ্র নির্বিশেষে সিয়াম সাধনার মধ্য দিয়ে অন্যের দুঃখ-বেদনার অংশীদার হওয়ার দীক্ষা গ্রহণ করে। আর রমজানের শুরু থেকেই পবিত্র ঈদুল ফিতরে এই দিনটির জন্য মুসলিম বিশ্ব অপেক্ষা করে থাকে প্রবলভাবে। সারা বিশ্বেই মুসলিম সমাজে এ দিনটি বিশেষ আনন্দঘন পরিবেশে উদযাপন করা হয়। বিশ্বের মুসলিম সমাজকে ঐক্যের পথে, কল্যাণের পথে ত্যাগ ও তিতিক্ষার মূলমন্ত্রে দীক্ষিত করে ঈদুল ফিতর। এবারো পবিত্র ঈদুল ফিতরের আগমনী বার্তা ইতোমধ্যে পৌঁছে গেছে দেশ-বিদেশের প্রতিটি মুসলমানের ঘরে। ধ্বনিত হচ্ছে হৃদয়ের গভীরে। ঈদ সবার জন্য। যে যেখানে আছেন সেখানেই ঈদ তার জন্য হয়ে উঠুক আনন্দের, এমনটি প্রত্যাশিত। কিন্তু মনে রাখতে হবে যে, করোনা মহামারী এখনো বিশ্ববাসীকে আষ্টে-পৃষ্টে আক্রমণ করেই চলেছে। গত বছরের মতো এবছরও হাজার হাজার মানুষ মৃত্যুবরণ করছে। তাই করোনার ছোবল মাথায় রেখেই মুসলিম কমিউনিটিতে ঈদ পালন করতে হবে।

ইসলাম মতে, ঈদ আসে ইবাদত ও মানবতার কল্যাণের বার্তা নিয়ে। ঈদের আগের রমজান মাসটি হচ্ছে সংযম ও প্রশিক্ষণের। ফিতরা প্রদান, জাকাত আদায় ও ঈদের নামাজের ভেতর দিয়ে এক অপরিসীম আনন্দময় বন্ধনে আবদ্ধ হওয়ার দিন হলো ঈদুল ফিতর। বন্ধুত্ব, ভ্রাতৃত্ব ও সহমর্মিতা প্রদর্শনের জন্য রমজানের শিক্ষা অপরিহার্য। আর ঈদুল ফিতর আমাদের মূলত সেই বন্ধুত্ব ও ভ্রাতৃত্বের শিক্ষাই দেয়। ঈদ তখনই তাৎপর্যময় হয়ে ওঠে যখন তা একটি সর্বজনীন রূপ নেয়। ঈদের আনন্দ সবার সঙ্গে ভাগ করে নিতে হয়। এখানে যেমন ধনী-গরিবের ভেদাভেদ নেই, তেমন ছোট-বড় সবার সঙ্গে ঈদের আনন্দ ভাগাভাগি করে নেয়ার ভেতর দিয়েই ঈদের আনন্দ পূর্ণতা পায়। তাই সচ্ছল ব্যক্তিদেরও দায়িত্ব বঞ্চিতদের পাশে দাঁড়িয়ে তাদের ঈদকে আনন্দময় করে তুলতে সহযোগিতা করা। আমরা এমন প্রত্যাশাই জারি রাখতে চাই, যেন দীর্ঘ এক মাস সিয়াম সাধনার মধ্য দিয়ে যে সংযমের শিক্ষা অর্জিত হলো, তা ঈদের মাধ্যমে পূর্ণতা পায়; ঈদের এ আনন্দকে সঙ্গী করে বাকি সময় পথচলায় সহায়ক হয়।

আর একটা কথা না বললেই নয়। বাংলাদেশের রাজনীতিতে যে পরিস্থিতি বিরাজ করছে তাতে পবিত্র রমজান মাসের সিয়াম সাধনা থেকে আমাদের নেতা-নেত্রীরা কি শিক্ষা নিলেন বা পেলেন তাও ভাবনার অবকাশ রয়েছে। সেই প্রেক্ষাপটে বাংলাদেশের ক্ষমতাসীন সরকার পবিত্র রমজানের সিয়াম সাধনার আলোকে দেশে সৌহার্দ্য-সম্প্রীতির রাজনীতি প্রতিষ্ঠায় অগ্রনী ভূমিকা পালন করবে এটাই আমাদের প্রত্যাশা।

সর্বোপরি বাংলাদেশের মুসলমান তথা সারা বিশ্বের মুসলমানের জন্য ঈদ বয়ে আনুক অপার আনন্দ আর হৃদয়ের উচ্ছ্বাসে পূর্ণ হোক দীর্ঘ অপেক্ষার প্রহর, এমনটাই আমাদের চাওয়া। ইসলাম শান্তি এবং সাম্যের ধর্ম, ইসলাম বৈষম্য সমর্থন করে না। ফলে এ শিক্ষা জীবনকে আলোকিত করুক এবং ঈদ সামনে রেখে সবার মধ্যে এ চেতনা সুদৃঢ় হোক। সবাই ভুলে যাক হিংসা-বিদ্বেষ। ভ্রাতৃত্বের বন্ধন হোক গাঢ়। আমাদের ঘরে ঘরে ফিরে আসুক শান্তি ও সমৃদ্ধি। রমজান যে চিত্তশুদ্ধির শিক্ষা দিয়েছে, ঈদুল ফিতরের দিনে সে শিক্ষাই আলোকিত করুক চারপাশ। যেন মানুষে মানুষের সম্প্রীতির বন্ধন আরো সুদৃঢ় হয়। করোনামুক্ত হোক বিশ্ববাসী।

সবাইকে ঈদের শুভেচ্ছা। ঈদ মোবারক।

ঈদুল ফিতর : তার গুরুত্ব ও তাৎপর্য

ড. মোহা. এমরান হোসেন

ঈদ আরবী শব্দ। এটি 'আওদ' শব্দমূল থেকে উদ্ভূত। এর আভিধানিক অর্থ হল ফিরে আসা, প্রত্যাবর্তন করা, বার বার আসা। মুসলমানদের জীবনে চান্দ্র বৎসরের নির্দিষ্ট তারিখে প্রতি বছরই দুটি উৎসবের দিন ফিরে আসে। তাই দিন দুটিকে ঈদ বলা হয়। ফিতর শব্দের অর্থ হলো ভেঙ্গে ফেলা, বিদীর্ণ করা। মুসলমানরা রমজানের চাঁদ দেখার সাথে সাথে রোজা রাখা আরম্ভ করে এবং শাওয়ালের চাঁদ দেখার সাথে সাথে রোজা ভেঙ্গে দেয় তথা রোজা রাখা ছেড়ে দেয়। সে কারণে এটিকে ঈদুল ফিতর তথা রোজা ভাঙ্গার আনন্দ বলা হয়।

ঈদুল ফিতরের সূচনা: রাসূল (স.) হিজরত করে দেখতে পান মদিনাবাসী বছরে দুটি উৎসব পালন করছে। উৎসব দুটিতে তারা খেলা-ধুলাসহ তাদের প্রাচীন ঐতিহ্য লালন করছে। উৎসব দুটির একটির নাম নাইরোজ এবং অপরটির নাম মেহেরজান। নবী (স.) মুসলমানদের জন্য এদুটির পরিবর্তে ঈদুল ফিতর ও ঈদুল আযহা নামক দুটি পবিত্র উৎসব প্রবর্তন করেন। হযরত আনাস (রা.) বলেন, মদিনায় নবী (স.) হিজরত করে আসার পর দেখলেন, মদীনাবাসী দুদিন খুব আনন্দ উৎসব করছে। তিনি তাদের জিজ্ঞাসা করলেন, এ দুদিনে তোমরা কী কর? তারা বললেন, আমরা জাহিলিয়্যাতের যুগে এদুটো দিন খেলাধুলা, আমোদফুর্তি করতাম। নবী (স.) বললেন, আল্লাহতায়ালা তোমাদের এ দুটো দিনের পরিবর্তে অন্য দুটি দিন প্রদান করেছেন। তার একটি হলো ঈদুল আযহারর দিন ও অপরটি হলো ঈদুল ফিতরের দিন (সনানু আবী দাউদ, হাদীছ নম্বর-১১৩৬)।

ঈদের নামাযে বিধান: দ্বিতীয় হিজরীতে ঈদের নামায ওয়াজিব হয়। বিভিন্ন নির্ভরযোগ্য হাদীস দ্বারা প্রমাণিত যে, ঈদের নামায পড়ার বিধান নাযিল হওয়ার পর থেকে রাসূল (স.) মৃত্যু পর্যন্ত কোন বছরই কোন ঈদের নামায পড়া বাদ দেননি। তেমনি খুলাফায়ে রাশিদীনের কেউ তা বাদ দেননি। এর দ্বারা ঈদের নামায ওয়াজিব হওয়া প্রমাণিত হয়। ইচ্ছাকৃতভাবে বর্জন করলে গুনাহাগার হবে।

ঈদের নামাযের তারিখ: রমজান শেষে ১ শাওয়াল ঈদুল ফিতরের নামায পড়া ওয়াজিব। তবে যুক্তিসঙ্গত ওজর থাকলে পরের দিন পড়া যাবে। অবশ্য ঈদুল আযহার নামায ওজর থাকলে পরবর্তী দুদিন পর্যন্ত পড়া জায়েয।

ঈদের নামাযের সময়: সূর্য আনুমানিক তিন গজ পরিমাণ উপরে উঠার পর অর্থাৎ সূর্যোদয়ের ২৩/২৪ মিনিট পর থেকে দ্বি-প্রহরের পূর্ব পর্যন্ত ঈদের নামাযের ওয়াক্ত। সূর্য তিন গজ পরিমাণ উপরে উঠা পর্যন্ত সময়টুকুকে তার উদয়কাল বলে গণ্য করা হয়। এ সময়ে কোন নামায পড়া জায়েয নেই। ঈদুল আযহার নামায অপেক্ষাকৃত আগে এবং ঈদুল ফিতরের নামায কিছু বিলম্বে আদায় করা উত্তম। যেহেতু ঈদুল আযহার নামাযের শেষে কুরবানী দিতে হয়। সেজন্য ঈদুল আযহার নামায যথাশীঘ্রই আদায় করা উত্তম। [সম্পাদনা পরিষদ, ফাতওয়া ও মাসাইল, তৃতীয় খন্ড, ২য় সংস্করণ (ঢাকাঃ ইসলামিক ফাউন্ডেশন, ১৪১৫ হি./২০০৪ খ্রি.), পৃ. ৩৯৭]।

ঈদের নামাযের স্থান: হযরত আবু সাঈদ আল খুদরী (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, নবী (স.) ঈদুল ফিতর ও ঈদুল আযহার দিন ঈদগাহে যেতেন এবং সকলকে সাথে নিয়ে ঈদের নামায পড়তেন। অথচ মসজিদে নববীতে এক রাক'আত নামাযে এক হাজার, কোন কোন বর্ণনায় দশ হাজার ও পঞ্চাশ হাজার রাক'আত নামাযের সাওয়াব লাভের সুসংবাদ রয়েছে। এতদসত্ত্বেও নবী (স.) মসজিদে নববীতে ঈদের নামায না পড়ে সকলকে নিয়ে ঈদগাহে চলে যেতেন এবং সেখানে নামায আদায় করতেন। তাই আলিমদের মত হলো, ঈদগাহে নামায পড়া উত্তম। অবশ্য মসজিদে পড়ে নিলেও ঈদের নামায আদায় হয়ে যাবে, তবে বিনা ওজরে মসজিদে ঈদের নামায না পড়া ভাল। (প্রাগুক্ত)।

বৃষ্টির কারণে মসজিদে ঈদের নামায পড়া জায়েয আছে। হযরত আবু হুরায়রাহ (রা.) থেকে বর্ণিত, একবার ঈদের দিনে বৃষ্টি হল, তখন রাসুল (স.) তাদেরকে নিয়ে মসজিদে ঈদের নামায পড়লেন। (আবু দাউদ, হাদীস নং-১১৬২)। এতে বুঝা যায়, বৃষ্টি বা অন্য কোন যুক্তিসঙ্গত কারণ থাকলে ঈদের নামায মসজিদে পড়া জায়েয।

ঈদের রাতের ফযীলত: যে সন্ধ্যায় ঈদের চাঁদ দেখা যায় সে রাতকে ঈদের রাত বলা হয়। এ রাতের অনেক গুরুত্ব ও ফযীলতের কথা হাদীসে বর্ণিত হয়েছে। কয়েকটি হাদীস নিম্নে তুলে ধরা হলো।

১। হযরত আবু উমামা (রা.) বর্ণনা করেন, নবী (স.) বলেন, যে ব্যক্তি দুই ঈদের রাতে আল্লাহর নিকট সাওয়াব প্রাপ্তির নিয়তে ইবাদত করবে তার হৃদয় সেদিনও জীবিত থাকবে যেদিন সকল হৃদয়ের মৃত্যু ঘটবে। (ইবন মাজাহ, হাদীস নম্বর ১৭৮২, আল মুজামুল আওসাত, হাদীস নম্বর-১৫৯)।

২। হযরত উবাদাতা ইবন সামিত (রা.) বলেন, যে ব্যক্তি ঈদুল ফিতর এবং ঈদুল আযহার রাতকে (ইবাদতের মাধ্যমে) জীবিত রাখবে তার দিল ঐ দিন মরবে না যেদিন অন্যদের দিল মরে যাবে। (আত তারগীব ওয়াত তারহীব, ২য় খন্ড, পৃষ্ঠা-৯৮, হাদীস নম্বর-১৬৫৭)।

৩। হযরত মু'আয ইবন জাবাল (রা.) থেকে বর্ণিত, নবী (স.) বলেন, যে ব্যক্তি পাঁচটি রাত (ইবাদতের মাধ্যমে) জাগ্রত থাকবে তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যাবে। (এক). যিলহাজ্জ মাসের ৮ তারিখ রাত, (দুই). যিলহাজ্জ মাসের ৯ তারিখ রাত, (তিন). ঈদুল আযহার রাত, (চার). ঈদুল ফিতরের রাত এবং (পাঁচ). ১৫ শাবানের রাত। (আত তারগীব ওয়াত তারহীব, ২য় খন্ড, পৃষ্ঠা-৯৮, হাদীছ নম্বর-১৬৫৬)।

হযরত আউস আল আনসারী (রা.) বলেন, রাসুল (স.) বলেন, ঈদুল ফিতরের দিন সকালে সকল ফিরিশতা রাস্তায় রাস্তায় দাঁড়িয়ে যান এবং মুসলমানদের উদ্দেশ্যে বলতে থাকেন, হে মুসলিমগণ! তোমরা দয়ালু প্রতিপালকের দিকে এগিয়ে আস। উত্তম প্রতিদান ও বিশাল সাওয়াব প্রাপ্তির জন্য এগিয়ে আস। তোমাদের রাত্রিবেলার নামাযের নির্দেশ দেওয়া হয়েছিল, তোমরা সে নির্দেশ মেনে নামায পড়েছ। তোমাদেরকে দিনগুলোতে রোজা রাখতে বলা হয়েছিল, তোমরা সে নির্দেশও পালন করেছ, এক মাস রোজা রেখেছ। গরীব দুঃখীরদের পানাহারের মাধ্যমে নিজ প্রতিপালককে তোমরা পানাহার করিয়েছ। এখন নামায পড়ার মাধ্যমে সেগুলোর প্রতিদান ও পুরস্কার গ্রহণ কর। ঈদের নামায পড়ার পর ফিরিশতাদের মাঝে একজন ঘোষণা দেন, শোন, নামায আদায়কারীরা! তোমাদেরকে মহান রাব্বুল আলামীন মাফ করে দিয়েছেন, সকল গুনাহ থেকে মুক্ত অবস্থায় নিজ নিজ আবাসে ফিরে যাও। আর শোন! এ দিনটি হচ্ছে পুরস্কার প্রদানের দিন। আকাশে এ দিনের নামকরণ করা হয়েছে 'পুরস্কারের দিন' (আল মুজামুল কাবীর লিত তাবারানী, হাদীস নম্বর-৬১৭ ও ৬১৮)।

ঈদের খুশী প্রকাশ: ঈদের খুশী হবে অত্যন্ত নির্মল। এতে থাকবে না কোন অশ্লীলতা ও বেহায়াপনা। থাকবে না কোন সন্ত্রাস ও ভয়-ভীতি। শান্তিপূর্ণ অবস্থা বিরাজমান থাকবে। অনেক জায়গায় দেখা যায়, ঈদের চাঁদ উঠামাত্র ছোট বড় অনেকে আতসবাজি আর পটকা নিয়ে মেতে উঠে। এতে ইবাদতকারীদের একাগ্রতা নষ্ট হয়। বাচ্চারা ভীত সন্ত্রস্ত হয়। অর্থের অপব্যয় হয়। কখনো কখনো বড় দুর্ঘটনাও ঘটতে দেখা যায়। সামান্য অসতর্কতার কারণে আগুন লেগে দোকান পাট অগ্নিদগ্ধ হতে পারে। এমন কি মানুষও মারা যেতে পারে। পটকা ইত্যাদি ক্রয় করার জন্য টাকা পয়সা না দেওয়া অভিভাকদের উচিত। অনুরূপভাবে মসজিদ, ভবন ইত্যাদিতে আলোক সজ্জার ব্যবস্থা করাও অপচয়ের আরেকটি উৎস, ইসলামের এর কোন অনুমোদন নেই। এটা বিজাতীয় সংস্কৃতি, হিন্দুদের কুপ্রথা। এ ধরনের কার্যকলাপ থেকে বিরত থাকা মুসলমানদের উচিত।

ঈদুল ফিতরের গুরুত্ব ও তাৎপর্য: পৃথিবীর প্রতিটি জাতির জীবনেই উৎসব রয়েছে। কিন্তু মুসলমানদের আনন্দ উৎসব পৃথিবীর অন্যান্য জাতি-গোষ্ঠি-ধর্মের উৎসবের চেয়ে কিছুটা ভিন্নধর্মী। অন্যান্য জাতি-ধর্মের উৎসব হলো খাও দাও ফুর্তি কর। তাদের আনন্দ উৎসব অশ্লীলতা ও বেহায়াপনায় ভরপুর। ইসলাম প্রবর্তিত আনন্দ-উৎসব ইহকালীন ও পরকালীন দৃষ্টিভঙ্গি থেকে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। মুসলমানদের ঈদ নিছক উৎসবই নয় বরং এটি একটি গুরুত্বপূর্ণ ইবাদতও বটে। এটিই ইসলামের সৌন্দর্য।

মুসলমানদের ঈদের ইহকালীন তাৎপর্য হলো, রমজান শেষে সাদাকাতুল ফিতর এবং ঈদুল আযহার কুরবানীর চামড়া দিয়ে অসহায়-গরীবদের আর্থিক সহায়তার বিশেষ ব্যবস্থা রয়েছে। অস্বচ্ছল পরিবারের স্বচ্ছলতা ফিরিয়ে আনতে বা কর্মহীনদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে দুটি ঈদ যথেষ্ট ভূমিকা রাখে। ঈদের পরকালীন তাৎপর্য হলো, আল্লাহ রাব্বুল আলামীন রমজান মাসকে বিভিন্ন ধরনের নিয়ামতে ভরপুর করেছেন। এ মাসেই মহাগ্রন্থ আল কুরআন নাযিল করা হয়েছে। দিনে রোজা রাখার এবং রাত্রিকালীন ইবাদতের মধ্যে অনেক ফযীলতের কথা বিধৃত হয়েছে। লাইলাতুল কদর নামক হাজার রাতেরও চেয়েও শ্রেষ্ঠ একটি মহিমান্বিত রাত দান করা হয়েছে এ মাসে। পাপ মোচনের এবং আল্লাহর নৈকট্য লাভের এক সুবর্ণ সুযোগ এসে যায় রমজান মাসে। এ সমস্ত নিয়ামতের শুকরিয়া স্বরূপ আনন্দ উৎসবের ব্যবস্থা। কাজেই ঈদ নিছক আনন্দ উৎসব নয়, এটি একটি ফযীলতপূর্ণ ইবাদত এবং সে কারণেই ঈদের রাতে এবং ঈদের দিনের অনেক ফযীলতের কথা বর্ণিত হয়েছে হাদীসে।

ঈদুল ফিতর মর্যাদাপূর্ণ ইবাদতে পরিণত হবে তাদের জন্য যারা যথাযোগ্য মর্যাদার সাথে রমজানের রোজা পালন করেছে এবং আল্লাহ রাব্বুল আলামীন যে উদ্দেশ্যে রমজানের রোজা ফরজ করেছেন সেই উদ্দেশ্যকে সামনে নিয়ে রোজা রেখেছেন তথা তাকওয়া অর্জন করেছেন। যারা পাপমুক্ত জীবন গঠনের মানসিকতা অর্জন করেছে এবং যারা ইসলামের নির্দেশনার গন্ডির মধ্যে থেকে আনন্দ উৎসব পালন করেছে অর্থাৎ যাদের আনন্দ উৎসবে অশ্লীলতা ও বেহায়াপনা নেই। প্রকৃতপক্ষে এ ঈদ হলো এক মাস সিয়াম সাধনার মাধ্যমে তাকওয়া অর্জনের দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ কোর্সের সমাপ্তি অনুষ্ঠান। পরবর্তী এগারো মাস সেই প্রশিক্ষণ অনুযায়ী জীবনের বাঁকে বাঁকে চলার এক সফল প্রতিশ্রুতি। তাই একদিকে ঈদুল ফিতর যেমন সিয়াম সাধনার সমাপ্তি ঘোষণা করে, অপর দিকে তা নির্মল আনন্দও বয়ে আনে। প্রকৃত রোজাদারদের জন্য রাসুলুল্লাহ (স.) এর ঘোষণা হলো, 'যারা যথাযথভাবে সিয়াম সাধনা করে তারা ঈদের নামায শেষে নবজাতক শিশুর ন্যায় পাপমুক্ত হয়ে বাড়ি ফিরে। আল্লাহ রাব্বুল আলামীন তাদের জীবনে সমস্ত গুনাহ মাফ করে দেন'।

অপরপক্ষে যারা রোজা রাখতে সক্ষম হওয়া সত্ত্বেও রোজা রাখেনি বা যথাযোগ্য মর্যাদার সাথে রোজা রাখেনি বা যারা ইসলামের নির্দেশনার গন্ডির মধ্যে থেকে উৎসব পালন করেনি তথা যারা অশ্লীলতা ও বেহায়পনার মাধ্যমে উৎসব পালন করেছে তাদের জন্য এটি ঈদ নয়, বরং তাদের জন্য এটি থার্টি ফার্স্ট নাইট বা ক্রিস ম্যাস ডে'র মতো। তাদের ঈদ হলো পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন নিয়ে কেবল আনন্দ-ফুর্তি করা, নতুন পোশাক পরে ঘোরা-ফেরা করা এবং হরেক রকম খাদ্য তৈরীর প্রতিযোগিতা করা। রোজার সাথে যাদের আদৌ কোন সম্পর্ক নেই তাদেরকেই বেশি দেখা যায় ঈদ উৎসবের নামে অনৈসলামি ও অপসংস্কৃতির গড্ডালিকা প্রবাহে গা ভাসিয়ে যথেচ্ছারিতায় মেতে উঠতে। তাদের মধ্যেই চলে ফ্যাশনের নামে নগ্নতার প্রতিযোগিতা।

সাহাবীরা ছিলেন রাসুল (স.) এর আনুগত্যের মূর্ত প্রতীক। রাসূল (স.) যখন যে কাজটি যেভাবে করছেন বা যেভাবে করতে নির্দেশ দিয়েছেন সাহাবীরা সে কাজটি সেভাবেই পালন করতে সচেষ্ট হয়েছেন। এ কারণে অনেক সাহাবীকেই জীবদ্দশাতেই বেহেশতের সুসংবাদ দেওয়া হয়েছে। তারপরও তারা সারা মাস রোজা রেখে নিজেদের আমলের প্রতি ভরসা না করে আল্লাহতায়ালার ভয়ে ঈদের দিন কান্নাকাটি করতেন। বর্ণিত আছে যে, দ্বিতীয় খলীফা হযরত উমর (রা.) ঈদুল ফিতরের দিন খুব কান্নাকাটি করতেন এবং খাবারও খুব কম গ্রহণ করতেন। তাকে এর কারণ জিজ্ঞাসা করা হলে তিনি উত্তরে বলতেন, আল্লাহ রাব্বুল আলামীন যাদের রোজা কবুল করেছেন এবং যাদেরকে ক্ষমা করেছেন তারাই আনন্দ উৎসব করতে পারেন। কিন্তু আমি তো জানি না, আমার রোজা কবুল (বাকি অংশ ৮ পাতায়)

ঈদুল ফিতর মর্যাদাপূর্ণ ইবাদতে পরিণত হবে তাদের জন্য যারা যথাযোগ্য মর্যাদার সাথে রমজানের রোজা পালন করেছে এবং আল্লাহ রাব্বুল আলামীন যে উদ্দেশ্যে রমজানের রোজা ফরজ করেছেন সেই উদ্দেশ্যকে সামনে নিয়ে রোজা রেখেছেন তথা তাকওয়া অর্জন করেছেন।

নামাজের সময়-সূচী

মে	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
ফজর	৪.১৪	৪.১৩	৪.১১	৪.১০	৪.০৯	৪.০৭	৪.০৬
সূর্যোদয়	৫.৪৪	৫.৪৩	৫.৪১	৫.৪০	৫.৩৯	৫.৩৮	৫.৩৭
জোহর	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২
আসর	৫.৫৩	৫.৫৪	৫.৫৫	৫.৫৫	৫.৫৬	৫.৫৬	৫.৫৭
মাগরিব	৮.০১	৮.০২	৮.০৩	৮.০৪	৮.০৫	৮.০৫	৮.০৭
এশা	৯.২৯	৯.৩০	৯.৩২	৯.৩৩	৯.৩৫	৯.৩৬	৯.৩৭



রিজু মোহাম্মদের ভাই এম সিন উদ্দিনের ইন্তেকাল

(শেষের পাতার পর)

সাংবাদিক আব্দুল আহাদ (যিনি এম সিন উদ্দিন নামে সমধিক পরিচিত) নিউইয়র্কে ইন্তেকাল করেছেন। স্থানীয় সময় রোববার (৯ মে) বেলা ২টা ১৫ মিনিটের সময় নিউইয়র্কের লং আইল্যান্ডের নর্থ সয়োর ইউনিভার্সিটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। মরহুমের জানাজে নামাজা রোববার রাত ১১টায় জ্যামাইকা মুসলিম সেন্টারে তারাবিহ'র নামাজের পর অনুষ্ঠিত হয়। খবর ইউএনএ'র।

উল্লেখ্য, সাংবাদিক এম সিন উদ্দিন সিলেটের বিয়ানীবাজার পৌরসভার সুপাতলা গ্রামের বাসিন্দা এবং বিয়ানীবাজার উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক যুক্তরাষ্ট্র প্রবাসী আব্দুল খালিক লালুর পুত্র। তিনি ২০১৬ সালে ৮ নভেম্বর স্বপরিবারে যুক্তরাষ্ট্রে পাড়ি জমান। এরপর থেকেই তিনি পরিবারের সাথে নিউইর্য়কে বসবাস করতেন। গত বছরের ২১ অক্টোবর হঠাৎ করে তাঁর শারীরিক অবস্থার অবনতি ঘটলে পরিবারের সদস্যরা লং আইল্যান্ডের নর্থসোর ইউনিভার্সিটি হাসপাতালে ভর্তি করানোর পর তার শরীরে বিরল এক এ্যালার্জি ধরা পড়ে। এরপর দীর্ঘ প্রায় সাড়ে ছয় মাস ধরে তিনি নিউইয়র্কের স্থানীয় একটি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

সাংবাদিক আব্দুল আহাদ এবি মিডিয়া গ্রুপের সিএফও, বিয়ানীবাজার উপজেলা জার্নালিস্ট এসোসিয়েশনের সাবেক কোষাধ্যক্ষ ছিলেন।

শোক প্রকাশ: বাংলাদেশ সোসাইটি ইনক'র প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ-এর ভাই সাংবাদিক আব্দুল আহাদের অকাল মৃত্যুতে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন। শোক প্রকাশকারীদের মধ্যে রয়েছেন বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, বার্তা সংস্থা ইউএনএ সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, বিশিষ্ট ব্যবসায়ী ফাতেমা ব্রাদার্স গ্রুপ-এর চেয়ারম্যান ও যুক্তরাষ্ট্র বিয়ানীবাজার সমিতির উপদেষ্টা আলহাজ সামসুল ইসলাম, যুক্তরাষ্ট্র সিলেট গণদাবী পরিষদের সভাপতি আজিমুর রহমান বুরহান, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতির সাবেক সভাপতি মস্তফা কামাল ও মাসুদুল হক ছানু, সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্ট-২৪ এর প্রার্থী সাবুল উদ্দীন, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি, এবিবিএ'র সভাপতি এবং মূলধারা রাজনীতিক ফখরুল ইসলাম দেলোয়ার, ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি, উপদেষ্টা নাসির আলী খান পল, মনজুর আহমেদ চৌধুরী ও রেজাউল করীম চৌধুরী, সাবেক সভাপতি সাইফুল ইসলাম, বিলাল আহমেদ চৌধুরী, সাবেক সাধারণ সম্পাদক এএফ মিসবাহজ্জামান, সেবুল মিয়া প্রমুখ।

ঈদ জামাত কখন কোথায়

(শেষের পাতার পর)

নিম্নে উল্লেখ করা হলো।

জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি): জ্যামাইকা মুসলিম সেন্টারের উদ্যোগে এবার ঈদের দিন (১২মে বুধবার অথবা ১৩ মে বৃহস্পতিবার) সকাল ৯টায় ঈদের জামাত অনুষ্ঠিত হবে টমাস এডিসন হাইস্কুল পার্কে (১৬৮ স্ট্রীট ও ৮৪ এভিনিউ, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২)। করোনা মহামারির কারণে সিডিসির স্বাস্থ্য বিষয়ক নির্দেশনা মেনে ঈদের জামাতে সবাইকে মাস্ক পরিধান এবং সামাজিক দূরত্ব বজায় রাখার পাশাপাশি মুসল্লিদের জায়নামাজ সাথে নিয়ে আসার জন্য জেএমসি কতৃর্পক্ষ আহবান জানিয়েছেন। জামাতের স্থানে পার্কিং এর বিশেষ ব্যবস্থা থাকবে। প্রতিকূল আবহাওয়ায় জ্যামাইকা মুসলিম সেন্টারের মূল ভবনে সকাল সাড়ে ৭টা থেকে পর পর কয়েকটি জামাত অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন জ্যামাইকা মুসলিম সেন্টার পরিচালনা কমিটির সেক্রেটারী মঞ্জুর আহমেদ চৌধুরী। মহিলাদের জন্যও নামাজের ব্যবস্থা থাকবে। যোগাযোগঃ ৭১৮-৭৩৯-৩১৮২।

আল আরাফা ইসলামিক সেন্টার: জ্যামাইকার আল আরাফা মসজিদের উদ্যোগে মসজিদে ঈদের ৪টি জামাত যথাক্রমে সকাল ৭টা, ৮টা, ৯ টা এবং ১০টায় অনুষ্ঠিত হবে। করোনা মহামারির কারণে সিডিসির স্বাস্থ্য বিষয়ক নির্দেশনা মেনে ঈদের জামাতে সবাইকে মাস্ক পরিধান এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে অনুরোধ জানানো হয়েছে। মুসল্লিদের নিজস্ব জায়নামাজ সাথে আনতে হবে এবং বাড়ি থেকে অজু করে আসতে হবে। মহিলাদের জন্য পৃথক ব্যবস্থা রয়েছে বলে জানান মসজিদের সেক্রেটারী তরিকুল ইসলাম।

আমেরিকান মুসলিম সেন্টার: জ্যামাইকার আমেরিকান মুসলিম সেন্টারের উদ্যোগে পবিত্র ঈদুল ফিতরের দিন ২টি জামাত হবে যথাক্রমে সকাল ৮:৩০ মিনিটে এবং সকাল ১০ টায় রুফুস কিং পার্কে (১৫০-২৯ জ্যামাইকা এভিনিউ, নিউইয়র্ক-১১৪৩৫)। করোনা মহামারির কারণে সিডিসির স্বাস্থ্য বিষয়ক নির্দেশনা মেনে ঈদের জামাতে সবাইকে মাস্ক পরিধান এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। সকলকে নিজস্ব জায়নামাজ সাথে নিয়ে আসতে হবে। মহিলাদের জন্য বিশেষ ব্যবস্থা রয়েছে। প্রতিকূল আবহাওয়ায় জামাত মসজিদ ভবনে অনুষ্ঠিত হবে।

দারুস সালাম মসজিদ: জ্যামাইকার দারুস সালাম মসজিদ ভবনে ঈদের ৫টি জামাত যথাক্রমে সকাল ৭টা, ৭:৪৫, ৮:৩০, ৯:১৫ ও ১০টায় অনুষ্ঠিত হবে। প্রথম জামাত ছাড়া প্রত্যেক জামাতে মহিলাদের জন্য পৃথক ব্যবস্থা থাকবে। করোনা মহামারির কারণে সিডিসির স্বাস্থ্য বিষয়ক নির্দেশনা মেনে ঈদের জামাতে সবাইকে মাস্ক পরিধান এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। বাড়ি থেকে অজু করে সাথে নিজস্ব জায়নামাজ নিয়ে আসতে হবে। ফোনঃ ৭১৮-৫৫৮-৬১১১।

বায়তুল জান্নাহ মসজিদ: পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে ব্রুকলীনের বায়তুল জান্নাহ জামে মসজিদ-এর উদ্যোগে মসজিদ সংলগ্ন ম্যাকডোনাল্ড এভিনিউ এর উপর এভিনিউ সি এবং চার্চ এভিনিউ এর মাঝে উন্মুক্ত রাস্তায় ঈদের জাতাত অনুষ্ঠিত হবে সকাল সোয়া ৮টায়। প্রতিকূল পরিবেশে বা বৃষ্টি হলে মসজিদ ভবনে ৬টি জামাত অনুষ্ঠিত হবে ৩০ মিনিট পর পর সকাল ৬টা থেকে। করোনা মহামারির কারণে সিডিসির স্বাস্থ্য বিষয়ক নির্দেশনা মেনে ঈদের জামাতে সবাইকে মাস্ক পরিধান এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। মুসুল্লীদের জায়নামাজ সাথে আনতে হবে এবং বাসা থেকে অজু করে আসতে হবে।

আল আমিন জামে মসজিদঃ এস্টোরিয়াস্থ আল আমিন জামে মসজিদের উদ্যোগে পবিত্র ঈদুল ফিতরের দিন ৪টি জামাত অনুষ্ঠিত হবে যথাক্রমে সকাল ৭টা, ৮টা ও ৯টায় এবং ১০টায়। চতুর্থ জামাতে মহিলাদের জন্য ব্যবস্থা থাকবে। করোনার কারণে মসজিদেও ভিতরেই ঈদের জামাতের ব্যবস্থা করা হয়েছে বলে জানানো হয়েছে। যোগাযোগঃ ৭১৮-৭১৫-৯২৪৫।

ইষ্ট এলমহার্ষ্ট জামে মসজিদ এন্ড মুসলিম সেন্টার: ইষ্ট এলমহার্ষ্ট জামে মসজিদ এন্ড মুসলিম সেন্টার এর উদ্যোগে মসজিদের ভেতরে ২টি জামাত অনুষ্ঠিত হবে যথাক্রমে সকাল ৮টায় এবং সকাল ৯টায়।

বায়তুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার ইনক: ব্রঙ্কসের বায়তুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার ইনক'র উদ্যোগে ঈদের ২টি জামাত অনুষ্ঠিত হবে যথাক্রমে সকাল ৮টায় এবং সকাল ৯টায়। মসজিদে দূরত্ব বজায় রেখে নামাজ হবে। ২০০ মুসুল্লী নামাজে অংশগ্রহণ করতে পারবেন। স্বাস্থ্য বিধি মেনে মুসল্লীদের নামাজে অংশগ্রহণ করতে হবে।

জ্যাকসন হাইটস মোহাম্মদী সেন্টার: করোনা পরিস্থিতির কারণে মোহাম্মদী সেন্টারের উদ্যোগে এবার অনলাইন ফেসবুক লাইভে নামাজের ব্যবস্থা করা হয়েছে। ফেসবুক লাইভে মানুষ ঈদের জামাতে অংশ নিতে পারবেন জানিয়ে ইমাম কাজী কাইয়ুম বলেন, করোনার কারণে গত বছর অনলাইনে নামাজ পড়ানো হয়েছে। এবারও অনলাইনে ফেসবুক লাইভে নামাজের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া অনলাইনে তারাবিহ ও জুমার নামাজও অনুষ্ঠিত হচ্ছে।

বাফেলো মুসলিম সেন্টার (বিএমসি): বাফেলো মুসলিম সেন্টার-এর উদ্যোগে ঈদের দিন বিএমসি সেন্টারে (৯৯৫ ফিলমোর এভিনিউ, বাফেলো, নিউইয়র্ক-১৪২১১) ২টি জামাত অনুষ্ঠিত হবে যথাক্রমে সকাল ৮টায় ও সকাল ৯টায়। মুসল্লীদের স্বাস্থবিধি মেনে চলতে হবে।

এছাড়াও জ্যাকসন হাইটসের জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার, উডসাইডের আবু হুরায়রা মসজিদ, ম্যানহাটানের মদিনা মসজিদ, এস্টোরিয়ার শাহজালার মসজিদ, গাওসিয়া মসজিদ, ব্রুকলীনের বাংলাদেশ মসলিম সেন্টার, ব্রঙ্কসের পার্কচেষ্টার জামে মসজিদ প্রভৃতি মসজিদ ও ইসলামিক সেন্টারের উদ্যোগে ঈদের জামাত অনুষ্ঠিত হবে বলে জানা গেছে।

কামাল-খায়ের-বাকের সহ মরহুম কর্মকর্তাদের জন্য বাংলাদেশ সোসাইটির

(শেষের পাতার পর)

করেছে সংগঠনটি। শুক্রবার (৭ মে) সিটির উডসাইডস্থ কুইন্স প্যালেসে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহিম হাওলাদার সভাপতিত্বে আয়েজিত ইফতার ও দোয়া মাহফিল পরিচালনা করেন সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী। অনুষ্ঠানে বিশেষ দোয়া পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম ও খতিব মাওলানা মির্জা জাফর বেগ। এছাড়াও অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন খতম ও কোরআন তেলাওয়াত করা হয়। এই পর্ব পরিচালনা করেন আইটিভি'র পরিচালক মোহাম্মদ শহীদুল্লাহ। এতে নতুন প্রজন্মেও আফিয়া হোসেন আফরা, সোহা ওসমান, মেহরান খান, হাসান মিয়া, আব্দুল মোহাইমিন, মোহাম্মদ সালেহ সারিম, মেহেদী হাসান ও সাফওয়ান বিন করীম অংশ নেয়।

অনুষ্ঠানে মৃত্যুবরণকারী সোসাইটির কর্মকর্তাদের মধ্যে কাজী জাকারিয়া, মোহাম্মদ এনামুল মালিক, এনামুল আজিম স্মাট, আব্দুর রউফ মিষ্টু, নিয়ামুল করিম, মিনহাজ উদ্দিন বাবর, হারুনুর রশিদ হেনরী ও রশিদ আহমেদ-কে স্মরণ করে তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়। এ ছাড়াও করোনায় আক্রান্ত হয়ে অসুস্থ সোসাইটির সাবেক সিনিয়র সহ সভাপতি কাজী আজহারুল হক মিলন সহ যারা অসুস্থ আছেন তাদের সকলের সুস্থতার জন্য দোয়া করা হয়।

অনুষ্ঠানে বিভিন্ন মিয়ির সম্পাদকদের মধ্যে সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, বর্ণমালা.কম সম্পাদক মাহফুজুর রহমান, সাপ্তাহিক দেশ-এর প্রকাশক মঞ্জুর হোসেন ও সম্পাদক মিজানুর রহমান, নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের ফার্স্ট সেক্রেটারী শামীম আহমেদ সহ সোসাইটির কার্যকরী পরিষদের কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন ছৈয়দ এম কে জামান, মোহাম্মদ আলী, আবুল কালাম, মনিকা রয়, নাদের আইউব, নাছির উদ্দিন, আহসান হাবিব, কাশেম চৌধুরী, মাইনউদ্দিন মাহবুব, ফারহানা চৌধুরী, সাদি মিন্টু ও সারোয়ার খান বাবু।

এছাড়াও ট্রাস্টি বোর্ড সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন মফিজুর রহমান, ওয়াসী চৌধুরী, আজিমুর রহমান বোরহান, এমদাদুল হক কামাল, সোহরাব সরকার, আব্দুল হাসিম হাসনু সহ প্রধান নির্বাচন কমিশনার জামাল আহমেদ জনি, নির্বাচন কমিশনের সদস্য এবং সাবেক সভাপতি আজমল হোসেন কুনু, সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, ফজলে রাব্বি ও জয়নাল আবেদীন, সাবেক সহসভাপতি ফারুক হোসেন মজুমদার সহ সাবেক কর্মকর্তাদের মধ্যে বাবুল চৌধুরী, জামান তপন, সৈয়দ এনায়েত আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

আরও উপস্থিত ছিলেন বীর মুক্তিযাদ্ধা আলী ইমাম সিকদার ও মশিউর রহমান, এনওয়াইপিডি'র বাংলাদেশী আমেরিকান পুলিশ এসোসিয়েশন এর প্রথম সহসভাপতির সাজেন্ট এরশাদুর সিদ্দীক, কোষাদক্ষ রাশিদুর মালিক,ট্রাস্টি জসিম মিয়া, বিশিষ্ট ব্যবসায়ী শাহ নেওয়াজ, গত নির্বাচনে ষ্টেট অ্যাসেম্বলীওমেন প্রার্থী মেরী জুবায়েদা, সিটি কাউন্সিল নির্বাচনে প্রার্থী হেলাল শেখ, সাবুল উদ্দিন, এটর্ণী সোমা সাঈদ, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সভাপতি বদরুল খান, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, মরহুম কামাল আহমেদ এর পরিবারের পক্ষ থেকে কন্যা এবং ভগ্নিপতি ফারুক চৌধুরী।

উল্লেখ্য, অনুষ্ঠনের ইফতারের অনুদান বাংলাদেশ সোসাইটির বর্তমান কার্যকরী পরিষদের ১৬ জন কর্মকর্তা নিজেরাই পরিশোধ করেন। ফলে সোসাইটির তহবিল থেকে খাবারের অর্থ ব্যয় হয়নি বলে সংশ্লিস্ট সূত্রে জানা গেছে।

জমে উঠেছে ফুটপাতের ঈদের বাজারও

(শেষের পাতার পর)

সংশ্লিষ্ট কেনাকাটা। পাশাপাশি চলছে চাঁদ রাতের আয়োজন। পাশাপাশি জমে উঠেছে ফুটপাতের ঈদের বাজারও।

জ্যামাইকা, জ্যাকসন হাইটস, ব্রুকলীন, ব্রঙ্কসের বাংলাদেশী মালিকানাধীন স্টোরগুলো সরজমিনে ঘুরে দেখা গেছে, স্টোরগুলোর ফটকে টাঙ্গানো হয়েছে আকর্ষনীয় সেল নোটিশ। কোন কোন স্টোরে ২৫% থেকে ৫০% সেল চলছে। দিনের বেলায় এসব স্টোরগুলোতে তেমন ভীড় পরিলক্ষিত না হলেও ইফতারের পর সন্ধ্যায় গ্রহকদের বেশ ভীড় লক্ষ্য করা যাচ্ছে। আর এসব গ্রাহকদের মধ্যে নারী ও শিশু-কিশোর-কিশোরীরাই বেশী।

স্টোরগুলোতে খোঁজ নিয়ে জানা যায়, বরাবরের মতো এবছরও মেয়েদের প্রথম প্রছন্দ লেহেঙ্গা আর সালোয়ার-কামিজ, ছেলেদের প্রথম পছন্দ পাঞ্জাবী-পায়জামা। মেয়েদের মধ্যে কারো কারো পছন্দ কাজ করা শাড়ী। আবার কারো পছন্দ জামদানী। তবে এসব পোষক পছন্দ হলেও এসবের মধ্যে চাই নতুনত্ব। গ্রাহকদের কথা-চাহিদা ভেবে ফ্যাশন ডিজাইনাররাও তৈরী করেছেন নতুন নতুন ডিজাইনের পোষাক। স্টোরগুলোতে বাংলাদেশী পোষাকের পাশাপাশি পাকিস্তানী ও ভারতীয় পোশাকের বিপুল সমাহার দেখা যায়। দোকানীরা জানান, ঈদের কেনাকাটায় রয়েছে ফ্যাশানেবল জুতো, জুয়েলারী অলংকার, পারফিউম প্রভৃতি। তুলানামূলকভাবে ঈদ সামগ্রীর দাম গত বছরের চেয়ে খানিকটা বেশী।

বিভিন্ন স্টোরের মালিকগণ জানান ঈদ উপলক্ষ্যে কেনা-কাটা বেশ জমে উঠেছে। এজন্য তাদের প্রস্তুতিও ভালো। তাদের প্রত্যাশা চলতি সপ্তাহেই ঈদের কেনাকাটা তুঙ্গে উঠবে। ক্রেতাদের সুবিধার্থে প্রতিদিন বেলা ১১টা থেকে রাত ৮/৯টা পর্যন্ত খোলা রাখা হচ্ছে স্টোরগুলো। চাঁদ রাতেও স্টোরগুলো খোলা থাকবে বলে জানান তারা।

এদিকে প্রবাসী বাংলাদেশীদের প্রাণকেন্দ্র হিসেবে পরিচিত জ্যাকসন হাইটসের ৭৪ স্ট্রীটে বাংলাদেশী মালিকানাধীন দেশী ওয়ার্সে ঈদ উপলক্ষ্যে চলছে বিশেষ সেল। ঈদের দিন যতই ঘনিয়ে আসছে প্রতিষ্ঠানটিতে কেনাকাটায় ততই ভীড় বাড়ছে। শতকরা ২৫ থেকে ৫০ ভাগ সেল চলছে প্রতিষ্ঠানটিতে। এই বাংলাদেশ ছাড়াও ভারতীয় ও পাকিস্তানের বিভিন্ন লেটেষ্ট ডিজাইনের শাড়ী, থ্রিপিস, জুয়েলারী, পাঞ্জাবী-পায়জামা, লেহেঙ্গা, লং ড্রেস কালেকশন প্রভৃতি স্টোরে পাওয়া যাচ্ছে। গ্রাহকদের জন্য প্রতিদিন বেলা ১১টা থেকে রাত ১১টা পর্যন্ত খোলা থাকছে দেশী ওয়ার্স।

অপরদিকে মহামারী করোনার সময়েও এবছর বাংলাদেশের স্বজনরা যাতে ঈদের আনন্দ থেকে বঞ্চিত না হন তার জন্য প্রবাসী বাংলাদেশীরা দেশে বিপুল পরিমান অর্থ প্রেরণ করছেন। অতি সম্প্রতি তিন মাসেই শুধুমাত্র সোনালী এক্সচেঞ্জ'র মাধ্যমে প্রায় অর্ধশত মিলিয়ন ইউএস ডলার প্রবাসীরা দেশে পাঠিয়েছেন। যা রেকর্ড গড়েছে। এছাড়াও অন্যান্য প্রতিষ্ঠানের মাধ্যমেও প্রবাসীরা বিপুল পরিমান অর্থ দেশে প্রেরণ করেছেন। বাংলাদেশের সরকারী প্রতিষ্ঠান সোনালী ব্যাংকের সাবসিডি প্রতিষ্ঠান সোনালী এক্সচেঞ্জ ইনক ১৯৯৪ সালের ডিসেম্বরে প্রতিষ্ঠিত হয়। মূলত প্রবাসীরা যাতে বৈধভাবে স্বল্প সময়ে, নিরাপত্তার মাধ্যমে দেশে অর্ত প্রেরণ করতে পারেন তার জন্যই তৎকালীন বাংলাদেশ বেগম খালেদা জিয়ার সরকার সোনালী এক্সচেঞ্জ প্রতিষ্ঠা করেন। পরবর্তীতে দেশে অর্থ প্রেরণে প্রতিষ্ঠানটি প্রবাসীদের বিশ্বস্থ ও অস্থার প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। বর্তমানে নিউইয়র্কে এই এক্সচেঞ্জের ৭টি শাখা ছাড়াও যুক্তরাষ্ট্রের আরো তিন রাজ্যে ৩টি শাখা সহ মোট ১০টি শাখার মাধ্যমে বাংলাদেশ অর্থ পাঠানো হচ্ছে। নিউইয়র্কেও শাখাগুলো হচ্ছে- ম্যানহাটান, জ্যাকসন হাইটস, এস্টোরিয়া, ব্রুকলীন, ব্রঙ্কস, জ্যামাইকা এবং ওজোন পার্ক। অন্যান্য রাজ্যের মধ্যে নিউজার্সীর প্যাটারসন, জর্জিয়ার আটলান্টা আর মিশিগান। এই ১০টি শাখায় প্রেসিডেন্ট/সিইও সহ ১৭জন কর্মকর্তা কর্মরত রয়েছেন।

সোনালী এক্সচেঞ্জ সূত্রে জানা গেছে, চলতি বছরের প্রথম তিন মাসে অর্থাৎ গত জানুয়ারী, ফেব্রুয়ারী ও মর্চ মাসে প্রবাসীরা রেকর্ড পরিমান অর্থ বাংলাদেশে প্রেরণ করেছেন। তিনে দিনে এই অর্থ প্রেরণের পরিমান বাড়ছে। এই সময়ে প্রবাসীরা প্রায় অর্ধশত মিলিয়ন ইউএস ডলার দেশে পাঠিয়েছেন বলে জানা গেছে। সূত্র মতে, পবিত্র ঈদুল ফিতর ঘিরে প্রবাসীদের অর্থ পরিমানের হার ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। পাশাপাশি মহামারী করোনায় দেশের স্বজনদের কষ্ট লাঘবের জন্যও অনেকে নিয়মিত অর্থ প্রেরণ করছেন।

সোনালী এক্সচেঞ্জ'র নিউইয়র্কের বিভিন্ন শাখা সরজমিনে ঘুরে দেখা যায়, এসব প্রতিষ্ঠানে অর্থ প্রেরণের জন্য প্রবাসীদের ভীড়। কোন কোন শাখায় সংশ্লিস্টদের দায়িত্ব পালনে হিমসিম খেতে হচ্ছে। প্রবাসীরা লাইনে দাঁড়িয়ে অর্থ পাঠাচ্ছেন। এই লাইন অনেক দূর চলে গেছে। অবশ্য এজন্য কেউ কেউ কষ্টের কথাও জানিয়ে বলেছেন, ঈদ মওসুমে সোনালী এক্সচেঞ্জ-এ অতিরিক্ত লোকবল নিয়োগের (পার্ট টাইম) ব্যবস্থা করলে প্রবাসী আরো উপকৃত হবেন।

সোনালী এক্সচেঞ্জ-এর ভীড় কমাতে এবং হাতের নাগালে পাওয়া অন্যান্য প্রতিষ্ঠানের মাধ্যমেও প্রবাসীরা বিপুল পরিমান অর্থ দেশে প্রেরণ করছেন। ফলে প্লাসিড এক্সপ্রেস, স্ট্যান্ডার্ড এক্সপ্রেস, প্রভু মানি ট্রান্সফার, রিয়া, ওয়েস্টার্ন ইউনিয়ন, প্রভৃতি প্রতিষ্ঠানের মাধ্যমে প্রবাসীরা অর্থ পাঠাচ্ছেন। এসব প্রতিষ্ঠানেও ভীড় লক্ষ করা গেছে।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS القطرية

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

Digital Travel Astoria

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

নির্বাচনের দিন-তারিখ

(৩ পাতার পর)

গঠন করেছি, নির্বাচন করার দায়িত্ব কমিশনের। তাই নির্বাচন না হওয়ার জন্য সোসাইটিকে দায়ী করা ঠিক হবে না। নির্বাচনে যারাই জয়ী হবে তাদেও হাতে আমরা দায়িত্ব হস্তান্তর করে চলে যাবো। আমরা ক্ষমতায় থাকতে চাইনা।

শেষে বিশেষ দোয়া পরিচালনা করা হয়। দোয়া পরিচালনা করেন ছারছীনা দরবারের মেজো পীর আলহাজ শাহ মুহাম্মদ সাইফুল্লাহ সিদ্দিকী। দোয়ায় সোসাইটির সভাপতি মরহুম কামাল আহমেদ, সহ সভাপতি আব্দুল খালেক খায়ের ও কার্যকরী সদস্য আজাদ বাকের সহ মহামারী করোনায় মৃত্যুবরণকারীদের মাগফেরাত এবং কাজী আজহারুল হক মিলন সহ আক্রান্তদের দ্রুত আরোগ্য কামনা করা হয়।

অনুষ্ঠানে বীর মুক্তিযাদ্ধা ও সোসাইটির সাবেক কর্মকর্তা খন্দকার ফরহাদ, 'নয়ন-আলী প্যানেল' এর নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব বাবুল চৌধুরী, যুগ্ম সদস্য সচিব মাকসুদুল হক চৌধুরী বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তা জামান তপন, সাইফুল ইসলাম, ওয়াহিদ কাজী এলিন, ওয়ার্ল্ড হিউম্যান রাইট-এর সভাপতি শাহ শহীদ, কবি ও গীতিকার গউস চৌধুরী, কমিউনিটি বোর্ড মেম্বার ও 'নয়ন-আলী প্যানেল'-এর জামাইকার নির্বাচন পরিচালনা কমিটির আহবায়ক আহসান হাবীব, বৃহত্তর নোয়াখালী সমিতির সাবেক সাধারন সম্পাদক আব্দুল মালেক খান, রাজশাহী সমিতির সাধারণ সম্পাদক মোজাফফর হোসেন, নারায়গঞ্জ জেলা সমিতির সাবেক সভাপতি শামসুল আলম লিটন ও বর্তমান সহ সভাপতি মোস্তফা জামান শামীম, মতলব সমিতির উপদেস্টা ফয়েজ উল্লাহ, প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ'র সাবেক আহ্বায়ক আক্তারুজ্জামান হ্যাপী, কমিউনিটি লীডার আবুল কাশেম ভূঁইয়া, 'নয়ন-আলী প্যানেল' প্রার্থীদের মধ্যে সহ সভাপতি পদপ্রার্থী রেজাউল করিম সগীর, সহ সাধারণ সম্পাদক প্রার্থী মিয়া মোহাম্মদ দুলাল, কোষাধ্যক্ষ প্রার্থী ডিউক খান, সমাজকল্যাণ সম্পাদক প্রার্থী আবুল কাশেম চৌধুরী, কার্যকরী সদস্য প্রার্থী মোহাম্মদ সিদ্দীক প্রমুখ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম সমিতির

(৩ পাতার পর)

দেওয়ার জন্য নির্বাচন কমিশন বদ্ধপরিকর। নির্বাচন কমিশনার বলেন, প্রবাসী চট্টগ্রামবাসীদের সহযোগিতা এবং সক্রিয় অংশগ্রহণের মাধ্যমেই একটি প্রগতিশীল কমিটি গঠন করা সম্ভব। নির্বাচনকে সাফল্যমন্ডিত করতে তিনি সবার সহযোগিতা কামনা করেন।

এদিকে ভোটার তালিকায় কোন ধরনের ভুল সংশোধন করতে হলে আগামী ১৫মে শনিবার বিকাল ৫টার মধ্যে যথাযথ প্রমাণসহ নির্বাচন কমিশকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়েছে। এরপর কোন ধরনের আবেদন গ্রহনযোগ্য হবে না। কভিড-১৯ ভাইরাস রোগের প্রকোপ, দূযোর্গ আবহাওয়া, ধর্মীয় আচার আচরণ, ভোটারদের সুবিদ্বার্থে উপরোক্ত নির্বাচনী কার্যক্রম সময়সূচী পরিবর্তন-পরিবর্ধণশীল হবে জানিয়েছে নির্বাচন কমিশন।

নতুন সংশোধিত নির্বাচনী তফসীল ও আচরণবিধি ২০২১ অনুযায়ী ভোট কেন্দ্র, মনোনয়ন পত্র বিতরণ ও দাখিল/গ্রহণ চট্টগ্রাম ভবন, ৫৪৫ ম্যাকডোনাল্ড এভিনিউ, ব্রুকলীন, নিউইয়র্ক ১১২১৮ তে অনুষ্ঠিত হবে। বিস্তারিত তথ্যের জন্য প্রধান নির্বাচন কমিশনার শাহজাহান মাহমুদ-এর সাথে (৬৪৬) ৫৭৫-৯৬৪৮ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

ঈদুল ফিতর : তার গুরুত্ব ও তাৎপর্য

(৪ পাতার পর)

করা হয়েছে কি না? আমাকে ক্ষমা করা হয়েছে কি না? কাজেই আমি কীভাবে আনন্দ-উৎসব করতে পারি? হযরত আলী (রা.)-কে ঈদের দিন শুকনো রুটি খেতে দেখে তাকে জিজ্ঞাসা করা হলো, আজ তো ঈদের দিন, আপনি শুকনো রুটি খাচ্ছেন কেন? উত্তরে তিনি বললেন, ঈদ আনন্দ তো তাদের জন্য আল্লাহ যাদের রোজা কবুল করেছেন, যাদের গুনাহ ক্ষমা করেছেন। কিন্তু আমিতো নিশ্চিত নই, আমার ইবাদতগুলো কবুল হয়েছে কি না। জান্নাতের সুসংবাদপ্রাপ্ত সাহাবীদের যদি এই হয় চেতনা, তবে আমাদের চেতনা কেমন হওয়া উচিত তা ভেবে দেখা দরকার। কাজেই আমাদের কর্তব্য হলো, রোজার শিক্ষাকে কাজে লাগানো এবং অশ্লীলতা ও বেহায়াপনা বিবর্জিত আনন্দ উৎসব পালন করা।

ঈদের দিনের সুন্নাত ও মুস্তাহাবসমূহ: ঈদুল ফিতরের দিন নিম্নলিখিত কাজগুলো সম্পাদন করা মুস্তাহাব। ১. নিজ মহল্লার মসজিদে ফজরের নামায আদায় করা। ২. মিসওয়াক করা। ৩. গোসল করা। ৪. খুশবু ব্যবহার করা। ৫. সাদাকাতুল ফিতর নামাযের পূর্বেই আদায় করা। ৬. সাধ্যানুযায়ী উত্তম পোশাক পরিধান করা। ৭. খুশি ও আনন্দ প্রকাশ করা। ৮. ঈদের ময়দানে যাওয়ার পূর্বে কিছু নাশতা করা। ৯. মিষ্টি জাতীয় ও বিজোড় সংখ্যার খেজুর দিয়ে এই নাশতা করা। ১০. সামর্থ্য অনুযায়ী অধিক পরিমাণ দান সাদাকা করা। ১১. আগেভাগে ঈদাগাহে যাওয়া। ১২. পায়ে হেঁটে ঈদগাহে যাওয়া। ১৩. ঈদগাহে এক পথে যাওয়া এবং অপর পথে ফিরে আসা। ১৪. ঈদগাহে যাওয়ার সময় চুপে চুপে তাকবীরে তাশরীক পাঠ করা। তাকবীরে তাশরীক হলো, আল্লাহু আকবার, আল্লাহু আকবার, লা-ইলাহা ইল্লাল্লাহু, আল্লাহু আকবার, আল্লাহু আকবার, অলিল্লাহিল হামদ। (ফাতওয়া ও মাসাইল, তৃতীয় খন্ড, পৃ. ৩৯৫)।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন। প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
- Tax Service
- Immigration
- Real Estate

ক্যানবেরার পথে



হাবিব রহমান

চমৎকার সুন্দর পিচঢালা রাস্তা দিয়ে দিয়ে ছুটে চলছে আমাদের বাস অস্ট্রেলিয়ার রাজধানী ক্যানবেরার দিকে।কখনো দুধারে দিগন্ত বিস্তৃত খালি মাঠ। কখনো বা দুধারে অরণ্য। মাঝে মাঝে সাইন দিয়ে ক্যাঙ্গারুর ছবি আঁকা। অর্থাৎ এখান দিয়ে ক্যাঙ্গারু রাস্তা পারাপার হয়। ড্রাইভারের সাবধানে গাড়ী চালাতে হবে। গাড়ীর নীচে ক্যাঙ্গারু চাপা পড়লে জরিমানা গুনতে হবে।

গাইডের মাইকের শব্দে চমক ভাংলো। জানালো আমরা অল্প সময়ের মধ্যেই ক্যানবেরা সিটিতে পৌঁছে যাবো।এই সুযোগে ক্যানবেরার কিছু তথ্য আমাদের জানাতে চায়। আজকাল টিপিকাল গাইডদের এই বক্তৃতা আর কেউ শুনতে চায়না। কারণ গুগল ঘাটলে সহজেই সব তথ্য মেলে। তার পরও গাইডকে তার ডিউটি করতেই হয়। কেউ শুনুন বা না শুনুক।

পশ্চিমে ব্লাক মাউন্টেইন আর পূর্বে মাউন্ট অ্যান্সলি এই দুই পাহাড়ের মাঝে গড়ে উঠেছে ক্যানবেরা শহর। এখানে একসময় মেষপালকদের একটি ক্ষুদ্র বসতি ছিল, যার নাম ছিল 'ক্যানবেরি'। নামটি সম্ভবত অস্ট্রেলিয়ার আদিবাসী অধিবাসীদের মুখের এনগুন্নাওয়াল ভাষার একটি শব্দ 'কামবেরা' থেকে এসেছে, যার সম্ভাব্য একটি অর্থ হল 'সম্মেলন স্থল'। কারো মতে অর অর্থ দুই স্তনের মাঝখানের স্থান। এই নামটিই পরে বিবর্তিত হয়ে ১৮৩৬ সালে 'ক্যানবেরা' নামটির উৎপত্তি হয় বলে ধারণা করা হয়।

এখানে রাজধানী স্থাপন নিয়ে চমৎকার একটি গল্প শোনালো গাইড।

উনিশ শতকের সূচনালগ্ন। দক্ষিণ গোলার্ধের বিশাল দ্বীপটির পৃথক পৃথক ভুখন্ডের প্রশাসকরা একমত হয়েছেন অস্ট্রেলিয়া নামের একটি ফেডারেল রাস্ট্র গঠন করবেন। গোল বেঁধেছে রাজধানী নিয়ে। বৃহত্তর দুটি শহর মেলবোর্ন এবং সিডনি তাদের কেউই এই সুযোগ ছাড়তে রাজী নয়। তারা চাইছেন তাদের ওখানেই হবে রাজধানী। অবশেষে মিমাংসা হলো দুটোর কোনটিতেই নয় রাজধানী হবে দুই নগরীর মাঝামাঝি কোন একটা স্থানে। আর এভাবেই ক্যানবেরা রাজধানীর মর্যাদা পায়। নিস্তরঙ্গ এই মফস্বল শহরটিকে সুনিদৃস্ট স্থাপত্যপরিকল্পনায় গড়ে তোলা হয় একটি আধুনিক নগর হিসাবে।

শহরটি সমুদ্র উপকূল থেকে বেশ দূরে। গ্রীস্মে সাধারণত গরম এবং শীতকালে বেশ ঠান্ডা হয়। ক্যানবেরা অস্ট্রেলিয়ার রাজধানী শহর হলেও হৈ হল্লার দিক থেকে অন্যান্য শহরের চেয়ে একটু কম। সন্ধ্যার পর অধিকাংশ পানশালার বাতি নিভে যায় শুধু শনিবার ছাড়া। তবে শহর জুড়ে রয়েছে অনেক পার্ক আর লেক। সবুজের সমারোহ ঘিরে রেখেছে পুরো শহরটিকে। এর পরিপাটি রুচি সহজেই মন কাড়ে। রাজধানী শহর বলে ক্যানবেরার বেশীরভাগ লোক চাকুরিজীবি। ৮-৪টা অফিস করে ঘরে গিয়ে বিশ্রাম। তাই বেশীরভাগ দোকানপাট সন্ধার পর



ন্যাশনাল মিউজিয়াম অব অস্ট্রেলিয়া

পরই বন্ধ হয়ে যায়। এখানে দর্শনীয় স্থান হলো পার্লামেন্ট হাউজ, ওয়ার মেমোরিয়াল, ন্যাশনাল মিউজিয়াম ইত্যাদি। আমাদের গাড়ী এসে থামলো ক্যানবেরা শহরের কাছাকাছি অস্ট্রেলিয়ার ন্যাশনাল মিউজিয়ামে। প্রবেশ পথেই সমুদ্রের উত্তাল ঢেউয়ের মত উজ্জল রঙচঙে আর্চযুক্ত গেট। এখানে অস্ট্রেলিয়ার আদিবাসী মানুষ এবং তাদের সংস্কৃতির অনেক পরিচয় রাখা আছে। ফাস্ট অস্ট্রেলিয়ান নামের একটি গ্যালারিতে আদিবাসিদের নানান স্মৃতিচিহ্ন রয়েছে। তাদের বাসগৃহের মডেল, আদিবাসী শিল্পীদের আঁকা চিত্রকর্ম, প্রাচীন বাদ্যযন্ত্র, ইত্যাদি।

দ্য গার্ডেন অব অস্ট্রেলিয়ান ড্রিমস নামের একটি চত্বরে ম্যাপের উপর হেঁটে হেঁটে চিনে নেয়া যায় দেশটির বিভিন্ন অঞ্চল। এখানে প্রতিটি অঞ্চলের নাম, তার ভু প্রকৃতি আর কৃস্টি সংস্কৃতির সংক্ষিপ্ত পরিচয় লেখা রয়েছে।

২০০১ সালের ১১ মার্চ মিউজিয়ামটি উদ্বোধন হয়। ৬৬০০ বর্গমিটারের এই মিউজিয়ামটিতে অনেকগুলি ভবন রয়েছে। সবগুলো গ্যালারীই উজ্জল আলোয় আলোকিত। ভেতরে ঢুকার জন্য কোন ফি দিতে হয়না। ভিডিও করা নিষিদ্ধ। তবে এর ভেতরে কোন প্রদর্শনী হলে সেজন্য টিকিট কাটতে হয়।

আমরা ইতোমধ্যে ক্যানবেরা শহরে এসে পৌছে গেছি। সাজানো গোছানো শহর। প্রশস্ত বাঁকবিহীন সড়ক, ঝকঝকে দোকানপাঠ। শহরের বুক চিড়ে বয়ে চলেছে লেক হারালে গ্রিফিন এর ঘন নীল শান্ত আর নিস্তরঙ্গ জলধারা। অন্য দশটি আধুনিক ইউরোপীয় শহরের মতোই। গাইড আশে পাশে বড় বড়ভবনগুলির সাথে আমাদের পরিচয় করিয়ে দিচ্ছে। এ ব্যাপারে আমার তেমন আগ্রহ ছিলোনা। কেননা এগুলি বেশীরভাগই সরকারী অফিস আদালত। তবে একটা জিনিষ আমার নজর কাড়লো। তাহলো রাস্তার এখানে সেখানে ময়ুরের ছড়াছড়ি। ক্যাঙ্গারু দেখার জন্য এদিক সেদিক তাকালেও তা চোখে পড়ছিলো না।

এ ব্যাপারে গাইডের দৃষ্টি আকর্ষন করলে সে জানালো, ময়ুর দেখতে আকর্ষনীয় হলেও এই পাখিটি এখন সমস্যা হয়ে দাঁড়িয়েছে ক্যানবেরা শহরে। প্রচুর ময়ুরের বিচরণ এখানে। তারা সড়কে স্বাধীনভাবে ঘুরে বেড়াচ্ছে যেজন্য চালকদের গাড়ী চালাতে সমস্যা হচ্ছে। ময়ুরগুলি যখন তখন ঢুকে পড়ছে মানুষের বাড়ী ঘরে। খাদ্য শজী খেয়ে ফেলছে। ডিম পাড়ার মৌসুমে তাদের ডাকে অতিষ্ঠ হয়ে উঠছেন শহরের বাসিন্দারা। বলা যায় ক্যানবেরা শহরের বাসিন্দারা বিপাকে আছেন এই পাখীটিকে নিয়ে।

গাইড জানায়, দুই শতাব্দী আগে ব্রিটিশ ঔপনিবেশিক শাসকরা পোষার জন্য ময়ুর নিয়ে এসেছিলো এখানে। এখন তা বংশ বৃদ্ধি হয়ে এই শহরের বাসিন্দা হয়ে গেছে। মানুষ এই পাখিটিকে নিয়ে অতিষ্ঠ। অনেকে শহরে নির্দৃষ্ট পরিমান পাখী রেখে অতিরিক্তগুলো মেরে ফেলার জন্য দাবী জানাচ্ছেন।

গাইড জানালো, শুধু সমৃদ্ধশালী শহর নয় বসবাসকারী শহর হিসাবেও ক্যানবেরা বিশ্বে শীর্ষ স্থানীয়। সবদিক বিবেচনায় এই শহরটি পৃথিবীর বসবাস উপযোগী সর্বোত্তম স্হান হিসাবে বিবেচিত হয়েছে বেশ কয়েকবার। আয় নিরাপত্তা, শিক্ষা কর্ম স্বাস্থ্য এবং পরিবেশ ইত্যাদি এসব বিষয় এ ব্যাপারে বিবেচনা করা হয়।

আমাদের গাড়ী এসে থামলো রাজধানী ক্যানবেরার প্রাণকেন্দ্র অস্ট্রেলিয়ান পার্লামেন্ট হাউজের সামনে। পার্লামেন্ট হাউজকে কেন্দ্র করে গড়ে উঠেছে শহরের বিভিন্ন স্থাপনা। এর সামনে দাঁড়ালে পুরনো পার্লামেন্ট হাউজ এবং ওয়ার মেমোরিয়াল চোখে পড়ে। আমাদের দেশের সংসদ ভবনের মত এখানে ঢুকার জন্য কোন নিয়মকানুনের কড়াকড়ির নেই। সাথে থাকা ব্যাগটি স্কান করিয়ে সহজেই ঢুকে পরা যায় ভিতরে। দেখতে পারেন সব কিছুই। পার্লামেন্টে দুটি কক্ষ রয়েছে। একটি হলো হাউজ অব রিপ্রেজেনটেটিভ। অপরটি উচ্চ কক্ষ সিনেট। হাউজ অব রিপ্রেজেনটেটিভের চেম্বার সবুজ রংঙ্গের আর সিনেট চেম্বারের রং লাল। হাউজ অব রিপ্রেজেনটেটিভে সদস্য সংখ্য ১৫০ জন আর আপার হাউজে ৭৫ জন সদস্য রয়েছেন। এক একটি স্টেটের জন্য ১২ জন সদস্য কাজ করে থাকেন। প্রধানমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের অফিস মিনিস্ট্রিয়াল উইং হাউজে।

গাইড জানালো অস্ট্রেলিয়ার শিশুদের রাজনীতিতে আগ্রহী করে তোলার জন্য বিভিন্ন স্টেট থেকে শিক্ষার্থীদের নিয়ে আসা হয় এখানে। এটা তাদের স্কুলের লেখা পড়ার একটি অংশ।

পার্লামেন্ট ভবনে স্পিকার বসেন মাঝখানে উপরের একটি চেয়ারে। তার সামনে রাখা ছোট টেবিলের একটিতে বসেন প্রধানমন্ত্রী। আর অপরটিতে বিরোধীদের নেতা। দোতালার আসনে আমন্ত্রিত দর্শকদের বসার ব্যবস্থা রয়েছে।

আমরা বেশ সময় নিয়ে পার্লামেন্ট ভবনটি ঘুরে ঘুরে দেখে এসে বসলাম বাসে। গাইড আমাদের নিয়ে যাবে অন্যকোন দর্শনীয় গন্তব্যে।

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



আমরা বাংলায় কথা বলি

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো পবিত্র ঈদুল ফিতর মুবারক ও শুভেচ্ছা। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনার এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইউএস সিটিজেনশীপ এ্যাক্ট, ২০২১

আমরা সবাই জানি যে, গত ১৮ ফেব্রুয়ারী ২০২১ প্রেসিডেন্ট বাইডেনের পার্টি কংগ্রেসে আনুষ্ঠানিকভাবে ইমিগ্রেশন বিল ইউএস উত্থাপন করেছে। বাইডেন তার নির্বাচনী প্রচারণাকালে আমেরিকার ইমিগ্রেশন ব্যবস্থা আধুনিকায়নের অঙ্গীকার করে বলেছিলেন এই পথে লাখ লাখ আনডকুমেন্টেড ইমিগ্র্যান্টের নাগরিকত্ব লাভের পথ খুলে যাবে। নিউজার্সীর সিনেটর বব মেনেন্ডেজ এবং ক্যালিফোর্নিয়ার কংগ্রেসওম্যান লিন্ডা স্যানবেজ কয়েকজন ডেমক্র্যাটকে সঙ্গে নিয়ে যে বিলটি আনুষ্ঠানিকভাবে উত্থাপন করেন সেটিকেই ইউএস সিটিজেনশীপ এ্যাক্ট, ২০২১ বলা হচ্ছে।

বিলটি মূল কথা ৮ বছরের মধ্যে ১১ মিলিয়ন, আনডকুমেন্ডে ইমিগ্র্যান্ট যারা ১ জানুয়ারী পর্যন্ত আমেরিকায় বসবাস করছেন তাদের অধিকাংশই নাগরিকত্ব লাভ করতে পারবে। ব্যাকগ্রাউন্ড চেক এবং ট্যাক্স প্রদানের পরীক্ষার পর তারা যুক্তরাষ্ট্রে বসবাস এবং কাজ করার অনুমতি পাবে ৫ বছরের জন্য। এরপর তারা গ্রিনকার্ডের জন্য আবেদন করলে তাদের পার্মানেন্ট স্ট্যাটাস দেয়া হবে। এর ৩ বছর পর সিটিজেন হওয়ার সুযোগ পাবে। বিলটি পাশ হলে ড্রিমারদের জন্য নাগরিকত্ব লাভের সুযোগ ত্বরান্বিত হবে। এর ফলে ডিভি বা ডাইভারসিটি ভিসার সংখ্যা এবং ইমিগ্রেশন কোর্ড অর্থ বরাদ্দ ও কারিগরি সুযোগ বৃদ্ধ করা হবে। বিলটি প্রগতিশীল এবং ইমিগ্র্যান্ট অধিকার গ্রুপের ব্যাপক প্রশংসা পাচ্ছে। প্রেসিডেন্ট বাইডেনের প্রেস প্রতিনিধি বলেছেন, হোয়াইট হাউজ সাগ্রহে আশা করছে রিপাবলিকানরাও বিলটি পাশে যোগ দেবেন। বিলটির কো-স্পন্সররা বলেছেন, তারা রিপাবলিকানদের কথা শুনতে আগ্রহী এবং তাদের সঙ্গে একযোগে কাজ করতে চান। তবে রিপাবলিকানদের সমর্থন লাভ করা যাবে বলে মনে করেন না।

ইমিগ্রেশন এডভোকেট এবং বিশেষজ্ঞতরা মনে করছেন যে, প্রেসিডেন্ট বাইডেনের বিলটি টিক যেভাবে উত্থাপিত হয়েছে হুবহু সেভাবে কংগ্রেসে পাশ হবে না। তাদের বিশ্বাস, রিপাবলিকানদের ভোট ছাড়া বিলটি পাশ করা যাবে না এবং তাদের সমর্থন পেতে হলে বিলটিতে কিছু পরিবর্তন আনতে হবে। এর অর্থ বিলটি নিয়ে সিনেটে তীব্র বিতর্ক হবে- সিনেটের উভয় পার্টির ৫০-৫০ ভোট থাকার কারণে। বিলটি পাশের জন্য ডেমোক্র্যাটদের ৫০ ভোটের সবগুলোর সেঙ্গ রিপাবলিকানদের আরও ১০টি ভোট প্রয়োজন হবে। এটা এ কারণে কঠিন হবে যে, তারা ১১ মিলিয়ন আনডকুমেন্টেড ইমিগ্র্যান্টদের এত সহজে সিটিজেনশীপ দিতে চায় না। উপরন্তু তারা অধিকতর সীমান্ত নিরাপত্তা দাবি করে।

ডেমোক্র্যাট এবং রিপাবলিকানদের মধ্যে সমঝোতা না হলে বিলটির কী হবে?

প্লান বিঃ

নিউইয়র্কের ডেমোক্র্যাট সিনেটর এবং মেজরিটি দলের নেতা চাক শুমার বাজেট সমঝোতার মধ্যে দিয়ে নিরবে আনডকুমেন্টেড ইমিগ্র্যান্টদের বৈধ করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। মিঃ শুমার সাম্প্রতিক সপ্তাহগুলোতে ব্যক্তিগতভাবে কংগ্রেসে হিসপ্যানিক সদস্যদের বোঝাতে চেষ্টা চালিয়ে যাচ্ছেন বাজেট সমঝোতার বড় সংশোধনীর মাধ্যমে বিলটি পাশ করিয়ে নিতে। যাবে বলা হচ্ছে 'বাজেট সমঝোতা'।

উপসংহারঃ

আগেই বলা হয়েছে যে, বিশেষজ্ঞরা বিশ্বাস করছেন, কমপক্ষে ১০ জন রিপাবলিকান সিনেটরের ভোট ছাড়া বিলটি পাশ করা যাবে না। হোইয়াইট হাউজ এবং ডেমোক্র্যাট নেতারা রিপাবলিকানদের সমর্থন পাওয়ার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। মনে করা হচ্ছে যে, হুবহু বিলটি পাশের জন্য রিপাবলিকানদের সমর্থন পাওয়া যাবে না। তারা নিজেদের শর্ত আরোপ করার চেষ্টা করবেন, যাতে প্রস্তাবিত বিলের অনেক কিছু পরিবর্তন হয়ে যাবে। সংখ্যাগরিষ্ঠ নেতা বাজের সমঝোতায় রিপাবলিকন শর্ত অন্তর্ভুক্ত করে বিলটি পাশের সম্ভাবনা খুঁজে দেখছেন। তবে বিলটি পাশের সম্ভাবনা বৃদ্ধি পাবে ৫০-৫০ সমান সংখ্যা বিভক্ত সিনেটে। কারণ বাজের পাশে সিম্বল মেজরিটি অর্থাৎ ৫১টি ভোটই দরকার হবে। সিনেটে ডেমোক্র্যাটদের ভোট। তার সঙ্গে ভাইস প্রেসিডেন্টের ভোট যোগ দিয়ে সংখ্যাগরিষ্ঠ ৫১ ভোট হয়ে যাবে।

প্রেসিডেন্ট বাইডেন ভারত থেকে যুক্তরাষ্ট্র ভ্রমণ নিষেধাজ্ঞা জারি করেছেন কোভিড-১৯ বিয়ন্ত্রণ করতেঃ

গত ৩০ এপ্রিল ২০২১ প্রেসিডেন্ট বাইডেন একটি প্রজ্ঞাপন জারির



মাধমে ভারত থেকে যুক্তরাষ্ট্রে ভ্রমণের উপর নিষেধাজ্ঞা দিয়েছেন। নন-ইমিগ্র্যেন্ট ভারতীয় যারা গত ১৪ দিন শারীরিকভাবে ভারতে অবস্থান করেছেন তাদের জন্য এই নিষেধাজ্ঞা বলবৎ হবে। পরবর্তী নোটিশ না দেয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা কার্যকর থাকবে। এখানে উল্লেখ্য যে, ভারত থেকে যুক্তরাষ্ট্রে প্রবেশের ব্যাপারে বেশ কিছু ব্যতিক্রম রয়েছে।

যাদের জন্য এই নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে নাঃ

ইউএস সিটিজেন;
আইন সম্মত বৈধ, পারমানেন্ট রেসিডেন্ট (গ্রিনকার্ডধারীরা);
ইউএস সিটিজেন এবং গ্রীনকার্ডধারীদের স্বামী বা স্ত্রী;
ইউসে সিটিজেন অথবা গ্রিনকার্ডধারীদের বাবা-মা বা বৈধ অভিভাবক;
ইউএস সিটিজেনদের ভাই এবং বোন;
ইউএস সিটিজেন অথবা এলপিআর এর সন্তান, পালক সন্তান, তত্ত্বধানে থাকা ছেলে-মেয়ে;
বিদেশী বিমান ও সী ক্রুরা;
নন ইমিগ্র্যান্ট (স্বামী বা স্ত্রী এবং সন্তানেরা) যারা বিদেশী সরকারের কর্মকর্তা হিসেবে ভ্রমণকারী (টিইই-সআরও কূটনৈতিক ও ন্যাটো নন ইমিগ্র্যান্ট এবং তাদের ইমিডিয়েট পরিবারের সদস্য);
আমেরিকান সশস্ত্র বাহিনীর সদস্য তাদেও স্ত্রী বা স্বামী এবং সন্তানেরা;
নন ইমিগ্র্যান্ট যাদের প্রবেশ আমেরিকার আইন-শৃঙ্খলার জন্য গুরত্বপূর্ণ;
নন ইমিগ্র্যান্ট জাতীয় স্বার্থে যাদের প্রবেশ জরুরী:

অতিরিক্ত ছাড়

ইউএস ডিপার্টমেন্ট অব স্টেট ভ্রমণকারীদের একটি তালিকা দিয়েছেন জাতীয় স্বার্থে যারা প্রেসিডেন্টের ঘোষণার মধ্যে পড়বে না। এরা হচ্ছেঃ

ইউএস সিটিজেনদের ফিয়াঁসে, স্টুডেন্ট (এফ-১, এম-১) এবং কতিপয় শিক্ষার্থী যারা এক্সচেঞ্জ ভিজিটর প্রোগ্রামের জে-১) আওতাভুক্ত, স্টুডেন্ট প্রোগ্রামে যাদের শিক্ষা ২০২১ এর আগে বা পরে শুরু হবে);
বিদেশী নাগরিক যারা গুরুত্বপূর্ণ অবকাঠামো খাতে জরুরী সহায়তার কাজের জন্য যুক্তরাষ্ট্রে ভ্রমণ করছে;
সাংবাদিক;
পাইলট এবং বিমান ক্রু যারা প্রশিক্ষণ বা বিমান নিয়ে যাওয়ার জন্য যুক্তরাষ্ট্রে ভ্রমণ করছেন;
ঘোষণায় ছাড় পাওয়া বিদেশী নাগরিকদের স্বামী বা স্ত্রী এবং তাদের সন্তানেরা;
বিদেশী নাগরিক যারা মানবিক কারণ, জনস্বাস্থ্য এবং জাতীয় নিরাপত্তার কারণে যুক্তরাষ্ট্রে ভ্রমণ করছেন।

উল্লেখ্য যে, আপনার পরিবারের কোন সদস্য বর্তমানে ভারতে আছেন এবং অচিরেই যুক্তরাষ্ট্রে আসার পরিকল্পনা করছেন, তারা ইউএস স্টেট ডিপার্টমেন্টে যোগাযোগ করতে পারেন। ট্রাভেলের জন্য যোগ্যতা নির্ধারণ বিস্তারিত জানতে আমাদের অফিসেও যোগাযোগ করতে পারেন।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

স্বল্প আয়ের জনগোষ্ঠীতে

(প্রথম পাতার পর)

কাঠের মূল্য সর্বকালের রেকর্ড অতিক্রম করেছে। হঠাৎ করেই আমেরিকায় ব্যাপক গৃহায়ণ শুরু হয়েছে। গত টানা এক দশকের স্থবিরতা পেরিয়ে আমেরিকার বিভিন্ন রাজ্যে ব্যাপক লোকজনের হস্থান্তর ঘটছে। দক্ষিণ ও পশ্চিমের রাজ্যগুলোতে শ্বেতাঙ্গ লোকজনের ব্যাপক স্থানান্তর ঘটায় সেসব এলাকায় নতুন নতুন বাড়ি নির্মাণের হিড়িক পড়েছে। এর ফলে সব নির্মাণ সামগ্রীর মূল্য এখন উর্ধগামী। কপার, স্টিল, রড, সিমেন্টের মূল্য ২০ থেকে ত্রিশ শতাংশ বেড়ে গেছে হঠাত করেই।

সিএনএন তাদের প্রতিবেদনে বলেছে আমেরিকার কৃষি পণ্যের মূল্যও বাড়ছে হু হু করে। আমেরিকান জনগোষ্ঠির অন্যতম খাদ্য উপাদান ভুট্টার মূল্য ২০১২ সালের পর এখন সবচেয়ে বেশী বলে প্রতিবেদনে বলা হয়েছে। সয়াবিন থেকে শুরু করে পনিরের মূল্য বৃদ্ধি পেয়েছে। কৃষি ক্ষেত্রে শ্রম সঙ্কট এবং কৃষিতে ব্যবহারের জন্য যান্ত্রিক ও জৈব সরবরাহের মূল্য বৃদ্ধির প্রভাব পড়েছে বলে মনে করা হচ্ছে।

নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মধ্যে শিশুদের ডাইপার থেকে শুরু করে সাধারন গৃহস্থালী সামগ্রীর মূল্য এখন আকাশচুম্বী। কিম্বারলি ক্লার্ক এবং প্রোক্টর এন্ড গেম্বোল নামের প্রতিষ্ঠান তাদের গ্রাহকদের সতর্ক করে বলেছে এমন পণ্যের মূল্য বৃদ্ধি অবিশ্যাম্ভাবী হয়ে উঠেছে।

ঘরে ব্যবহারের ইলেক্ট্রনিক সামগ্রী সহ গৃহস্থালি সরঞ্জামের মূল্য বাড়ছে। গ্যাস, ইলেকট্রিক চুলা, মাইক্রোউয়েভ, ফ্রিজার, রিফ্রেজেটার, ওয়াসার, ড্রায়ার সহ আমেরিকান মধ্যবিত্তের জীবনযাত্রার জন্য অপরিহার্য হয়ে উঠা এসব সামগ্রী এক বছরের তুলনায় এখন অনেক বেড়ে গেছে।

যুক্তরাষ্ট্রের সর্বত্র পেট্রল, ডিজেলের মূল্য প্রতিদিন বাড়ছে। এক বছর আগেও সাধারণ পেট্রোলের গ্যালন গড়ে দুই ডলারের কাছাকাছি থেকে এখন গড়ে তিন ডলারের কাছাকাছি পৌঁছেছে। আসছে গ্রীষ্মে আমেরিকার লোকজন ব্যাপকভাবে ভ্রমণ করবে। মহামারীর লকডাউন থেকে বেরিয়ে আসা লোকজন এরমধ্যেই বেরিয়ে পোড়তে দেখা গেছে। পেট্রল , ডিজেল সহ অন্যান্য জ্বালানীর সরবরাহ স্বল্পতা রয়েছে এমন নয়, সরবরাহ করার জন্য ট্যাঙ্কের চালক পাওয়া যাচ্ছে না। বিশেষ পারমিটধারী এসব ট্যাংক চালকদের অনেকেই এক বছরে অবসরে চলে গেছেন। নতুনরা এ পেশায় আসতে অনাগ্রহের কথা জানা গেছে। ফলে সরবরাহ সমস্যার কারণে দেশের নান অঞ্চলে পেট্রল ডিজেলের সঙ্কট দেখা দেবে এবং মূল্য বৃদ্ধি ঘটবে বলে সতর্ক করে দেয়া হচ্ছে।

হঠাৎ মূল্যবৃদ্ধির এ চাপ যে শুধু জনগোস্টির উপর পড়ছে, এমন নয়। অর্থনীতিবিদ এবং বিনিয়োগকারীদেরও বিষয়টি ভাবিয়ে তুলছে। শতাব্দীর ভয়াবহ বিপর্যয় থেকে বেরিয়ে আসার পার্শ্বপ্রতিক্রিয়ায় এমন ঘটছে না সত্তর দশকের মতো বাজার নতুন মূল্যবৃদ্ধিতে স্থায়ী রূপান্তর ঘটছে, এ নিয়ে আলোচনা শুরু হয়েছে।

এসব আলোচনার বিশাল প্রভাব (বাকি অংশ ১২ পাতায়)

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1281 Castle Hill Ave, Bronx, NY 10462

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

সবাইকে ঈদুল ফিতরের শুভেচ্ছা

Prof. Ehteshamul Haque
Financial & Business Planning



Southeast USA Group Inc

Southeast USA Group Inc.

ACCOUNTING & BOOKKEEPING SERVICES

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services

Let us manage
Accounting for you
Call us today:
(917) 566-1612

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com



প্রেসক্লাব কর্মকর্তা ও সদস্যদের

(শেষের পাতার পর)

তার জন্য দোয়া কারা সহ সবসময় পাশে থাকা এবং নিয়মিত খোঁজখবর রাখার জন্য তিনি ও তার পরিবারের পক্ষ থেকে ক্লাবের সকল কর্মকর্তা এবং সদস্যদের প্রতি এই কৃতজ্ঞতা জানান।

এদিকে প্রেসক্লাবের সভাপতি ডা. ওয়াজেদ এ খান, সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম ও কার্যকরী সদস্য এবিএম সালাহউদ্দিন আহমেদ অসুস্থ সৈয়দ ইলিয়াস খসরুর সর্বশেষ পরিস্থিতি জানতে গত শনিবার (৮ মে) অপরাহ্নে ওজোন পার্কস্থ খসরুর বাসায় যান এবং স্বাস্থবিধি মেনে তার সাথে সাক্ষাৎ সহ শারীরিক খোঁজখবর নেন। এসব তারা ঈদের অগ্রিম শুভেচ্ছা বিনিময় করেন এবং সৈয়দ খসরুর দ্রুত আরোগ্য কামনা করেন। এসময় তিনি তার কৃতজ্ঞতা জানান।

সৈয়দ খসরু প্রেসক্লাব কর্মকর্তাদের জানান, বর্তমানে তিনি অনেক সুস্থ্য এবং নতুন জীবন ফিরে পেয়েছেন। এজন্য তিনি মহান আল্লাহতায়ালার শুকরিয়া আদায় করেন। তিনি জানান, 'যেভাবে তার শারীরিক রিকভারী হচ্ছে তাতে আশা করছি আগামী এক মাসের মধ্যে তিনি স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারবেন।' তিনি প্রবাসী বাংলাদেশীদেও প্রতিও কৃতজ্ঞতা জানান।

স্বল্প আয়ের জনগোষ্ঠীতে

(১১ পাতার পর)

পড়বে আমেরিকান অর্থনীতিতে। ফেডারেল রিজার্ভ যদি মনে করে দীর্ঘস্থায়ী মন্দা অবস্থায় পড়তে যাচ্ছে আমেরিকা তখন ঋণের উপর সুদের হার ক্রমাগত বাড়িয়ে পরিস্থিতি সামাল দেয়ার চেষ্টা করা হবে। আমেরিকান ফেডারেল ঋণের সুদের হার এখন সর্বনিম্ন পর্যায়ে। প্রায় শূন্য সুদের কাছাকাছি (দশমিক ২৫ শতাংশ)। দেশের বিনিয়োগ এবং অর্থনিতির অন্যান্য ক্ষেত্রে লোকজনের সম্পৃক্ততাকে আকর্ষণ করার জন্য ফেডারেল ঋণের সুদের হার আরও বেশ কিছুদিন নিম্ন হারে থাকবে বলেই আগে আভাস দেয়া হয়েছিলো। এখন বাজারে হঠাত মূল্য বৃদ্ধির ফলে সুদের হার দ্রুতই বাড়াতে হতে পারে বলে অর্থনীতিবিদিরা মনে করছেন।

একের পর এক উদার নাগরিক প্রণোদনা প্রদানের ফলে এমন দীর্ঘস্থায় মন্দায় আমেরিকা পরতে যাচ্ছে কি না, এ নিয়েও কথা উঠেছে। যদিও উদারনৈতিক অর্থনীতিবিদরা মনে করছেন মন্দা অবস্থা অনেকটাই অস্থায়ী। যুক্তরাষ্ট্রের অর্থনীতি শক্ত ভিত্তির উপর দাঁড়িয়ে আছে। চলমান অস্থিরিতা কাটিয়ে আমেরিকা ঠিকই অর্থনীতিতে ভারসাম্য নিয়ে আসবে বলে তাঁরা বলছেন।

জন হপকিন্স ইউনিভার্সিটির অর্থনৈইতিক অধ্যাপক লরেন্স বেল এবং আন্তর্জাতিক অর্থ তহবিল (আই এম এফ) এর প্রধান অর্থনীতিবিদ গীতা গোপিনাথ আশাবাদের কথাই বলছেন। তাঁরা মনে করেন, সরকারী অর্থব্যয়ের বাহুল্যকে আপাতত অর্থনীতির জন্য ঝুঁকিপূর্ণ মনে করার কারণ নেই। যদিও এ ধরেন ব্যাপক নাগরিক প্রণোদনা অর্থনীতিতে মন্দা পরিস্থিতির জন্য একটি দায়ী উপাদান হয়ে উঠতে পারার ঝুঁকির কথাও তারা স্মরণ করিয়ে দিয়েছেন।

প্রেসিডেন্ট জো বাইডেন কংগ্রেসের যৌথ সভায় দেয়া তাঁর প্রথম বক্তৃতায় বলেছেন মধ্যবিত্তরাই যুক্তরাষ্ট্রকে নির্মাণ করেছে, ওয়ালস্ট্রীটের ব্যবসায়ীরা নয়। তিনি বলেছেন আমেরিকার শ্রমিকরা দেশের শক্ত মধ্যবিত্ত শ্রেণীর সৃষ্টি করেছে। এ মধ্যবিত্তের উপর কোন অর্থনৈতিক চাপ যাতে না আসে, সে ব্যাপারে নানা পদক্ষেপ গ্রহণের কথা উল্লেখ করেছেন প্রেসিডেন্ট জো বাইডেন।

আমেরিকার সমাজ অর্থনীতি এবং রাজনীতি চরম অস্থিরতার মধ্য দিয়ে যাচ্ছে। এমন অবস্থায় দ্রব্যমূল্যের ক্রমাগত উর্ধগতি মধ্যবিত্তকেই বেশী উদ্বেগে ফেলে দিয়েছে। আমেরিকার মধ্যবিত্তরাই সরকারের দীর্ঘ কোন সামাজিক নিরাপত্তার কর্মসুচীতে যোগ দিতে পারে না। পরিশ্রম করে, বাড়ি ভাড়া দিয়ে বা তাহকার মতো একটা বাড়ি ক্রয় করে এ মধ্যবিত্তই আমেরিকান সমাজ ও অর্থনীতিকে চাঙ্গা রাখে। দ্রব্যমূল্যের এমন উর্ধগতি নিয়ন্ত্রণ না হয়, তবে সামনে সঙ্কট ও বিপদের অশনি সংকেত দেখা যাচ্ছে বলে মনে করা হচ্ছে।

এস্টোরিয়া ওয়েলফেয়ার

(শেষের পাতার পর)

সহযোগিতায় শনিবার (৮ মে) এই কর্মসূচী সফল করা হয়। এতে অতিথি ছিলেন ষ্টেট সিনেটর মাইকেল জেনারিস, ষ্টেট অ্যাসেম্বলীম্যান জোহরান কে মাদানী এবং কুইন্স ডেমোক্র্যাট পার্টির ডিষ্ট্রিক্ট এট লার্জ এটর্ণী মঈন চৌধুরী। এসময় দু'শতাধিক মানুষের মাঝে ইফতারী বক্স বিতরণ করা হয়।

এস্টোরিয়ার ৩৬ এভিনিউস্থ সংগঠনের অস্থায়ী কার্যালয়ের সামনে এই ইফতার সামগ্রী বিতরণ করা হয়। এসময় জাকাত ফাউন্ডেশন নিউইয়র্কের রিজিওন্যাল ম্যানেজার মো: ইমরান হোসেন, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উপদেষ্টা এমাদ চৌধুরী, সভাপতি সোহেল আহমেদ, সাধারণ সম্পাদক মোঃ জাবেদ উদ্দীন সহ জোসেফ চৌধুরী, এমদাদ রহমান তরফদার, নূরুল হক, কাজী গোলাম জিলানী, কাজী আজম, কাওসার আহমেদ, শিপলু আহমেদ, লিটন আহমেদ, আবু সোলেমান প্রমুখ উপস্থিত ছিলেন।

এদিকে আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণের বিশেষ কর্মসূচী নেয়া হয়েছে। আগামী ১১ মে মঙ্গলবার বিকেল সাড়ে ৩টায় এস্টোরিয়ার ৩৬ এভিনিউ ও ২৯ স্ট্রীটের কর্নারে এই ঈদ সামগ্রী বিতরণ করা হবে। এই কর্মসূচী বাস্তবায়নে প্রবাসের অন্যান্য সংগঠনের সার্বিক সহযোগিতা কামনা করেছেন মোঃ জাবেদ উদ্দীন।

মঈন চৌধুরীর সৌজন্য ইফতার বিতরণ

এছাড়াও এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ ইনক কুইন্স ডেমোক্র্যাট পার্টির ডিষ্ট্রিক্ট এট লার্জ এটর্ণী মঈন চৌধুরীর সহযোগিতায় গত ৭ মে শুক্রবার এস্টোরিয়াতে **শতাধিক** ইফতারী বক্স বিতরণ করে। এসময় এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উপদেষ্টা দেওয়ান শাহেদ চৌধুরী ও এমাদ চৌধুরী, সভাপতি সোহেল আহমেদ, সাধারণ সম্পাদক মোঃ জাবেদ উদ্দীন সহ এমদাদ রহমান তরফদার, নূরুল হক, কাজী গোলাম জিলানী, কাজী আজম, কাওসার আহমেদ, শিপলু আহমেদ, লিটন আহমেদ, আবু সোলেমান প্রমুখ উপস্থিত ছিলেন।

পবিত্র রমজনের সময় ইফতারী বক্স বিতরণে সহযোগিতার জন্য সংগঠনের পক্ষ থেকে এটর্নী মঈন চৌধুরীকে ধন্যবাদ জানানো হয়।

নিউইয়র্কে আইন-শৃঙ্খলা

(শেষের পাতার পর)

গত ৫ মে এনওয়াইপিডি প্রকাশিত এক প্রতিবেদনে বিষয়টি উঠে এসেছে। প্রতিবেদনে বলা হয়েছে, আগের বছরের তুলনায় সব ধরনের অপরাধ বেড়েছে প্রায় সাড়ে ৩০ শতাংশ। এর মধ্যে হামলা, চুরি, ছিনতাইসহ নানা অপরাধমূলক ঘটনা ঘটেছে সবচেয়ে সবচেয়ে বেশি। গেল এপ্রিলে নগরে ১৫৯টি গোলাগুলির ঘটনা রেকর্ড করা হয়েছে। অথচ ২০২০ সালের এপ্রিলে গোলাগুলির ঘটনা ঘটে ৫৬টি। নগরে গত মাসে ২২৩ জনকে আগ্নেয়াস্ত্র মামলায় গ্রেপ্তার করেছে পুলিশ। যা আগের বছরের এপ্রিলের তুলনায় ৩ দশমিক ৭ শতাংশের বেশি। এদিকে, আগের বছরের চেয়ে ৬৬ শতাংশ বেশি ছিনতাইয়ের ঘটনা ঘটেছে সিটিতে। গুরুতর হামলার ঘটনা বৃদ্ধি পেয়েছে ৩৫ দশমিক ছয় শতাংশ। আর ডাকাতি বেড়েছে সাড়ে ২৮ শতাংশের বেশি। এপ্রিলে চুরির ঘটনা রেকর্ড করা হয়েছে ৮৫৫টি। অবশ্য নিউইয়র্ক পুলিশ বলছে, নগরে অপরাধমূলক ঘটনা নিয়ন্ত্রণে পাতাল রেলে জননিরাপত্তা পুলিশের টহল বাড়ানো হয়েছে। এ ছাড়া জনবহুল এলাকাগুলোতে বাড়তি পুলিশ মোতায়েন করা হয়েছে।

অপরদিকে চলতি বছর নিউইয়র্ক সিটির সাবওয়েতে যাত্রীদের উপর শতাধিক হামলার ঘটনা ঘটেছে। এতে প্রাণহানির পাশাপাশি আহত হয়েছেন বহু মানুষ। গত ৩ মে সোমবার কুইন্স প্লাজায় হামলার শিকার হন টাইম টেলিভিশনের এক সাংবাদিক। এসব হামলার ঘটনায় সাবওয়ের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠে। যাত্রীদের পাশাপাশি খোদ গভর্নর এন্ড্রু কুমো সাবওয়েতে বাড়তি পুলিশ মোতায়েনের কথা বলেন। কিন্তু তাতে কর্ণপাত করেননি মেয়র বিল ডি ব্লাজিও। বহু নাগরিক আক্রান্তের পর অবশেষে নিউইয়র্ক সিটি প্রশাসনের টনক নড়েছে। সাবওয়ে যাত্রীদের নিরাপত্তায় মোতায়েন করা হয়েছে বাড়তি পুলিশ। শুক্রবার (৭ মে) ম্যানহাটন, কুইন্স, ব্রুকলীন, ব্রঙ্কসসহ নগরের প্রায় সব এলাকার সাবওয়েতে পুলিশকে দায়িত্ব পালন করতে দেখা গেছে। এতে স্বস্তি ফিরেছে যাত্রীদের মনে। যাত্রীদের দাবী, শুধু প্লাটফর্ম নয়, ট্রেনের বগিতেও পুলিশ মোতায়েন করতে হবে।









ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব

কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

ঈদ সংখ্যা

সাহিত্য সাময়িকী

একটা ফুল একা ফুটে আছে

মতিন বৈরাগী

কোথায় যেন একটা ফুল একা একা ফুটে আছে
কি ফুল চিনতে পারি না
একা সেই ফুল হাওয়ায় দোলে
পাপড়ি নাড়িয়ে আকাশকে দেখে
সারাদিন সেই ফুল ফুটে থাকে গহীন জঙ্গলে আর
কোনো এক কুহকী রাতে
হৃদয়ের দরজায় একগুচ্ছ চন্দ্রমল্লিকা
সে কি এসেছিলো?

তারপর কারো হাসি মিলে গিয়ে ফুল হয়ে যায়
কতরাত্রির অঘুম অসুখে
কত মুখের মতো একটি মুখ কবির বিষণ্ন চোখের নিঃসঙ্গতা
সারা ঘরে কে হাঁটে?
চিনি না তাকে-
সে বলে কোনো প্রান্তে কোনো আলোক আর নেই
হাজার রাত্রি যায় মানব নিধনে
একটি দেশ
হেঁটে চলে যায় মরা জোছনায়

হাওরের জল জ্যোৎস্নাকে ছিঁড়ে ফেলে।

মাকে হারানোর পর

ফারুক ফয়সল

বোঝার বয়স নয় সে নবীন প্রেম, আর যৈবতী কন্যার মন
তবু তার সুবাসিত শরীরী ঘ্রাণ, আমায় করে রাখতো উন্মন
দূরের ছাতিম, কাছের বেলি, জুঁই সহ নাকে পাই সুবাস হাস্নাহেনার
বুঝে যাই আছে আশে পাশে, আমাকে কাছে পেতে তার এ অভিসার।

বৈশাখের খরতাপে তার চুলের ঢালকে মনে হতো আকাশের বারান্দা
নামলে হঠাৎ বৃষ্টির ফোঁটা, আশ্রয় হতো লম্বা চুলের ছাতা
হিম শীতের বুড়ো রাতগুলো, গল্পে গল্পে স্বপ্নভঙ্গের সকাল হতো
ব্যস্ততা শুরুর আগে, স্নান শেষে জল স্ফটিক হিরক হয়ে চমকাতো।

সেই সব মোহনীয়, মায়াবী রাত কোথায় হারিয়েছে মৃত্যুর দেশে
আর দেয়না দেখা, রাতের গল্প নেই সংসারের সকল কাজ শেষে
সারা শহর জ্যোৎস্নায় ভেসে গেলে আমাদের ছাদটা কেবল শূন্য রয়ে যায়
সেই পুষ্প ঘ্রাণ আর ভালোবাসা সাথে, মা আমার কোথায় হারালো তার
মাতৃত্ব নিয়ে হায়

জীবনে গান গেয়েছি

তন্ময় আলমগীর

গান গেয়েছি অনেকের সাথে
আকাশের সাথে মাতাল হাওয়ার দূরত্বের মতো
বৃষ্টি এসে আরো জমিয়ে দিয়েছে জল-কাদার গল্প
মনে পড়ে জীবনে গান গেয়েছি অনেকের সাথে।

মনে পড়ে আলপথে কুড়ানো ব্রিজটার কথা
মন-খারাপের দিগন্ত ছোঁয়া ক্লান্ত পথিক
নৌকা-পায়ে চলে গিয়েছিল আরো গভীরে
বাতাস আর ঝড়ের পার্থক্য বুঝতে বুঝতে গায়ে মেখেছিল
মখমল চাদর; না অনুভূতি না বোধোদয় যার নাম
এক আঁজলা সূর্য-আলোয় তলাভাঙা ঝুড়ির দাপট
দেখে মনে পড়ে
গান গেয়েছি অনেকবার, অনেকের সাথেই।

কারো আঙ্গিনায় কারো গ্রিবায় কারোবা বস্ত্রের ওপর
হৃদপিন্ড লাফাতে দেখে খুব করে কেঁদেছি। কেঁদে কেঁদে
হেসেছি। হাসতে হাসতে মনে পড়ে আমি কি
কেঁদেছিলাম নাকি হেসেই যাচ্ছি? নাকি হাসিই
আমার অগোছর কান্না? গাঢ় অন্ধকার বুকের মুঠোয়
ছড়িয়ে ভাবি
জীবনে কখনো গেয়েছি গান বাধ্য হয়ে? !

পরশ্রীকাতরতার রোগী

গোলাম কিবরিয়া পিনু

ডানাভাঙা পাখি হয়ে পড়ে থাকলে
প্রতিবেশীরা যখন খুশী হয়,
তখন তোমার প্রতিবেশ
কত ভয়াবহ! যেন চোরাদহ!

ঘর থেকে বের হয়ে হাঁটাহাঁটি
করলে স্বচ্ছন্দে! ভর নাও স্কন্ধে!
তা দেখে যদি বা তারা হিংসায় টাটায়
তবে তো ভাববো,

সে পাড়ায় মানবিকতা রয়েছে ভাটায়।
জুলজুল চোখে এতটা তাকানো
নেকনজরের বদলে খরদৃষ্টি,
সেখানে তবে তো হবে না
সমভিব্যাহারের বৃষ্টি!
যোগসূত্র বিচ্ছিন্ন হবে
কণ্ঠ থেকে লুপ্ত হবে সপ্তসুর,

নক্ষত্রালোকের আলো থাকবে আরও দূর!
ওখানে তো নেই মানুষের প্রতিকৃতি ও প্রকৃতি
আছে পরশ্রীকাতরতার রোগী!
তাদেরই আত্মরতি
তারা প্রতিবেশী? নাকি গুপ্তগুহার হিংসুটে যোগী!

পলাতক জোনাকি ও গণতন্ত্রের চাবি

শিউল মনজুর

ফসলী জমিনকে পেছনে ফেলে
পলাতক জোনাকিরাও ছাড়ছে ঘর
এতো এতো মজবুত দেয়াল
নতুন নতুন চুনকাম ও ডেকোরেশন
তবু ভেতরে ভেতরে
এতো এতো ভাঙন ও ভাঙচুর
গ্লাসের মতো ঠুনকো হয়ে যাচ্ছে সবকিছু
দেখছি, সময় গড়িয়ে যাচ্ছে
পাতালেও মাতাল মাটি খুড়ছে
ব্যাংকে, সিন্দুকে, বন্দুকে
গণতন্ত্রের পুরনো চাবির রিং
নানারঙে ঝুলছে...

সুখও এক অসুখ

রেজা শামীম

মাঝে মাঝে ক্লান্ত লাগে
এখন আমার মাঝে মাঝেই ক্লান্ত লাগে
যমজ দিন, যমজ রাত্রি
চেনা পথে, চেনা রথে
পেন্ডুলামের একই রেখায় কেবল যাওয়া কেবল আসা
বৃত্ত ছুঁয়ে মুষিক দৌড়ে আমার অনেক শ্রান্ত লাগে

ক্লান্ত লাগে
দুটি কুঁড়ি একটি পাতা- এই অঙ্ক ভ্রান্ত লাগে
ভালোবাসা কিংবা ঘৃণা, আমার কাছে একই লাগে
অক্সিটসিনের এই তাড়নায়
আমার ভীষণ ক্লান্ত লাগে

সুখও এক অসুখ বটে
সেই অসুখে ভুগে ভুগে
এখন আমার মাঝে মাঝেই ক্লান্ত লাগে!

নীল জ্যোৎস্নায় ছাওয়া

কাজী আতীক

রুদ্ধ দুয়ার, বন্ধ কপাট অস্বচ্ছ কাঁচের আড়াল
তাই হয়তো দেখা যায়না ওপারের কিছু,
তবে স্পষ্ট বুঝা যায় কেউ ওখানে আছে প্রশস্ত বারান্দায়-

সে বসে আছে যেমন সে দাঁড়িয়েও আছে একই সাথে,
সে হাঁটছে, দৌড়চ্ছে, সে আবার ঘোড়ার পিঠেও সওয়ার

আর চারপাশে তাঁর অপার্থিব এক নীলাভ নীরব উদ্ভাস
যেমন নীল জ্যোৎস্নায় ছাওয়া কোনো তেপান্তরের মাঠ
সেই মাঠ পেরিয়ে ঘোড়সোয়ারি এই এক একা রাজকুমার।

ঈদপরমানন্দ

আশরাফ হাসান

মফস্বলের আকাশ থেকেও একদিন
অবুঝ বালকের আনন্দের মতো নেমে আসতো চাঁদ,
মধ্যবিত্তের ঝুড়িভর্তি নারকেলের পিঠাপুলি
কিংবা একটি সবুজ জামার রঙের মতো
আমাদের বাড়িতে ছিলো হৃদয়ভর্তি তৃপ্তি।

বাবার কিনে দেওয়া সাদা পাঞ্জাবি
আর মায়ের রান্নার ঘ্রাণে ছড়াতো নিখাদ স্নেহাশীষ,
স্বজন পরিবেষ্টিত ছিলো দীঘল ঈদের রাত
সেমাইয়ের অমৃত স্বাদ নিতে নিতে
মাজমুয়া মেখে জায়নানাজ হাতে বেরিয়ে যেতাম
ঈদগাহের ভ্রাতৃপ্রতিম মানুষের সম্মিলনে

এখন রোবটের নির্জীব চাঁদ উঠে আকাশে
ডিজিটাল বাণিজ্যের মতো ডলার-পাউন্ড
কিম্বা টাকার স্রোতে ওঠানামা করে ভালোবাসার মহরত,
ফিলিস্তিনি বালিকার মতো কেউ কেউ
বাতাসের গলিতে পুঁতে রাখে এতিমের চিৎকার;
সিরিয়ার শিশুর মতো অনেকে একটুকরো রুটি
না খেয়ে ধরিয়ে দেয় ক্ষুধার্ত বাবার হাতে.....
ঈদপরমানন্দ এখন ঘুমায় নস্টালজিয়ার দূর দিগন্তে

ভোর

পলি শাহীনা

অন্ধকারের পাহাড় ডিঙিয়ে নরম ভোর আসে।
ভোরের স্কুলে পাখিদের ক্লাস চলছে।
পাখিদের স্বরে, ব্লাকবোর্ডে অক্ষরের সুরে
তোমার ওম ছড়িয়ে ছিটিয়ে ভোরের শরীরে।

ঘুম ভেঙেই বাতাসের গায়ে ছবি আঁকি,
গোলাপের পাপড়ি ছড়িয়ে সুখী মুখটার দিকে অপলক চেয়ে থাকি।
অনুভবে শীতল চুম্বন।
টের পাই; কেউ আসছে গোলাপের পাপড়ি মাড়িয়ে।

চোখ বুঁজে চলে যাই কাঙ্খিত সেই দেশে
যেখানে আমরা থাকবো আমাদের নিয়মে।
সেখানেই মুক্তি, জীবন থেকে।
বুকে কাঁপন, ওষ্ঠে শিহরণ
মায়াবী সুগন্ধি মেখে অপেক্ষায় বসে আছি, সদ্য ফোঁটা আলোর খাটে।

তসলিমা নাসরিন

(প্রথম পাতার পর)

মতামত দিয়ে যান। অবশেষে এতদিন পর আজ রবিবার তসলিমা নাসরিন নিজেই জানিয়েছেন যে, তিনি করোনা-ভাইরাসের বিরুদ্ধে লড়াই করে যাচ্ছেন। তবে তাকে নিয়ে আপাতত আশঙ্কার কিছু নেই। তসলিমা জানিয়েছেন, তিনি ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন।

নিজের ভেরিফায়েড ফেসবুক একাউন্টে তসলিমা লিখেছেন, আমি চিরকালই বড় দুর্ভাগা। এই যে গত বছরের মার্চ মাস থেকে একা আছি ঘরে, একখানা ইন্ডোর ক্যাট সঙ্গী, কোথাও এক পা বেরোলাম না, কাউকে ঘরে ঢুকতে দিলাম না, রান্না বান্না বাসন মাজা কাপড় কাচা ঝাড়ু মোছা সব একাই করলাম, কী লাভ হলো? কিছুই না। ঠিকই কোভিড হলো। গত এক বছরে শুধু একবার এক ঘণ্টার জন্য বাইরে বেরিয়েছিলাম, তাও দু'মাস আগে, টিকার প্রথম ডোজ নিতে। ওই ডোজটি কিছু অ্যান্টিবডি তৈরি করেছিল বলে হয়তো এ যাত্রা বেঁচে গেছি।

বিশ্বে করোনা আক্রান্তের

(প্রথম পাতার পর)

আক্রান্তের সংখ্যা ১৫ কোটি ৮৩ লাখ ছাড়িয়েছে।

আন্তর্জাতিক পরিসংখ্যানভিত্তিক ওয়েবসাইট ওয়ার্ল্ডোমিটারের তথ্য অনুযায়ী, রবিবার সকাল ৭টা পর্যন্ত সারা বিশ্বে করোনায় আক্রান্ত হয়েছেন ১৫ কোটি ৮৩ লাখ ২ হাজার ২২০ জন।

একই সময়ে করোনায় মারা গেছেন ৩২ লাখ ৯৫ হাজার ৯৭৪ জন। আর সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১৩ কোটি ৫৭ লাখ ১৩ হাজার ১০৪ জন।

ওয়ার্ল্ডোমিটারের ওয়েবসাইটে বলা হয়েছে, এখন পর্যন্ত সবচেয়ে বেশি আক্রান্ত ও মৃতের সংখ্যা যুক্তরাষ্ট্রে। সেখানে মোট আক্রান্তের সংখ্যা ৩ কোটি ৩৪ লাখ ৫৪ হাজার ৫৬৫ জন। আর মৃত্যু হয়েছে ৫ লাখ ৯৫ হাজার ৫৮৭ জন।

আক্রান্তের হিসাবে দ্বিতীয় স্থানে রয়েছে ভারত। দেশটিতে মোট আক্রান্তের সংখ্যা ২ কোটি ২২ লাখ ৯৫ হাজার ৯১১ জন। এর মধ্যে ২ লাখ ৪২ হাজার ৩৯৮ জনের মৃত্যু হয়েছে।

লাইফ সাপোর্ট খুলে নেওয়া

(প্রথম পাতার পর)

ফিরেছে এবং লাইফ সাপোর্ট খুলে নেওয়া হয়েছে বলে জানিয়েছে পরিবার। শনিবার আল-জাজিরার এক প্রতিবেদনে বলা হয়েছে, লাইফ সাপোর্ট খুলে নেওয়ার পর ৫৩ বছর বয়সী নাশিদ বলেছেন, 'আমি ভালো আছি।' তাঁর বোন নাশিদা সাত্তার এক টুইটে বিষয়টি জানিয়েছেন।

নাশিদের সেরে ওঠা দেখে চিকিৎসকেরাও খুব খুশি বলে তাঁর ভাই ইব্রাহিম নাশিদ জানিয়েছেন। এক টুইটে তিনি বলেন, 'নাশিদ এখন লাইফ সাপোর্টের বাইরে। কোনো সহযোগিতা ছাড়াই তিনি শ্বাসপ্রশ্বাস চালিয়ে যাচ্ছেন। অল্পস্বল্প কথাবার্তা বলতে পেরেছেন। আরও শক্তিশালী হয়ে ফিরে আসার প্রতিশ্রুতি দিয়েছেন। তাঁর ওপর আমার আস্থা রয়েছে।'

বৃহস্পতিবার মালদ্বীপের রাজধানী মালেতে নাশিদ নিজের ঘর থেকে বেরিয়ে যখন গাড়িতে উঠছিলেন, সে সময় মোটরসাইকেলে লাগানো কোনো ডিভাইসের বিস্ফোরণ ঘটানো হয়। সন্ধ্যায় এই হামলার পর দ্রুত নাশিদকে দেশটির এডিকে হাসপাতালে নেওয়া হয়। তাঁর ফুসফুস ও যকৃৎ থেকে শার্পনেল বের করতে বেশ কয়েকটি অস্ত্রোপচার করা হয়। অবস্থা সংকটাপন্ন হওয়ায় তাঁকে লাইফ সাপোর্টে নেওয়া হয়।

নাশিদের ওপর হামলার দায় এখনো কেউ স্বীকার করেনি। আজ শনিবার মালদ্বীপের পুলিশ বলছে, বোমা হামলার সঙ্গে জড়িত সন্দেহে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

বৃহস্পতিবারের ঘটনাটিকে 'সন্ত্রাসী' হামলা হিসেবে দেখছে পুলিশ। দেশটির নেতারা নাশিদের ওপর হামলাকারীদের বিচারের আওতায় আনার প্রতিশ্রুতি দিয়েছেন।

ক্ষমতাসীন দল মালদিভিয়ান ডেমোক্রেটিক পার্টির নেতা নাশিদ ২০০৮ সালে মালদ্বীপে গণতান্ত্রিকভাবে নির্বাচিত প্রথম প্রেসিডেন্ট ছিলেন। ধর্মীয় চরমপন্থার কড়া সমালোচক ছিলেন তিনি। বিরোধী দলের নেতাদের বিরুদ্ধে দুর্নীতির তদন্ত শুরুর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন নাশিদ। বর্তমানে পার্লামেন্টের স্পিকারের দায়িত্বে আছেন তিনি।

একটি ইনজেকশনের দাম

(প্রথম পাতার পর)

জন্মের পর থেকে তার বিরল জেনেটিক সমস্যা। এর নাম 'স্পাইনাল মাসকুলার অ্যাট্রোপি টাইপ১'। এই রোগের জন্য তাকে একটি ইনজেকশন দিতে হবে। তার দাম ১৬ কোটি রুপি। কল্পনা করতে পারেন বিষয়টি! এমন সামর্থ্য কতজন মানুষের আছে। হাতেগোনা দু'চারজন থাকতে পারেন।

কিন্তু সংখ্যাগরিষ্ঠ মানুষের সারা জীবনের উপার্জনই ১৬ কোটি রুপির ধারেকাছেও নয়। তাহলে কিভাবে একটি ইনজেকশন ১৬ কোটি রুপিতে কিনবেন ধাইর্যাজসিংহ রাঠোরের পিতামাতা! স্বাভাবিকভাবে তারা মানুষের কাছে হাত পাতেন। তাদের আহ্বানে সাড়া দেন কমপক্ষে দুই লাখ মানুষ। এদেরকে ধাইর্যাজসিংহ রাঠোরের পিতামাতা চেনেন না। মানবতার ডাকে এসব মানুষ উদারতার পরিচয় দিয়েছেন। অবশেষে তাদের বড় হোক বা ছোট দান হোক- সব মিলে ওই ইনজেকশনের দাম সংগ্রহ হয়ে গেছে। ফলে সন্তানের মুখের দিকে তাকিয়ে ধাইর্যাজসিংহ রাঠোরের পিতামাতা এই সব দাতাদের জন্য প্রাণখুলে আশীর্বাদ করছেন। তাদের দানে হয়তো তাদের সন্তান পৃথিবীতে বেঁচে থাকতে পারে। এ খবর দিয়েছে অনলাইন এনডিটিভি। এতে বলা হয়, ধাইর্যাজসিংহ রাঠোরের যে সঙ্কট দেখা দিয়েছে তা নার্ভাস সিস্টেম বা স্নায়ুতন্ত্রকে আক্রান্ত করে। এ অবস্থায় চিকিৎসকরা তার অভিভাবকদের জানিয়ে দিয়েছেন রাঠোর এই অসুস্থতা নিয়ে দু'বছরের বেশি বাঁচবে না। তবে একটি উপায় আছে। তাহলো, যদি তাকে বাঁচিয়ে রাখতে হয় তাহলে একটি ইনজেকশন দিতে হবে। এর নাম 'জোলগেনস্মা'। এর প্রতিটি ডোজের দাম ১৬ কোটি রুপি। এটাকেই এখন পর্যন্ত বিশ্বের সবচেয়ে বেশি দামি ওষুধ বলে বিবেচনা করা হয়। চিকিৎসকদের কথায় তার পিতা রাজদিপসিংহ রাঠোর বলেন, যদি আমাদের সমস্ত সম্পত্তি বিক্রি করে দিতে পারতাম, যদি সারাজীবনের সঞ্চয় একত্রিত করতাম, তাহলেও এই ওষুধ কেনার সামর্থ্য আমাদের হতো না। মুম্বইয়ের পিডি হিন্দুজা হাসপাতালের শিশু নিউরোলজিস্ট ড. নীলু দেশাই বলেন, প্রতি ৮ হাজার থেকে ১০ হাজার শিশুর মধ্যে মাত্র একজনের দেহে এই অসুস্থতা দেখা যায়। যদি ঠিক সময়ে এর চিকিৎসা করানো না হয়, তাহলে তা শিশুর জীবনের জন্য ভয়ঙ্কর এক ঝুঁকি হয়ে ওঠে।

ছেলেকে বাঁচানো রাজদিপসিংহ রাঠোরে কাছে এক অলীক ভাবনা হয়ে ওঠে। তবু তিনি হাল ছাড়েননি। সাহায্যের আবেদন জানান। এতে দুই লক্ষাধিক মানুষ সাহায্যের জন্য এগিয়ে এসেছেন। বিষয়টি তিনি কল্পনাও করতে পারেন না। এজন্য অর্থ সংগ্রহ বিষয়ক প্লাটফর্ম 'ইমপ্যাক্টগুরু'র আশ্রয় নেন তিনি। তাদের সহায়তায় মাত্র ৪২ দিনে কমপক্ষে ২ লাখ ৬৪ হাজার মানুষ এই তহবিলে অর্থ জমা দিয়েছেন। বুধবার নাগাদ এই অর্থের পরিমাণ ১৬ কোটি রুপিতে পৌঁছে গেছে। ফলে রাঠোরের পিতামাতার চোখেমুখে আলোর রেখা দেখা দিয়েছে। তারা আশায় বুক বাঁধছেন- ছেলে তাদের ফিরে আসবে। এরই মধ্যে বুধবারই ধাইর্যাজসিংহ রাঠোরকে এক ডোজের এই ইনজেকশন দেয়া হয়েছে। বলা হয়েছে, তারপর থেকে সে ক্রমাগত ভালোর দিকে। রাজদিপসিংহ রাঠোর বলেন, আমার এই স্বপ্নযাত্রায় যে শুধু মিলিয়নিয়াররাই অর্থ দান করেছেন এমন নয়। এতে যে যতটুকু পেরেছেন তাই দান করেছেন। তারা অতি সাধারণ মানুষ।

উল্লেখ্য বিশ্বের সবচেয়ে দামি এই ওষুধ জোলগেনস্মা প্রস্তুত করেছে যুক্তরাষ্ট্রের বায়োটেকনোলজি বিষয়ক প্রতিষ্ঠান এভিক্সিজ। ওষুধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান নোভার্টিস এটা উৎপাদন করেছে। ২০১৯ সালে যুক্তরাষ্ট্রে এই ওষুধ ব্যবহারের অনুমতি দেয়া হয়। অন্যদিকে বৃটেনে ব্যবহারের অনুমতি দেয়া হয়েছে এ বছর। বৃটেনের জাতীয় স্বাস্থ্য সার্ভিসের মতে, এই চিকিৎসায় একটিমাত্র ইনজেকশন প্রয়োগ করা হয়। কারো দেহে মিস হয়ে গেছে এমন জিন 'এসএমএন১'-এর উপস্থিতি আছে এই ইনজেকশনে। এই জিন শিশু ও কিশোরদের নড়াচড়ার সক্ষমতা তৈরি করে। যদি এর অনুপস্থিতি থাকে তাহলে শিশুরা বিরল জেনেটিক সমস্যায় ভোগে।

টাকওয়ালারা করোনায়

(প্রথম পাতার পর)

করেছেন গবেষকরা। যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়াভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান অ্যাপ্লাইড বায়োলজি ইনকরপোরেশন এ গবেষণা চালিয়েছে। খবর ডেইলি মেইলের।

পুরুষের মাথার চুল পড়ার জন্য এন্ড্রোজেনেটিক এলোপেসিয়া নামের একটি জিন দায়ী। সাধারণত পঞ্চাশের বেশি বয়সী পুরুষদের ওপর এই জিন প্রভাব ফেলে। গবেষকরা চুলপড়া রোগে আক্রান্ত পুরুষদের সঙ্গে করোনা ইনফেকশনের গভীর যোগসাজশ খুঁজে পেয়েছেন। তারা বলছেন, করোনা আক্রান্ত হয়ে যেসব পুরুষ হাসপাতালে ভর্তি হয়েছিলেন, তাদের অধিকাংশের টাক রয়েছে। এন্ড্রোজেন হরমোন করোনাভাইরাসের উদ্দীপক হিসেবে কাজ করে।

একটি গবেষণার অংশ হিসেবে ৬৫ জন করোনা আক্রান্ত রোগীর ওপর পরীক্ষা চালিয়েছেন তারা। দেখা গেছে, সমবয়সী পুরুষ যাদের মধ্যে এন্ড্রোজেনেটিক এলোপেসিয়া হরমোন বিশেষভাবে ক্রিয়াশীল, তাদের ৭৯ শতাংশ করোনা আক্রান্ত হয়ে হাসতাপালে ভর্তি হয়েছেন, যা স্বাভাবিক হারের চেয়ে আড়াইগুণ বেশি।

প্রতিষ্ঠানটির গবেষক অ্যান্ডি গোরেন বলেন, আমাদের গবেষণা এখনও চলমান। ধারণা করছি, এন্ড্রোজেন হরমোনের মাধ্যমে কভিড-১৯ রোগী চিহ্নিত করা সম্ভব হবে। গবেষণার ফলাফল ইউরোপিয়ান অ্যাকাডেমি অব ডার্মাটোলজি অ্যান্ড ভেনেরিওলজির ২০২১ সালের সিম্পোজিয়ামে উপস্থাপন করা হবে বলে তিনি জানান।

মেডিকেল ইউনিভার্সিটি অব ওয়ারশের ত্বকবিশেষজ্ঞ লিদিয়া রুদনিকা বলেন, এ গবেষণায় মানবজিনের সঙ্গে কোভিড রোগের সম্পর্ক আবিস্কার করা গেলে চর্মরোগ নিরাময়ের ক্ষেত্রে দারুণ এক অগ্রগতি হবে।

দায়ী চীনা সুন্দরী!

(প্রথম পাতার পর)

ভেঙে গেছে। তবে তাদের বিচ্ছেদের জন্য সামাজিক যোগাযোগ মাধ্যমে এক চীনা সুন্দরী নারীকে দায়ী করা হচ্ছে! ঝি শেলি ওয়াং নামের ওই নারী 'বিল অ্যান্ড ফাউন্ডেশনের' অনুবাদক হিসেবে কাজ করেন। তবে এসব অভিযোগ অস্বীকার করে শেলি বলেছেন, বিল গেটস ও মেলিন্ডা গেটস দম্পতির সঙ্গে আমার পেশাদারিত্বের সম্পর্ক।

বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রভিত্তিক সংবাদমাধ্যম ফক্স নিউজের এক প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে। খবরে বলা হয়, ২০১৫ সাল থেকে বিলের ওই ফাউন্ডেশনে অনুবাদক হিসেবে কাজ করছেন ৩৬ বছর বয়সী শেলি। বিল-মেলিন্ডা দম্পতির বিচ্ছেদের ঘোষণার পর সামাজিক যোগাযোগমাধ্যমে বিল গেটস ও তাকে জড়িয়ে নানা গুজব ছড়াতে থাকে। বিল গেটসের সঙ্গে তার অন্তরঙ্গতা বিচ্ছেদকে ত্বরান্বিত করেছে বলেও অভিযোগ করেন অনেকে।

পরে এ নিয়ে মুখ খোলেন শেলি। চাইনিজ সোশ্যাল মিডিয়া উইবো-তে এক স্ট্যাটাসে তিনি বলেন, আমি মনে করেছিলেন, গুজবটি এমনিতেই চলে যাবে। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে তা ছড়িয়ে পড়তে শুরু করে। তিনি এসব ভিত্তিহীন গুজবে সময় ব্যয় করেন না বলেও জানান।

শেলি তার স্ট্যাটাসের শেষে 'গেটস বিবাহবিচ্ছেদ, একজন নির্দোষ চীনা মেয়ের বদনাম করতে কিছু দুশ্চরিত্র মানুষ গুজব ছড়াচ্ছে' শিরোনামের একটি গল্পের লিঙ্কও জুড়ে দেন। প্রসঙ্গত সাত বছর প্রেমের সম্পর্ক থেকে বিয়ে করেছিলেন বিল গেটস ও মেলিন্ডা। সম্প্রতি দীর্ঘ ২৭ বছরের দাম্পত্য জীবনের ইতি টানার ঘোষণা দেন।

চার গুণ বেশি শরণার্থী

(প্রথম পাতার পর)

এই ঘোষণার কয়েক ঘণ্টার মধ্যেই হোয়াইট হাউজের পক্ষ থেকে বলা হয়, মে মাসে বাইডেন এই সংখ্যা সংশোধন করবেন। বাইডেন বলেন, আগের প্রশাসন ঐতিহাসিকভাবে সবচেয়ে কম ১৫ হাজারের যে সীমা দিয়েছিল, সেটা শরণার্থী সহায়ক জাতি হিসেবে আমেরিকার মূল্যবোধকে প্রতিফলিত করে না। বিশ্বের বিভিন্ন স্থানে যারা অনেক ভোগান্তির পর উদ্বেগের সঙ্গে নতুন জীবন শুরুর অপেক্ষায় আছেন, তাদের মন থেকে দীর্ঘ দিনের সংশয়কে দূর করার জন্য আজকের এই পদক্ষেপ খুবই জরুরি ছিল।

সাবেক ডেমোক্র্যাট প্রেসিডেন্ট বারাক ওবামার এক লাখ ১০ হাজার শরণার্থী নেওয়ার সিদ্ধান্ত পাল্টে রেকর্ড পরিমাণ কমিয়ে ১৫ হাজারে নামিয়ে এনেছিলেন ট্রাম্প। নির্বাচনী প্রচারে জো বাইডেন এই সংখ্যা বাড়ানোর প্রতিশ্রুতি দিলেও এপ্রিলে তিনিও ট্রাম্পের নীতি অনুসরণ করায় সমালোচনার মুখে পড়েন। বিভিন্ন দেশ থেকে যুক্তরাষ্ট্রে পাড়ি জমানো শরণার্থীদের অনেকেই নিজ দেশের সংঘাত-সহিংসতা থেকে বাঁচতে পালিয়ে আসে। যুক্তরাষ্ট্রে ঢুকতে তাদের অনেক পরীক্ষার পরও অনুমোদনের জন্য অপেক্ষা করতে হয়।

স্কটল্যান্ড পার্লামেন্টে প্রথম

(প্রথম পাতার পর)

থেকে লোদিয়ান রিজিওন্যাল লিস্ট প্রার্থী হিসেবে নির্বাচিত হয়েছেন এডিনবরার ফয়ছল চৌধুরী। তিনি বাংলাদেশের হবিগঞ্জের সন্তান। এবারের নির্বাচনে ১২৯টি আসনের মধ্যে ৬৩ সিট পেয়ে সর্বোচ্চ আসন নিয়েছে এসএনপি। তবে সরকার গঠনের জন্য প্রয়োজন আরো এক আসন। সেক্ষেত্রে স্বতন্ত্র বা অন্য কোনো দলের সাথে কোয়ালিশন করতে হবে স্কটিশ ন্যাশনাল পার্টির।

ইকুয়ালিটি অ্যান্ড হিউম্যান রাইট অ্যাকটিভিস্ট ফয়ছল চৌধুরী দীর্ঘদিন ধরে লেবার পার্টির রাজনীতির সঙ্গে যুক্ত। লেবার পার্টি থেকে ২০১৭ সালে অনুষ্ঠিত ওয়েস্ট মিনস্টার পার্লামেন্ট নির্বাচনে এডিনবরা সাউথওয়েস্ট আসনে লড়াই করেন ফয়ছল চৌধুরী।

এছাড়া ২০১৪ সালে স্কটিশ রেফারেন্ডাম চলাকালীন 'বাংলাদেশিজ ফর বেটার টুগেদার ক্যাম্পেইন'-এর সমন্বয়কারী ছিলেন তিনি। ঐতিহাসিক গণভোট এবং অন্যান্য মূলধারায় রাজনৈতিক কর্মকাণ্ডে স্থানীয় বাংলাদেশি কমিউনিটিকে যুক্ত করতে রয়েছে তার উল্লেখযোগ্য ভূমিকা।

আলোচ্য আয়াতে ওশর বা ফসলের জাকাতের বিধান বর্ণিত হয়েছে। তবে তার পরিমাণ এখানে উল্লেখ করা হয়নি। এর বিস্তারিত বিবরণ হাদিসে পাওয়া যায়। হিজরতের দুই বছর পর রাসুলুল্লাহ (সা.) অন্যান্য সম্পদের জাকাতের বিধান বর্ণনার পাশাপাশি ফসলের জাকাতও বর্ণনা করেছেন। সব হাদিস গ্রন্থেই এই হাদিসটি রয়েছে: 'যেসব ক্ষেতে পানি সেচের ব্যবস্থা নেই, শুধু বৃষ্টির পানির ওপর নির্ভর করতে হয়, সেসব ক্ষেতের উৎপন্ন ফসলের ১০ ভাগের এক ভাগ জাকাত হিসেবে দান করা ওয়াজিব। আর যেসব ক্ষেতে কূপের পানি দিয়ে সেচ করা হয়, সেগুলোর উৎপন্ন ফসলের ২০ ভাগের এক ভাগ দান করা ওয়াজিব।' শরিয়তে জাকাত আইনের মূলনীতি হলো, যে ফসল উৎপাদনে পরিশ্রম ও ব্যয় কম, তার জাকাতের পরিমাণ বেশি আর যে ফসলে পরিশ্রম ও ব্যয় পরিমাণে বৃদ্ধি পায়, জাকাতের পরিমাণও হ্রাস পায়। উদাহরণ, কেউ যদি কোনো লুক্কায়িত ধনভান্ডার পেয়ে বসে কিংবা সোনা-রূপা ইত্যাদির খনি আবিষ্কৃত হয়, তবে তার পাঁচ ভাগের এক ভাগ জাকাত হিসেবে দান করা ওয়াজিব। কেননা এখানে পরিশ্রম ও ব্যয় কম এবং উৎপাদন বেশি। এরপর বৃষ্টিবিধৌত ক্ষেতের ক্ষেত্রে ১০ ভাগের এক ভাগ ধার্য করা হয়েছে। এতে পরিশ্রম ও ব্যয় অপেক্ষাকৃত কম। তারপর সেই ক্ষেত বা ফসলি জমি, যা কূপ থেকে সেচের মাধ্যমে বা খালের পানি ক্রয় করে সিক্ত করা হয়। এতে পরিশ্রম ও খরচ বেড়ে যায়। ফলে এর জাকাত তারও অর্ধেক। অর্থাৎ ২০ ভাগের এক ভাগ ধার্য করা হয়েছে। হানাফি মাজহাব মতে, ক্ষেতের ফসল কম হোক বা বেশি, সর্বাবস্থায়ই তার জাকাত দিতে হবে।

(তাফসিরে মাআরেফুল কোরআন ও ইবনে কাসির অবলম্বনে)

কোন পাপে!)

(শেষের পাতার পর)

ঈদচান্দে ছুটিছাটায় মানুষ বুঝি আনন্দ ফুর্তি করার জন্যই গ্রামের বাড়ী যায়। যেন বাড়ী যাওয়াটা তাদের এক ধরনের বিলাসিতা! ধারনাটা ঠিক না। এই মহামারির মধ্যেও ঝুঁকি নিয়ে যারা পথে বোরোন তারা গরু ছাগল না, পরিস্থিতির গুরুত্ব কেউ যে কম বোঝেন তাও না। সবাই সচেতন। তারপরও যখন গাড়ীবোচকা নিয়ে বাড়ীর উদ্দেশ্যে রওনা দেয় বুঝতে হবে নিদারুন ঠ্যাকায় পড়েই জেনেবুঝেই এই দুর্ভোগ যাত্রা। ঢাকা শহরে বসবাসকারি পঞ্চাশ থেকে ষাট লক্ষ মানুষের পরিবার পরিজন থাকে গ্রামের বাড়ীতে। এদের অধিকাংশই নিম্ন আয়ের মানুষ, খুবই অল্প বেতনের চাকুরে। পরিবারের সঙ্গে মিলিত হওয়া বা কিছুদিন একসাথে কাটানোর জন্য ঈদ চান্দের লম্বা ছুটিগুলোই একমাত্র উপায়। অনেকে আছেন ছুটিতে ঢাকায় থাকার মত অবস্থা থাকে না, বাধ্য হয়ে গ্রামের বাড়ী চলে যেতে হয়। ঈদের মধ্যে কারও বাবা মা অপেক্ষায় থাকে স্ত্রী সন্তানরা আশায় থাকে পরিবারের উপার্জনক্ষম মানুষটি কখন আসবে। অনেকের পারিবারিক কিছু কাজ থাকে, পরিবারের কেউ অসুস্থ হতে পারে। নানা কারনেই লম্বা ছুটিতে মানুষকে বাড়ী যেতে হয়। এটাই আমাদের ঐতিহ্য, কালচার। আবহমান কাল ধরে প্রতিবার ঈদেই তাই হয়ে আসছে।

এই নিরূপায় মানুষ ঢাকা ছাড়তে শুরুরু করলেই ওই উন্নাসিকগুলো 'সব গেল সব গেল' রবে মাতম শুরু করে দেন। গতবার ঈদেও সবকিছু বন্ধ করা হয়েছিল, কিন্তু মানুষের ঘরেফেরা ঠেকানো যায় নাই। তখনও একই রবে চীৎকার চেঁচামেচি শোনা গেছে। কিন্তু বাস্তবে দেখা গেল মানুষের এই যাতায়তে সংক্রমনের কোন হেরফের হয়নি! এবার অবশ্য ভিন্ন চিত্র। সব খোলা শুধু দুরপাল্লার বাস ট্রেন লঞ্চ বন্ধ! কাদের স্বার্থে বা সুবিধার্থে এই ব্যবস্থা বোধগম্য নয়। তাতে কি মানুষের ঘরেফেরা আটকে রাখা গেছে না যাচ্ছে! ব্যয় বেড়েছে চার থেকে পাঁচগুন। ঈদ বোনাস কামাই হয়ে গেছে বিশেষ এক ধরনের মানুষের!

দুইদিন ফেরিঘাটগুলোয় ঘরমুখো অসহায় মানুষদের বাড়ী ফিরতে মরনপন সংগ্রামের দৃশ্য দেখে সারা দেশের বিবেকবান মানুষের হৃদয় যখন আলোড়িত তখনও ওই উন্নাসিককুল বলছে সরকারি নির্দেশ অমান্য করে বাড়ী ফিরতে চাওয়ার অপরাধে হতভাগা মানুষগুলোর বিরুদ্ধে কঠিন শাস্তির ব্যবস্থা করা হোক! কি অদ্ভুত মানসিকতা! লক্ষ লক্ষ মানুষ আজ রাস্তায়। ভেঙ্গে ভেঙ্গে, তিন চারগুন বেশী ভাড়া দিয়ে, আট সীটের গাড়ীতে ময়দার বস্তার মত গাদাগাদি করে পনেরজন বসে গন্তব্যে যাচ্ছে, ফেরিঘাটে হাজার হাজার মানুষ পারাপারের অপেক্ষায় আহাজারি করছে, কই তাদের প্রতি সমবেদনা সহানুভূতি জানাবে সরকারের কাছে মানুষের ভোগান্তিমুক্ত নিরাপদ বাড়ী পৌঁছানোর ব্যবস্থা করার দাবী করবে উল্টো এই লক্ষ লক্ষ মানুষের কঠোর শাস্তি দাবী করছে! বলিহারি আমাদের রাজনৈতিক দলগুলো সুশীল সমাজ ন্যায়াধিকার মানবাধিকারের সোল এজেন্টরা- ঘরমুখো মানুষের দুর্ভোগ লাঘবে কেউ টু শব্দটি করছেন না! যেন এরা মানুষ না, একপাল গরু-ছাগল!

এই ঘরেফেরা মানুষগুলো নাকি সারা দেশে করোনা ছড়িয়ে দেবে, যেন সবাই একএকজন করোনার ডিপো! আচ্ছা বলুন যে লোক করোনায় আক্রান্ত এই ভীড় ঠেলে তার বাড়ী যাওয়ার মত শারিরীক অবস্থা আছে! হয় তাকে হাসপাতালের বেডে শুয়ে অথবা বাড়ীতেই বসে থাকতে হবে। তাছাড়া এবারের ভাইরাস সময় দিচ্ছে না। ধরার বারো-পনের ঘন্টার মধ্যে জীবন মরন ফাইনাল করে দিচ্ছে। কাজেই ফেরিতে চেপে যাদেরকে নদী পার হতে হচ্ছে বা ঢাকা ছেড়ে গ্রামে যাচ্ছে তাদের মধ্যে দুইএকজন বাহক থাকলেও এরাই যে সারা দেশে করোনা ছড়িয়ে দেবে এ এক অমুলক ধারনা। প্রধানত: এরা সমাজের নীচের স্তরের মানুষ, মেহনতি জনগন। এরা শারিরীক পরিশ্রম করে, এই শ্রেণীর মানুষের ইমিউন শক্তিশালী। এদের ভ্যাকসিন লাগেনা এমনিতেই শরীরে এন্টিবডি তৈরী আছে। এদের মাধ্যমে করোনা সংক্রমনের শংকা পাঁচ পার্সেন্টও না। গত বছর এরা একইভাবে হুরোহুরি করে বাড়ী গেছে এসেছে, এমন কোন প্রমান নাই এদের মাধ্যমে গ্রামেগঞ্জে করোনা সংক্রমিত হয়েছে। যদি তাই হতো এতদিনে গ্রামকে গ্রাম উজাড় হয়ে যেতো। দু:খের বিষয় এক শ্রেণীর লোক নিজেরা আরাম আয়েশে ঘরে বসে অযথা জুজুর ভয় ছড়িয়ে চলেছে!

এই যে সারা দেশে আজ পরিবহন নৈরাজ্য, এর জন্য দায়ী কে? একটিবারও তো কেউ ভাসুরের নাম মুখে আনছে না! টিভি নিউজে টক শো'র টকাররা ইনিয়ে বিনিয়ে শুধু পাবলিককে দোষারোপ করে চলেছে। কেন তারা বাড়ী যাবে! কেউ তো বলছে না কেন তাদের বাড়ী যাওয়া দরকার! মানবিক দৃস্টিভঙ্গিতে কাউকে তো কিছু বলতে দেখছি না! মানুষের এই যাতায়ত নিরূপদ্রুত করতে সরকারের প্রতি কাউকে দাবী জানাতে শুনছি না। একই বাহানা- 'কেউ স্বাস্থ্যবিধি মানছে না' আর 'গ্রামে গিয়ে সবাই করোনা ছড়িয়ে দেবে'! এইসব উষ্ট্রপক্ষী কি জানে মানুষ এখন আগের চেয়ে কত বেশী সচেতন! কত পার্সেন্ট লোক মাস্ক ব্যবহার করে! ঘরে কতটা সাবধানতা অবলম্বন করে থাকে! তা যদি না করতো সংক্রমন এবং মৃত্যু এমনি এমনি কমে আসে! এখানে সরকার বা কার কি কৃতিত্ব? যা কিছু কৃতিত্ব- পাবলিকের, আমজনতার। কোথাও কোন পজিটিভ নিউজ নাই, শুধু হতাশা আতংক আর ভয় দেখানো। গনবিরোধী দালাল মিডিয়াগুলো নিজেদের মধ্যে প্রতিযোগীতা করে শুধু একটাই পজিটিভ প্রচারণা চালাচ্ছে- সমস্ত প্রশংসা সরকারের!

প্রথম থেকেই বলে আসছি 'না ঘরকা না ঘাটকা'গোছের তথাকথিত কঠোর লকডাউন এক ধরনের তামাশা ছাড়া কিছু না। এখানে মাঝামাঝির অবকাশ নাই। শতভাগ কঠোরতা আরোপ বা বাস্তবায়ন যখন সম্ভব না ধীরে ধীরে সবকিছু স্বাভাবিক করে দেয়াই উত্তম। সরকার সে পথেই গেছে। একে একে সবই খুলে দিয়েছে। ভাল কথা। দুরপাল্লার বাস ট্রেন লঞ্চ কেন বন্ধ রাখার উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছিল মানুষ যেন এক জায়গা থেকে অন্যত্র যেতে না পারে। কিন্তু সকল যানবাহন খোলা রেখে তা কিভাবে সম্ভব এই সাধারন বোধটা কারও মাথায় কাজ করলো না! নীতিনির্দ্ধারকরা কি করে ধরে নিলেন দুরপাল্লার বাস বন্ধ রাখলেই মানুষ এক জেলা থেকে অন্য জেলায় যেতে পারবে না! তারও চেয়ে বড় কথা- এটা তো জানা ঈদে মানুষ বাড়ী যাবেই! তারা কেন মনে করলেন একটা প্রজ্ঞাপন বা হুকুম জারী করলেই সবাই সুবোধ বালকের মত সুড়সুড় করে গিয়ে ঘরে বসে থাকবে! বাঙ্গালী কি সেই জাত! এটা বাঙ্গালীর ঐতিহ্য। নানা কারনেই ছুটিছাটায় বাড়ী যাবে। এইসব কর্তাব্যক্তিরা কি বিদেশ থেকে আগত! বাঙালী চরিত্র মন মানসিকতা কেন বুঝবেন না! তারপরও যখন দেখা গেল হাজার হাজার মানুষ রওনা হয়ে গেছে, পথে পথে চেকপোষ্ট বসিয়ে আটকানো যায় নাই- উচিত ছিল না কি বাস্ড়বতা মেনে নিয়ে তাদের নিরাপদ যাত্রাটুকু নিশ্চিত করা। একটি জনকল্যাণধর্মী সরকারের তো সেটাই কাজ। উল্টো কি করা হলো- এমন কিছু পদক্ষেপ নেয়া হলো যাতে জনদুর্ভোগ আরও বাড়ে। ফেরিই বন্ধ করে দেয়া হলো! আজ থেকে ঘাটে ঘাটে বিজিবি বসে গেছে! আল্লাহই জানেন হতভাগা মানুষগুলোর ভাগ্যে আরও কি কি দুর্ভোগ আছে!

আমি জানিনা এইসব বুদ্ধি পরামর্শ কারা পাকান বা নীতিনির্দ্ধারনী পর্যায়ে কারা আছেন। খুব সহজ ব্যপারকে জটীল করে তোলা হয়েছে। আবারও বলছি, সবই যখন খুলে দেয়া হলো স্বাস্থ্যবিধি মেনে দুরপাল্লার বাস ট্রেন লঞ্চ চলাচলে অনুমতি দিলে কোন ক্ষতি হতো না। তাতে গাদাগাদি করে যাতায়তের কারনে করোনা ছড়ানোর শংকা তৈরী হতো না, মানুষও স্বস্ড়ি দায়ক ভ্রমন করতে পারতো। এখনও ঈদের বাকি পাঁচ দিন। যাবার যারা তাদের অর্দ্ধেকও ঢাকা ছাড়েনি। কলকারখানা বেসরকারি অফিসে বেতন ভাতা পাওয়ার পর বুধবার থেকে নামবে আর একটা ঢল। এদিকে গার্মেন্টসয়ের শ্রমিক কর্মচারিরা ছুটি বাড়ানোর জন্য আন্দোলনে নেমেছে। তারা এখনও রওনা হয় নাই। লম্বা লকডাউনের শুরু থেকেই সরকারি কর্মকর্তা কর্মচারিদের কিছু অংশ ইতিমধ্যেই বাড়ী গিয়ে বসে আছে। ঈদের ছুটি তিনদিনের কারনে তাদেরকে ১৬ তারিখের মধ্যে ঢাকা আসতে হবে (যদি 'কঠোর লকডাউন' বা সরকারি চাকুরেদের সাধারন ছুটি আরও বাড়ানো না হয়)। সে ক্ষেত্রে ঈদের পরদিন থেকে শুরু হয়ে যাবে আর এক দফা। তখন কি মানুষের ঢাকা ফেরাও আটকানো হবে!

এই লকডাউন সাধারন ছুটি গণপরিবহন ঈদের ছুটি সবশেষ মানুষের যাতায়ত নিষেধাজ্ঞা নিয়ে যা করা হলো তা কোন সুস্থ চিন্ড়াভাবনার প্রমান বহন করে না। বাংলায় একে বলা হয় 'হুজ্জুতি'! আমাদের নীতিনির্দ্ধারকরা এতটাই উন্নাসিক বা অদুরদর্শী তা মনে করতে চাই না। পাঁচদিন সময় আছে, সরকার যে জনদুর্ভোগের না, জনকল্যানের- প্রমান করতে এখনও কিছু বাস্তব এবং কার্যকর পদক্ষেপ নেয়া যায়। দুরপাল্লার বাস লঞ্চ ট্রেন ফেরি খুলে দিয়ে স্বাস্থ্যসম্মত যাতায়ত ব্যবস্থা নিশ্চিত করা গেলে গাদাগাদি করে বাড়ী ফেরার চাইতে বেশী সংক্রমনের আশংকানি।

ঈদে মেহেদী ব্যবহারে

(শেষের পাতার পর)

জীবনে অনেক উপকারে আসে। কেউবা মাথায় ব্যবহার করে আবার কেউ বা হাতে এবং আঙ্গুলে ব্যবহার করে।

বিশেষ কোন উপলক্ষ্যেও কেউ কেউ ব্যবহার করে। প্রকৃত মেহেদী হলো প্রাকৃতিক মেহেদী। বর্তমানে বাজারে অনেক কোম্পানি মেহেদি পরিবেশন করে যা সৃষ্টিকর্তা প্রদত্ত প্রাকৃতিক নির্যাস থেকে তৈরী না হয়ে প্রস্তু হয় বিভিন্ন ক্যামিক্যালের সমন্বয়ে। এই ক্যামিক্যাল সমন্বয়ই মানব জীবনে নিয়ে এসেছে এক বিরাট বিপর্যয়। ঈদ আসলে মেহেদী কোম্পানিগুলোতে সাজ সাজ রব পড়ে যায়।

বিশেষ করে বাচ্চাদের মেহেদী থেকে সামলানো খুব কাঠন। সখের এই মেহেদীর জন্য মাশুল দিতে হতে পারে মারাত্মক চর্মরোগে। বহুজাতিক কোমাপানির বিভিন্ন ক্যামিকেল মেহেদীতে সংমিশ্রনের ফলে চর্ম রোগ হয়। মেদীতে প্যারাফিনাইলানিডিয়ামিন, প্যারাফিনাইলমার্কারিক নাইট্রেট, পটাসিয়াম ডাইক্রোমেট-এর মতো রাসায়নিক সচরাচরই ব্যবহার করা হয়। যা অ্যালার্জি ও চর্মরোগের কারণ হয়ে উঠতে পারে।

তাই সবার আগে দেখে নেওয়া উচিত এই রাসায়নিক কারও পক্ষে ক্ষতিকর হতে পারে কি না। তারপরই মেহেদী পরা উচিত। যদিও স্থানীয় বহু মেহেদীর দোকানেই এর তেমন কোনও ব্যবস্থা নেই। সামনে ঈদ এই উৎসবে মেহেদী কি ব্যবহার করব না তা কিন্তু না। মেহেদী যেহেতু প্রকৃতি থেকে এসেছে তাই প্রকৃত পাতার মেহেদীই আমরা ব্যবহার করতে পারি। বিভিন্ন ব্র্যান্ড কোম্পানির মেহেদী ব্যাবহার করতে চাইলে বুঝে-শুনে করবেন। পরিশেষে মেহেদী রাঙ্গানো ঈদ আপনি থাকুন সুস্থ্য ও সুন্দর।

লেখক: সহকারী অধ্যাপক (ডার্মাটোলজী), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।

ট্রাম্পের উপর ফেসবুকের নিষেধাজ্ঞা বহাল

(শেষের পাতার পর)

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ফেসবুক এবং ইনস্টাগ্রাম ব্যবহারের ওপর যে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছিল বুধবার (৫ মে) ফেসবুকের ওভারসাইট বোর্ড সেই নিষেধাজ্ঞা বহাল করেছে। সাময়িকভাবে তার অ্যাকাউন্ট বন্ধ রেখে তা আবার চালু করা হবে কি না তা মূল্যায়ন করার জন্যই ফেসবুকের ওভারসাইট বোর্ড বৈঠকে বসেছিল। ক্যাপিটল হিলে তার সমর্থকরা হামলা চালানোর পর থেকে টুইটারও স্থায়ীভাবে ট্রাম্পের অ্যাকাউন্ট বন্ধ করে দিয়েছে। ওই সময় তার ফেসবুক, ইনস্টাগ্রাম ও ইউটিউব চ্যানেলও বন্ধ করে দেওয়া হয়। ক্যাপিটল হিলে দাঙ্গার পর কোনো রাষ্ট্রনেতার বিরুদ্ধে নিষেধাজ্ঞার মতো নজিরবিহীন সিদ্ধান্ত নেওয়ার পরই বিষয়টি পর্যালোচনার জন্য ফেসবুকের ২০ সদস্যের ওভারসাইট বোর্ডে যায়। এই ওভারসাইট বোর্ড 'ফেসবুকের সুপ্রিম কোর্ট' হিসেবে পরিচিতি পেয়েছে।

আবারো স্কুলে বন্দুক হামলা

বাংলা পত্রিকা ডেস্ক: বন্দুক নিয়ে স্কুলে গিয়ে এলোপাতাড়ি গুলি চালিয়েছে এক কিশোরী। এতে দুই শিক্ষার্থী ও স্কুলের একজন কর্মী আহত হয়েছেন। যুক্তরাষ্ট্রের আইদাহ অঙ্গরাজ্যে বৃহস্পতিবার (৬ মে) এ ঘটনা ঘটেছে। আইদাহর রিগবি শহরে রিগবি মিডল স্কুলের ক্লাস সিক্সের শিক্ষার্থী ওই কিশোরী। পুলিশ জানায়, তার বয়স ১১ কিংবা ১২ বছর। স্থানীয় কাউন্টির শেরিফ কর্মকর্তারা জানান, ওই কিশোরী ব্যাগে করে বন্দুক নিয়ে স্কুলে যায়। ক্লাস শেষে বের হওয়ার আগে ব্যাগ থেকে বন্দুক বের করে গুলি করা শুরু করে সে। এলোপাতাড়িভাবে বেশ কয়েকটি গুলি ছোড়ে। এতে দুই শিক্ষার্থী ও স্কুলের একজন কর্মী আহত হন। একপর্যায়ে একজন শিক্ষক তার কাছ থেকে বন্দুক কেড়ে নেন। শেরিফ জানায়, ওই কিশোরী এখন পুলিশি হেফাজতে আছে। কেন সে স্কুলে বন্দুক নিয়ে গুলি চালিয়েছে, সে সম্পর্কে এখনো কিছু জানা যায়নি।

১৯ মে থেকে চালু হচ্ছে রেস্টুরেন্টের ইনডোর

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কে সংক্রমণ কমে আসায় একে একে তুলে নেয়া হচ্ছে করোনা বিধি-নিষেধ। তারই অংশ নিসেবে শুক্রবার থেকে ইনডোর ডাইনিংয় ৭৫ শতাংশ চালুর অনুমতি দেয়া হয়েছে। নতুন এ নিয়ম থাকবে মাত্র দুই সপ্তাহের কম সময়। তারপর আগামী ১৯ মে থেকে রেস্টুরেন্টের ইনডোরে শতভাগ গ্রাহক ঢুকানো যাবে। করোনা মহামারিতে নিউইয়র্কে ক্ষতিগ্রস্ত খাত গুলোর মধ্যে একটি রেস্টুরেন্ট ব্যবসা। ধীরে ধীরে রেস্টুরেন্ট থেকে বিধি-নিষেধ তুলে দেয়ায় ব্যবসায়ীদের মধ্যে স্বস্তি বিরাজ করছে। আর পরিবার পরিজন নিয়ে রেস্টুরেন্টে বসে আহার করতে পেরে খুশি নগরবাসী।

করোনা সনাক্তের দু'দিনের মাথায় কিশোরীর মৃত্যু

বাংলা পত্রিকা ডেস্ক: করোনা সনাক্তের মাত্র দু'দিনের মাথায় মারা গেছে যুক্তরাষ্ট্রের এক কিশোরী। ইলিনয় অঙ্গরাজ্যের বলিংব্রুক সিটির বাসিন্দা এ কিশোরীর বয়স ১৫ বছর। গত ২ মে রোববার ডাইকোটা মরগান নামের এ কিশোরির করোনা পজিটিভ সনাক্ত হয়। মরগানের বাবা-মা জানান, করোনা সনাক্তের পর তার শারীরিক অবস্থা স্বাভাবিক ছিল। কিন্তু সোমবার সন্ধ্যা নাগাদ তার অবস্থা খারাপ হলে নিয়ে যাওয়া হয় স্থানীয় একটি হাসপাতালে। সেখানে নেয়ার পর কিশোরীর অবস্থা আরও খারাপ হয়ে পড়ে। উন্নত চিকিৎসার জন্য সঙ্গে সঙ্গে তাকে হেলিকপ্টারে করে লুরি শিশু হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করে হাসপাতালটি। কিন্তু হাসপাতালে পৌঁছানোর আগেই হেলিকপ্টারে মারা যান মরগান। এ ঘটনার পর কিশোরদের করোনা ভ্যাকসিন দেয়ার বিষয়টি আরও জোড়ালো হয়েছে। করোনা থেকে কিশোরদের রক্ষায় যত তাড়াতাড়ি সম্ভব ভ্যাকসিন প্রদান করার পরামর্শ দিয়েছেন মরগানের বাবা-মাও।

টুরিস্টদেরও বিনামূল্যে ভ্যাকসিন

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটিতে ভ্যাকসিন প্রদান বাড়াতে চলতি সপ্তাহ থেকে টুরিস্টদেরও বিনামূল্যে ভ্যাকসিন দেয়া হবে। তাদের দেয়া হবে জনসন এন্ড জনসনের ভ্যাকসিন। টুরিস্টদের ভ্যাকসিন দিতে টাইমস স্কয়ার, সেন্ট্রাল পার্ক, হাই লাইন, ব্রুকলিন ব্রিজ পার্কসহ নগরের গুরত্বপূর্ণ জায়গায় বসানো হবে মোবাইল ভ্যাকসিন সেন্টার। বেলা ১টা থেকে সন্ধ্যা ৮ পর্যন্ত এসব কেন্দ্রে গিয়ে ভ্যাকসিন নিতে পারবেন টুরিস্টরা। এর আগে সিটির বাসিন্দা ও শ্রমজীবী মানুষদের জন্য ভ্যাকসিন নেয়ার অনুমতি ছিল। সিটি মেয়র বিল ডি ব্লাজিও জানান, পর্যটকদের আকৃষ্ট করতে তাদের ভ্যাকসিন দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

বাসা ভাড়া

ব্রঙ্কস পার্কচেস্টার সাবওয়ের কাছে ৬ ট্রেনে ১৩-৪২ Pugsleyএ-ভিনিউ সেমিবেসমেন্টে ১, ২, ৩ বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। প্রয়োজনে শুধু রুমও দেয়া হবে।
৭১৮-৮৬৪-৭৩৬৭

অ্যাপার্টমেন্ট ভাড়া

ব্রঙ্কসের ওয়েস্টচেষ্টার স্কয়ারে (জেরেগা এভিনিউর কাছে) তিন বেডরুম ও দুই বাথরুম-এর অ্যাপার্টমেন্ট ১ জুন থেকে ভাড়া হবে। যোগাযোগ: ইসলাম চৌধুরী।
ফোন: ৭১৮-৭৯০-৮১৮৭
মে-১০/১৭

আবশ্যক

ব্রঙ্কসের খলিল বিরিয়ানী হাউজের জন্য জরুরি ভিত্তিতে ম্যানেজার, ওয়েটার/ওয়েট্রেস পদ সমূহে লোক নিয়োগ করা হবে। অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। যোগাযোগ:
৯২৯-৬২৪-৮৩৯৮

আবশ্যক

একটি মেডিকেল অফিসের জন্য মেডিকেল এসিসটেন্ট, সনোগ্রাফার ও রিসেপসনিস্ট আবশ্যক।
যোগাযোগ: ২১২-২২৬-৮০০০
মে-১০/১৭

বাসা ভাড়া

সানিসাইড, ৪৬ স্ট্রীট এবং ৪৮ এভিনিউ অধূমপায়ী মুসলিম পরিবারের জন্য ২য় তলা সম্পূর্ণ নতুনভাবে তৈরি করা দুই বেড রুম বাসা ভাড়া দেয়া হবে। মোট ভাড়া ২০০০ ডলার। যোগাযোগঃ ৯১৭-৫৬২-১৩৬৮
এ-১৯/২৬

WANTED

We are looking for a meat store helper. Store in 160-02 Hillside Ave, Jamaica NY. Good pay based on experience. Contact: 646 610 1983 / 646 248 3437
এ-১৯/২৬

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার হলিসে ৯৪-৩০ ১৯৯ নিউইয়র্ক-১১৪২৩ এ সুন্দর পরিবেশে হিলসাইড এভিনিউর কাছে একটি সুন্দর সেমি বেসমেন্ট (টু বেডরুম, বাথরুম কিচেন) পহেলা এপ্রিল থেকে ভাড়া হবে। যোগাযোগ:

বাসা ভাড়া

ব্রঙ্কসের থ্রসনেক এলাকায় (১০৩৭ কুইন্সি এভিনিউ) ১ বেড রুমের একটি ওয়াকিং বেসমেন্ট ভাড়া হবে। বিএক্স-৪০ এবং বিএক্স ৪২ বাস স্টান্ড সংলগ্ন। যোগাযোগ: ৯১৭-৫৮৭-৯৬১৬
মা-১৫/২২

বাসা ভাড়া

কুইন্স-এর ইস্ট এলমহার্স্ট সংলগ্ন ২৬-৩৬ ৯২ স্ট্রীট ঠিকানায় দুই বেডরুমের একটি বাসা ভাড়া হবে। এক ব্লকের মধ্যে কিউ-৪৯, কিউ-৭২, কিউ-১৯ বাসের যোগাযোগ ব্যবস্থা আছে। যোগাযোগ: ৬৪৬-৮৯৭-৯৮৩৪
মা-১৫/২২

LOOKING

Looking for groom Bride live in Bangladesh Short divorced, Age: 30, Occupation: IT department & completing MBA. Contact: 1 (347)-642-2865
মা-০৮/১৫

রুম ভাড়া

ব্রুকলীনের সি ট্রেন সাবওয়ে এবং শেফাড় এভিনিউর পাশে ৪৩০ এসেক্স স্ট্রীটে সুন্দর, ভদ্র পরিবেশে কর্মজীবি পুরুষদেও জন্য বেড-বি-ছানা সহ পৃথক রুম, কিচেনের সাথে ডাইনিং রুমে চেয়ার-টেবিল ও ইন্টারনেটের সুবিধায় ভাড়া হবে। যোগাযোগ: ৬৩১-২৩০-০২৩০ অথবা ৭১৮-৩৪৮-৮৪২২.
মা-১৫/২২/২৯

আবশ্যক

নিউইয়র্কের ৯১ ফাস্ট এভিনিউতে একটি গ্রোসারী দোকানে কাজের জন্য অভিজ্ঞতা সম্পন্ন লোকের প্রয়োজন। যোগাযোগ: ৬৪৬-২৪৫-০৩৬৫
এ-১২/১৯

বাসা ভাড়া

ওজনপার্কে ড্র স্ট্রীট, গ্লেনমোর এভিনিউ এবং পিটকিন এভিনিউর মাঝখানে তিন রুমের বাসা ভাড়া দেয়া হবে। এক ব্লকের মধ্যে মসজিদ ও স্কুল। কাছেই এ ট্রেনের গ্র্যান্ড এভিনিউ সাবওয়ে।
যোগাযোগ: ৯১৭-৩৩৫-৫৭৯১ অথবা ৩৪৭-৪৫৯-৮৩২৫
মা-০৮/১৫

ডুপ্লেক্স বাসা ভাড়া

জ্যামাইকার হলিসের ৯৪-৩০ ১৯৯ স্ট্রীটে ৩ বেডরুম, লিভিং ও কিচেন এর ডুপ্লেক্স বাসা (বেসমন্টে) ১ মার্চ থেকে ভাড়া হবে। দুটি কার পার্কিং-এর জায়গা, ব্যাকইয়ার্ড এবং একাধিক ক্লোজেট রয়েছে।
যোগাযোগ: ৩৪৭-৯৬৭-৭৪৯৯
মা-০১/০৮

বাসা ভাড়া

জ্যামাইকার ১৬০-১৯ ৮৪ ড্রাইভ-এ গর্জিয়াস দুটি বড় বেডরুম, ওয়াকিং ক্লোজেড, ম্যাসিভ লিভিংরুম, ফুল কিচেন ও ডাইনিং স্পেস, ফুল বাথরুম এবং ব্যাক এন্ট্রেস এর বাসা ভাড়া হবে। আলোচনা সাপেক্ষে গাড়ী পার্কিং এর ব্যবস্থা। ই/এফ ট্রেনের পার্সন্স বুলেভের্ড সাবওয়ে ১০ মিটি হাঁটা পায়ের দূরত্ব এবং ৪ মিনিটের দূরত্বে কিউ৬৫, কিউ২৫ ও কিউ৩৪ বাস স্টপেজ। যোগাযোগ: ১+৯১৭-৮২১-১০১৮ অথবা ১+৯১৭-৭৭০-২৯৬৭
মা-০১/০৮

সেমি বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার হিলসাইড এভিনিউ সংলগ্ন ৮৭ ড্রাইভ ও ১৩৯ স্ট্রীটে রেনোভেটেড ১ বেডরুম, বিগ লিভিংরুম ও ডাইনিং-এর সেমি বেসমেন্ট ভাড়া হবে। এফ ট্রেন সাবওয়ে ৩ মিনিটের দূরত্ব।
যোগাযোগ: ৬৪৬-৫২৫-৭৩১৫
ফে-১৫/২২

আবশ্যক

নিউইয়র্কের জনপ্রিয় চ্যানেল টাইম টেলিভিশন-এর জন্য ভিডিও এডিটিং ও আইটি বিভাগের জন্য অতিসত্বর একাধিক শিক্ষানবীশ এডিটর আবশ্যক। আগ্রহীদের মধ্যে পরবর্তীতে যে বা যারা ভালো করবেন তাদেরকে স্থায়ীভাবে নিয়োগ দেয়া হবে।
যোগাযোগ: ৭১৮-৪৮২-৯৯২৩ অথবা ৭১৮-৪৮২-১১৬৯

পাত্রী চাই

আমেরিকায় বসবাসরত ও প্রতিষ্ঠিত সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান, ৫ ফুট ৬ ইঞ্চি, সুদর্শন, এমবিএ ডিগ্রী-ধারী পাত্রের জন্য পাত্রী চাই।
যোগাযোগ: ৯২৯-৫৩০-৫২৯৩।
ই-মেইল: 3800rahman@gmail.com

স্টারলিং হোমিও কর্ণার ব্রঙ্কস
ডা. বিশ্বজিৎ চৌধুরী

DHMS (BD) BMBS (Ind) NHC (USA)
Homeopathic Consultant
সম্পূর্ণ পার্শ্বপ্রতিক্রিয়া মুক্ত হোমিও ঔষুষের মাধ্যমে নানা প্রকার জটিল রোগ আরোগ্য সাধ্য।
স্বল্পমূল্যে জার্মানী ও আমেরিকান ঔষুধ দ্বারা চিকিৎসা করা হয়
2140 Starling Avenue, Bronx, NY 10462
Ph: 347-595-4631
Mon-Sat. (2pm-8pm)
Sunday Closed

HOUSE FOR SALE

3543 Whillett Avenue,
Bronx, NY 10467
2 FAM, Cash $399,000/-
106-38 Guy R Brewer Blvd.
Jamaica, Queens, NY
One Fam + Store. Cash
$499,000/=
234 East 92nd Street, Brooklyn,
3 Fam, $889,000/= Cash
Call: 917-523-4451
mkskarn@gmail.com

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

সিকিউরিটি ক্যামেরা

আপনার বাসা, অফিস বা কর্মস্থল সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে নিরাপদ করুন।
ঘরে-বাইরে, কাছে-দূরে যেখানেই থাকুন আপনার সম্পদ ফোনের পর্দায় দেখুন।
আমরা সবচেয়ে কম খরচে অল্প সময়ে সিকিরিটি ক্যামেরা লাগাই। আজই যোগাযোগ করুন।
ফোন : 917-455-5308
ইমেইল: techlifeusa@gmail.com
Tech Life USA : 179-51 Hillside AV, Jamaica, NY-11432

কাজী অফিস

(সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত)

কাজী মোঃ বেলাল হোসেন
ইউএস এয়ারফোর্সের অধীনে কুয়েতস্থ আমেরিকান এ্যাম্বাসির প্রাক্তন দোভাষী অফিসার
বর্তমান ইমাম : বাইতুন নূর মসজিদ, ওজপনপার্ক।
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। ইংরেজী, আরবী এবং বাংলায় বিবাহ অনুষ্ঠান পরিচালনা করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা। নিউইয়র্ক সিটির প্রতিটি এলাকায় সেবা প্রদান করা হয়।
যোগাযোগ: 201-839-7579
৮৮-১৯ লিবার্টি এভিনিউ, ওজনপার্ক, নিউইয়র্ক-১১৪১৭

উডসাইডে থ্রী ফ্যামেলী বাড়ি বিক্রি হবে
HOUSE FOR SALE IN WOODSIDE

37-11 59th St, Woodside, NY 11377
Vacant House : 3 Family
Building size: 3,080 sq ft
Building dimensions: 20ft x 52ft
Lot size: 2,483 sq ft
Lot dimensions: 25 ft x 100 ft
3 stories Legal house: 9 Bedrooms, 3 full Baths
Very close to 7 Train station
Parking: Shared driveway, Garage with 2 parking spaces
Zoning district: RSB
Price: If you pay with cash: $1.4 million. If you pay with Mortgage: $1.475 million

Contact the Owner
(718) 600-6058



বাকা'র সভা ও ইফতার পার্টি অনুষ্ঠিত

নিউইয়র্ক: বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন বাকা'র কার্যকরী কমিটির এক সভা গত ২ মে রোববার ব্রঙ্কসের খলিল বিরিয়ানী রেষ্টেরেন্ট এন্ড পার্টি হলে অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি আহবাব চৌধুরী খোকনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সারওয়ার চৌধুরীর সঞ্চালনায় বক্তব্য রাখেন সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি ও কার্যকরী কমিটির সিনিয়ার সদস্য আব্দুল হাসিম হাসনু, বিশিষ্ট সমাজসেবী মামুন রহমান, সহ সভাপতি লোকমান হোসেন লুকু , ফয়ছল আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক মাকসুদা আহমদ, আলমগীর কবির শামীম, সাংগঠনিক সম্পাদক এম ডি আলাউদ্দিন, কোষাধ্যক্ষ শাহ বদরুজ্জামান রুহেল, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক কবি হাবিব ফয়েজী, প্রচার সম্পাদক সোহেল আহমদ, আইন ও আন্তর্জাতিক সম্পাদক আব্দুল হান্নান, স্কুল শিক্ষা ও সমাজকল্যাণ সম্পাদক সালমা সুমি, সহ সাংগঠনিক সম্পাদক চৌধুরী মোমিত তানিম প্রমুখ। সভা শেষে অনুষ্ঠিত হয় ইফতার পার্টি।

সভায় সংগঠনের কার্যক্রমকে গতিশীল করতে বিভিন্ন দ্ধিান্ত নেওয়া হয়। সভায় আগামী জুলাই মাসে সংগঠনের উদ্যোগে ফ্যামেলী গেট টুগেদার পার্টি করার সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় সংগঠনের উদ্যোগে সম্প্রতি অনুষ্ঠিত 'ওয়াক ফর দবির চাচা' মানবিক কর্মসূচী সফল হওয়ায় সবাইকে ধন্যবাদ জানানো হয়। সভায় করোনা ভাইরাস মোকাবেলা করে সংগঠনের কার্যক্রম আবার কিভাবে শুরু করা যায় সে ব্যাপারে আলোচনা করা হয়।

সভায় করোনায় নিহত সকলের রুহের মাগফেরাত কামনা এবং সংগঠনের কার্যকরী কমিটির সিনিয়র সদস্য সৈয়দ ইলিয়াস খসরু সহ অসুস্থ সকলের রোগ মুক্তি কামনা করে মোনাজাত পরিচালনা করেন এম ডি আলাউদ্দিন। এর আগে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন কবি হাবিব ফয়েজী। -প্রেস বিজ্ঞপ্তি।

কুলাউড়ায় মৌলভী-বাজার ডিষ্ট্রিক্ট এসোসিয়েশনের খাদ্য সামগ্রী বিতরণ

নিউইয়র্ক: মৌলভীবাজার ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক'র উদ্যোগে মৌলভীবাজার জেলার ৭টি উপজেলায় পবিত্র রামজান উপলক্ষে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। শাহ্ সৈয়দ রাশীদ আলী ফাউন্ডেশনের সার্বিক তত্বাবধানে কুলাউয়ায় লকডাউনে অসহায় হয়ে পড়া দেড়শ পরিবারকে খাদ্য সামগ্রী গত তিন দিন কুলাউড়ার বিভিন্ন ইউনিয়নে দেয়া হয়। গত ২৯ এপ্রিল, বৃহস্পতিবার কুলাউড়া পৌর শহরসহ উপজেলার বিভিন্ন এলাকায় এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। খাদ্য সামগ্রীর মধ্যে ছিল- ৩ কেজি চাল, ৩ কেজি আলু, ২ কেজি পেঁয়াজ, ১ কেজি লবন, ১ লিটার সয়াবিন তেল, ১কেজি ছোলা, ১ কেজি ডাল, ১ কেজি মসুরি ডাল, আধা কেজি করে রসুন। এসময় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মাও. ফজলুল হক খান সাহেদ, মৌলভীবাজার জেলা পরিষদের সদস্য (নারী) শিরীন আক্তার চৌধুরী মুন্নি, কুলাউড়া ব্যবসায়ী কল্যাণ সমিতির সভাপতি



বদরুজ্জামান সজল, সাংবাদিক মছব্বির আলী, পৌরসভার সংরক্ষিত নারী কাউন্সিলর তাসলিমা সুলতানা মনি, প্রিয় বাংলার সম্পাদক নাজমুল বারী সোহেল, রাশিদ আলী ফাউন্ডেশনের সদস্য পারুল মিয়া ও হাসিনা আক্তার ডলি, আলী আমজদ উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক সৈয়দ মোহাম্মদ আলী, লংলা রাশিদিয়া শমসেরিয়া হাফিজিয়া মাদরাসার শিক্ষক হাফিজ আব্দুর নুর ও হাফিজ আব্দুল মতিন, শ্রমিক নেতা শফিকুর রহমান, লাল সবুজ উন্নয়ন সংঘ মৌলভীবাজার শাখার সভাপতি আজহার মুনিম শাফিনসহ ফাউন্ডেশনের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে শাহ্ সৈয়দ রাশীদ আলী ফাউন্ডেশনের উপদেষ্টা মোক্তাদির হোসেন বলেন, বর্তমানে লকডাউনের প্রভাবে অনেক শ্রমজীবি মানুষ কর্মহীন হয়ে পড়েছেন। তারা তাদের পরিবারের সদস্যদের নিয়ে মানবেতর জীবন-যাপন করছেন। তাই সেসব মানুষ থেকে দেড়শ পরিবারকে বাছাই করে রমজানের খাদ্য সামগ্রী দেওয়া হয়।

যাদের অক্লান্ত পরিশ্রমে কুলাউড়ায় খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন এসোসিয়েশনের সভাপতি ফজলুর রহমান ফজলু ও সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান। -প্রেস বিজ্ঞপ্তি।

ঈদের দিনেও খোলা থাকবে খলিল বিরিয়ানী হাউস

(শেষের পাতার পর)

জানিয়েছেন কর্তৃপক্ষ। এছাড়া ঈদের আগের চাঁদ রাতেও থাকবে বাহারি খাবারের ব্যবস্থা। বাদ মাগরিব থেকে দোকানের সামনে পাওয়া যাবে চটপটি, ফুচকা, কাবাব, নান সহ রকমারী খাবার।

প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী শেফ খলিলুর রহমান বাংলা পত্রিকাকে জানান, এবারেই প্রথম আমার কাস্টমারদের অনুরোধে সাড়া দিয়ে ঈদের দিনেও রেস্টুরেন্ট খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছি। আমার কস্ট হলেও কাস্টমারদের অনুরোধ আমি এড়াতে পারিনি। কারণ অনেকেই পরিবার পরিজন ছাড়া এই প্রবাসে ব্যাচেলর জীবন যাপন করছেন। তারা আমার দোকানের নিয়মিত ক্রেতা। তাদের দিকটাও আমাকে বিবেচনায় এনে ঈদের দিনে দোকান খোলা রাখার সিদ্ধান্ত নিতে হয়েছে। ঈদের নামাজের পর থেকেই সারাদিন দোকান খোলা থাকবে। পাওয়া যাবে হরেক রকম বিরিয়ানী, রোস্ট পোলাও সহ রকমারী খাবার। থাকবে নিজস্ব কারিগরের হাতে তৈরি নানারকম মিস্টি ও দই।

খলিলুর রহমান আরো জানান, আগে থেকে অর্ডার দিলে ঈদের দিনেও ক্যাটারিং অর্ডার সরবরাহ করা যাবে।

CHEF WANTED
শেফ আবশ্যক
জরুরী ভিত্তিতে একজন দক্ষ শেফ আবশ্যক। বাফেলোতে মনোরম পরিবেশে নতুন রেষ্টুরেন্টে কাজ করার জন্য, কারী, তান্দুর অভিজ্ঞতা সম্পন্ন । অতী সত্বর যোগাযোগ করুন।
করিম: (917) 435-7084

টাইম ইনকাম ট্যাক্স সার্ভিসেস
• ট্যাক্স সার্ভিসেস
• নির্ভূল ট্যাক্স ফাইলিং
• নূন্যতম ফি
আইআরএস অনুমোদিত e-file
Our Services
> Individual Tax / Business Tax
> Self-employed Tax Include Taxi Driver & Vendor
> Corporate Tax/partnership Tax
> Small Business/vendor License, Individual tax ID Application.
Immigration
> Asylum/Citizenship application
> Petition for Relative/Affidavit of support
> Green Card / Work Authorization Renew
> Re-Entry Permit / travel Documents
All Kinds of Immigration Services
Kaysar Rahman, Tax Practitioner
37-50 74th St, 1st FL, Jackson Heights, NY 11372
Tel: 718-708-2456 Email: timetax2019@gmail.com

কাজী অফিস
নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত কাজী
ইমিগ্রেশন ও সিটির ল' মুতাবিক ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়। সহীহ ও সুন্নতী তরিকাহ বিবাহ পড়ানো হয় এবং সাক্ষীর ব্যবস্থা করা হয়। সব সময় খোলা। ইংরেজী অথবা বাংলায় বিবাহ অনুষ্ঠান পরিচালনা হয়।
Cell: 347-527-6438
ইমাম জুবাইর রাশিদ
সানিসাইড মুসলিম সেন্টার
৩৯-১৮ ৪৭ এভিনিউ, সানিসাইড, কুইন্স, নিউইয়র্ক ১১১০৪
Email:abuljubayer@gmail.com

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়
নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

মুসলিম কাজী অফিস
Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

মুসলিম কাজী অফিস
নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত
কাজী মাওলানা ওবায়দুল হক
ইমাম ও খতিব পার্কচেষ্টার ইসলামিক সেন্টার
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা।
পরামর্শের জন্য যোগাযোগ করুন ৩৪৭-৩২০-৭২১৮
13-75 Virginia Avenue, Bronx, New York 10462

MATRIMONIAL SERVICE
কাজী অফিস (NYC Registered)
GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444

عيد مبارك

EID MUBARAK ঈদ মুবারক

আমেরিকান মুসলিম সেন্টারের পক্ষ থেকে সকল মুসলিম ভাই/বোনদের জানাচ্ছি ঈদুল ফিতর এর শুভেচ্ছা

BIG EID JAMAT

PLACE

RUFUS KING PARK

150-29, Jamaica Ave, NY 11435
(Between 89 & Jamaica Ave)

DATE

12/13 MAY 2021
(Subject to moon sighting)

TIME

1ST JAMAT - 8:30AM || 2ND JAMAT - 10AM

Special arrangement for Sisters

Wear Mask • Bring your Prayer Rug

IN CASE OF RAIN ALL JAMATS WILL BE HELD IN THE MASJID

Please donate generously for Masjid & Madrasa

মসজিদ ও মাদ্রাসার সার্বিক উন্নয়নে মুক্ত হস্তে দান করুন

American Muslim Center
TAHERA AL-QURAN ACADEMY
89-14, 150 St, Jamaica, NY 11435 718-864-7729, 929-361-0609, 347-575-1110
amcusa150@gmail.com www.amcdawa.org facebook.com/americanmuslimcenterofficial

Courtesy by:

GOLDEN AGE HOME CARE

Shah Nawaz MBA
President & CEO
Phone: 646-591-8396
www.goldenagehomecare.com

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে প্রয়োজন পর্যাপ্ত বাজেট -রাষ্ট্রদূত রাবাব ফাতিমা



নিউইয়র্ক: জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত শান্তিরক্ষা মিশনসমূহের বাজেট সেশনে গত ৩ মে সোমবার প্রদত্ত বক্তব্যে শান্তিরক্ষা কার্যক্রমের জন্য পর্যাপ্ত বাজেট বরাদ্দের উপর জোর দেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। এসময় তিনি বলেন, শান্তিরক্ষা মিশনসমূহের উপর অর্পিত বহুমূখী দায়িত্ব যথাযথভাবে পরিপালনের জন্য পর্যাপ্ত ও টেকসই শান্তিরক্ষা বাজেট প্রয়োজন এবং মিশনসমূহ যথোপযুক্ত বাজেট পেল কিনা তাও নিশ্চিত করা জরুরি। শান্তিরক্ষা মিশনে সৈন্য ও পুলিশ প্রেরণকারী দেশগুলো যাতে তাদের শান্তিরক্ষী ও সাজ-সরঞ্জাম মোতায়েনের অর্থ যথাসময়ে পায় তা নিশ্চিত করার প্রয়োজনীয়তার উপর জোর দেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির ইফতার বিতরণ

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র রমজান উপলক্ষ্যে এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ ইনক আব-ারও ইফতার বিতরণ করেছে। ষ্টেট সিনেটর মাইকেল জেনারিস ও ষ্টেট অ্যাসেম্বলীম্যান জোহরান কে মাদানীর সহযোগিতায় শতাধিক মানুষের মাঝে গত ১ মে শনিবার ইফতারী বক্স বিতরণ করা হয়।

এস্টোরিয়ার ৩৬ এভিনিউস্থ সংগঠনের অস্থায়ী কার্যালয়ের সামনে এই ইফতার সামগ্রী বিতরণ করা হয়। এসময় এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির অন্যতম উপদেষ্টা দেওয়ান শাহেদ চৌধুরী, সাধারণ সম্পাদক মোঃ জাবেদ উদ্দীন সহ নূরুল হক, কাজী গোলাম জিলানী, কাজী আজম, শেখ ফখরুল ইসলাম, কাওসার আহমেদ, শিপলু আহমেদ, আলমগীর হোসেন, লিটন আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।



পবিত্র রমজান মাসব্যাপী সপ্তাহের প্রতি শনিবার ইফতার বিতরণ কর্মসূচী অব্যাহত থাকবে বলে মোঃ জাবেদ উদ্দীন জানান।

উল্লেখ্য, আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণের বিশেষ কর্মসূচী নেয়া হয়েছে। আগামী ১১ মে মঙ্গলবার বিকেল সাড়ে ৩টায় এস্টোরিয়ার ৩৬ এভিনিউ ও ২৯ স্ট্রীটের কর্নারে এই ঈদ সামগ্রী বিতরণ করা হবে। এই কর্মসূচী বাস্তবায়নে প্রবাসের অন্যান্য সংগঠনের সার্বিক সহযোগিতা কামনা করেছেন মোঃ জাবেদ উদ্দীন।





সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টোর শাড়ী ঘর



Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়

শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভূল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।

Phone: 347- 621- 4940,718-300-7429

1217 White Plains Road , Bronx , NY 10472



ফাহাদ সোলায়মানের ইফতার পার্টি

নিউইয়র্ক (ইউএনএ): কমিউনিটির পরিচিত মুখ, জেবিবিএ'র এবং ফাউমা ইনোভেটিভ ও আল চয়েজ এনার্জির পরিচালক ফাহাদ সোলায়মানের উদ্যোগে পবিত্র রমজান উপলক্ষ্যে ইফতার পার্টি অনুষ্ঠিত হয়েছে। গত ৩ মে সোমবার সিটির কুইন্স প্যালেসে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ধর্মীয় ভাব গাম্ভীর্য আর সৌহার্দ্য-সম্প্রীতির আলোকে অয়োজিত এই ইফতার পার্টিতে নিউইয়র্ক ষ্টেট অ্যাসেম্বলীওম্যান ক্যাটেলিনা ক্রুজ ও জেসিকা গঞ্জালেস, কুইন্স বরো প্রেসিডিন্ট ডোনাবান রিচার্ড, সিটি কাউন্সিলম্যান প্রার্থী ব্রেল্ট ও লিয়ারি, ইনগ্রিড গোমেজ, শেখর কৃষ্ণা সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ, বিভিন্ন মিডিয়ার সম্পাদক-সাংবাদিক, ডাক্তার, রাজনীতিক, ব্যবসায়ী, শিল্পী উপস্থিত ছিলেন। খবর ইউএনএ'র।

ব্যাতিক্রমী এই অনুষ্ঠানে আগত অতিথিদের স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন ফাহাদ সোলায়মান। এবং বিশেষ দোয়া পরিচালনা করেন মুফতি ইসমাইল। দোয়ায় মহামারী করোনায় মৃত্যুবরকারীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং আক্রান্তদের আশু রোগমুক্তি সহ করোনামুক্ত বিশ্ব কামনা করা হয়।

ফাহাদ সোলায়মান তার বক্তব্যে উপস্থিত সবাইকে পবিত্র রমজান ও আসন্ন ঈদুলর ফিতরের শুভেচ্ছা জানিয়ে বলেন, নিউইয়র্ক তথা আমেরিকা এখন আমাদের দেশ। সবাইকে নিয়েই আমাদের এগিয়ে যেতে হবে। মূলধারার সাথে বাংলাদেশীদের সম্পর্ক আরো জোরদার করতে হবে।

ডোনাবান রিচার্ড সবাইকে পবিত্র রমজানের শুভেচ্ছা জানিয়ে বলেন, আমেরিকা অভিবাসীদের দেশ। নিউইয়র্কের কুইন্স বিশ্বের সকল দেশের প্রতিনিধিত্ব করে। আমরা কুইস নিয়ে গর্ব করতে পারি। কুইন্সকে এগিয়ে নিতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি ফাহাদ সোলায়মানের কর্মকান্ডের প্রশংসা করে বলেন, বাংলাদেশী কমিউনিটিকে এগিয়ে নিতে হলে তার মতো যোগ্য নেতার প্রয়োজন।

ক্যাটেলিনা ক্রুজ তার শুভেচ্ছা বক্তব্যে সবাইকে রমজান ও ঈদের আগাম শুভেচ্ছা জানান।

জেসিকা গঞ্জালেস বলেন, আমি ভিন্ন ধর্মের মানুষ হলেও এই পার্টিতে আসবো বলে পরিত্র রমজানের সম্মানে রোজা রেখেছি। তিনি বলেন, ধর্মের মধ্যে কোন বিভেদ নেই।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে জনপ্রিয় সঙ্গীত শিল্পী বেবী নাজনীন ও প্রধানমন্ত্রীর সাবেক উপ প্রেস সেক্রেটারী আশরাফুল আলম খোকন, সহ বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহীম হাওলাদার ও সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী, কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী, ডা. চৌধুরী সরোয়ারুল হাসান, যুক্তরাষ্ট্র জাতীয় পার্টির সভাপতি হাজী আব্দুর রহমান, জেবিবিএ'র সভাপতি শাহ নেওয়াজ, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট নূর ইসলাম বর্ষণ, কাজী সাখাওয়াত হোসেন আজম, আহসান হাবীব, শাহ শহীদুল হক, হাসান জিলানী, বিশিষ্ট ব্যবসায়ী আসেফ বারী টুটুল, কামরুজ্জামান বাচ্চু, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক আবুল কাশেম ও সাধারণ সম্পাদক আশরাফুজ্জামান, শো টাইম মিউজিক-এর আলমগীর খান আলম, সঙ্গীত শিল্পী চন্দন চৌধুরী, রানো নেওয়াজ, কামরুজ্জামান বকুল, চন্দ্রা রায় প্রমুখ উপস্থিত ছিলেন।

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD AIRWAYS | SAUDIA | QATAR AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AA American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
□ Low Closing Cost □ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO CPA

সাঈদ তারেক-এর কলাম

কোন পাপে!



নানাবিধ ভোগ-বিলাসে মত্ত বিত্তবান এবং শহুরে আরাম আয়েশে মগ্ন মধ্যবিত্ত শ্রেণীর একদল উন্নাসিক মনে করেন
(বাকি অংশ ৪২ পাতায়

চাঁদ দেখা সাপেক্ষে ১২ অথবা ১৩ মে ঈদুল ফিতর

ঈদ জামাত কখন কোথায়

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র মাহে রমজানের শেষে শাওয়াল মাসের চাঁদ দেখা সাপেক্ষে উত্তর আমেরিকায় আগামী ১২মে, বুধবার অথবা ১৩মে, বৃহস্পতিবার পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হবে। বিশ্বের যেকোন স্থানে মুসলমানরা চাঁদ দেখে রোজা রাখা শুরু করেন এবং চাঁদ দেখে ঈদুল ফিতর উদযাপন করেন। এবার গত ১৩ এপ্রিল থেকে পবিত্র মাহে রমজান শুরু হয়েছিল। করোনাভাইরাসের কারণে গত বছর খোলা মাঠে ঈদের জামাত অনুষ্ঠিত না হলেও চলতি বচর পরিবর্তিত পরিস্থিতিতে এবং সিডিসি'র স্বাস্থ্য নির্দেশনা মেনেই আয়োজন করা হচ্ছে ঈদ জামাত। এজন্য বিভিন্ন মসজিদ ও ইসলামিক সেন্টারের উদ্যোগে নেয়া হয়েছে ব্যাপক প্রস্তুতি। নিউইর্কে ঈদের জামাত কখন কোথায় তার সংক্ষিপ্ত সময়সূচী (বাকি অংশ ০৬ পাতায়)



কৃষিপণ্যে জাকাতের বিধান

মুফতি তাজুল ইসলাম

ধর্মপ্রাণ মুসলিমদের বড় একটি অংশ কৃষিপণ্যের জাকাত নিয়ে সংশয় পোষণ করে। (বাকি অংশ ৪২ পাতায়)

হারানোর ৬ মাস পর জঙ্গল থেকে উদ্ধার

বাংলা পত্রিকা ডেস্ক: ছয় মাস আগে যুক্তরাষ্ট্রের ইউটাহ রাজ্যের এক জঙ্গলে হারিয়ে যান এক নারী। অবশ্য হারিয়ে যাওয়ার পর ৪৭ বছর বয়সী ওই নারী কী মনে করে আর ফিরে যাওয়ার চেষ্টা করলেন না সভ্য জগতে। নিজের স্বজনদের খোঁজাও (বাকি অংশ ৩৭ পাতায়)

কামাল-খায়ের-বাকের সহ মরহুম কর্মকর্তাদের জন্য বাংলাদেশ সোসাইটির দোয়া


বাংলা পত্রিকা রিপোর্ট: গত বছর করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী বাংলাদেশ সোসাইটির সভাপতি মরহুম কামাল আহমেদ, সহ সভাপতি আবুল খালেক খায়ের ও কার্যকরী সদস্য বাকির আজাদ সহ মরহুম কর্মকর্তাদের স্মরণে কোরআন খতম, বিশেষ দোয়া ও ইফতার মাহফিল (বাকি অংশ ৬ পাতায়)



বাংলাদেশ সোসাইটির ইফতার মাহফিলে মোনাজাত করছেন ইমাম মির্জা আবু জাফর বেগ।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির ইফতার বিতরণ

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র রমজান উপলক্ষ্যে এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ ইনক আবারও ইফতার বিতরণ করেছে। জাকাত ফাউন্ডেশন ইউএসএ'র (বাকি অংশ ১২ পাতায়)



রিজু মোহাম্মদের ভাই এম সিন উদ্দিনের ইন্তেকাল

নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ, সংগঠক, তরুণ ও উদীয়মান মিডিয়া কর্মী, এবিটিভির'র সিইও এবং বাংলাদেশ সোসাইটি ইনক'র প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ-এর ভাই (বাকি অংশ ৬ পাতায়)

দেশে অর্থ প্রেরণের হিড়িকঃজ্যাকসন হাইটসের দেশী ওয়ার্সে ছলছে বিশেষ ছাড়



সোনালী এক্সচেঞ্জে বাংলাদেশে টাকা পাঠানোর লাইন

জমে উঠেছে ফুটপাতের ঈদের বাজারও

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র ঈদুল ফিতরের আর মাত্র কয়েকদিন বাকী। জমে উঠেছে ঈদের বাজার। ঈদের বাজার নিয়ে ব্যস্ত দোকানীরা। পাশাপাশি জমে উঠেছে প্রবাসী বাংলাদেশীদের কেনা কাটা। ঈদুল ফিতর ঘিরে নিউইয়র্কে বাংলাদেশী অধ্যুষিত জ্যামাইকা, জ্যাকসন হাইটস, ব্রুকলীন ও ব্রঙ্কসে চলছে ঈদের নতুন পোষাক আর ঈদ (বাকি অংশ ৬ পাতায়)

নিউইয়র্কে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক সিটিতে বেড়েই চলেছে চুরি, ছিনতাইসহ নানা অপরাধ। বছরের শুরুর দিকে পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে থাকলেও মার্চ-এপ্রিল মাসে অপরাধ বেড়েছে আশংকাজনক হারে। (বাকি অংশ ১২ পাতায়)

টাইমস স্কয়ারে বন্দুকধারীর হামলা

শিশু-সহ আহত ৩

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের জনপ্রিয় পর্যটনস্থল টাইমস স্কয়ারে এলোপাতাড়ি গুলি চালানো)হয়েছে। শনিবারের (৮ মে) এই ঘটনায় বন্দুকধারীদের হামলায় এক শিশুসহ দুজন নারী আহত হয়েছেন।(বাকি অংশ ৪২ পাতায়)

হেলথ টিপস

ঈদে মেহেদী ব্যবহারে সাবধানতা

ডা. জেসমিন আক্তার লীনা

মেহেদী একটি অতি পরিচিত নাম। বাংলা সাহিত্য বা কবিতায় এর বহুমাত্রিক ব্যবহার লক্ষ করা যায়। প্রকৃত অর্থে মেহেদী একটি রং। যা বাহ্যিক (বাকি অংশ ৪২ পাতায়)

খেলার খবর

যুক্তরাষ্ট্রে পাড়ি জমাচ্ছেন শতাধিক পাকিস্তানী ক্রিকেটার!

স্পোর্টস ডেস্ক: পাকিস্তান ছেড়ে গত বছর যুক্তরাষ্ট্রে পাড়ি জমিয়েছেন ওপেনার সামি আসলাম। পাকিস্তানের হয়ে ১৩ টেস্ট, ৪ ওয়ানডে (বাকি অংশ ৪২ পাতায়)

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে (বাকি অংশ ৩৮ পাতায়

প্রেসক্লাব কর্মকর্তা ও সদস্যদের প্রতি ইলিয়াস খসরুর কৃতজ্ঞতা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব কর্মকর্তা ও সদস্যদের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন ক্লাবের কার্যকরী সদস্য এবং টাইম টেলিভিশন-এর পরিচালক (বিজ্ঞাপন) সৈয়দ ইলিয়াস খসরু। চরম দুর্দিন ও অসুস্থতায় (বাকি অংশ ১২ পাতায়)

ঈদের দিনেও খোলা থাকবে খলিল বিরিয়ানী হাউস



বাংলা পত্রিকা রিপোর্ট: এবারের পবিত্র ঈদুল ফিতরের দিনেও খোলা থাকবে ব্রঙ্কসের খলিল বিরিয়ানী হাউস। থাকবে নানা রকম মুখরোচক খাবারের আয়োজন। কাস্টমারদের অনুরোধে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে (বাকি অংশ ৪৪ পাতায়)

যুক্তরাষ্ট্রের টুকরো খবর

ট্রাম্পের উপর ফেসবুকের নিষেধাজ্ঞা বহাল

বাংলা পত্রিকা ডেস্ক: সহিংসতায় উসকানি দেওয়ার অভিযোগে বিগত নির্বাচনের সময় যুক্তরাষ্ট্রের তৎকালীন (বাকি অংশ ৪২ পাতায়)

J.K. GAIN MULTISERVICES
A company you can trust ....
• Tax Services
• Life Insurance
• Health Insurance
• Auto Insurance
• Home Insurance
• Business Insurance
• TLC Insurance
• DDC. (6 hrs.)
MassMutual
LOW COST GUARANTEE
Authorized e-file Provider
Notary Public
Jaydeb Gain
ছয় ঘন্টার ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স
10% Insurance Cost Deduction
Up to 4 points Removal
Tel: 347-536-5107
41-15 75th Street, Suite 2
Elmhurst, NY 11373
Email: gain_jaydeb@yahoo.com
www.JKGainMulti.com

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সবনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা ৬৪৯+ Tax
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃ ষ্ঠায় দেখু ন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
(বিস্তারিত ৫১ পাতায়)

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রের অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
BRITISH AIRWAYS
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com